Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

NB 1.2

শ্রীউমাশঙ্কর সরকার

No. ......
Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 11318
... Ashram
BANARAS

কমলা বক্তৃতামালা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 11/318
...yee Ashram
...RAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কমলা দেবী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কমলা বক্তৃতামালা — — — — —

বুদ্ধ

উ নু

11318

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৬১

টাকা ৩.৫০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRINTED IN INDIA

PRINTED AND PUBLISHED BY SIBENDRANATH KANJILAL,
SUPERINTENDENT, CALCUTTA UNIVERSITY PRESS,
48, HAZRA ROAD, BALLYGUNGE, CALCUTTA.

2044 B—November, 1961—A

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

No.
Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



স্যার আশুতোষ মুখোপাধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

FOUNDER'S LETTER

77, Russa Road North
Bhowanipore
Calcutta.
9th February, 1924

To

The Registrar,

Calcutta University.

Sir,

I desire to place at the disposal of my University Government Securities for Rupees Forty Thousand only of the 3 per cent. Loan with a view to establish a lectureship, to be called the *Kamala Lectureship,* in memory of my beloved daughter Kamala (*b.* 18th April, 1895,—*d.* 4th January, 1923). The Lecturer, who will be annually appointed by the Senate, will deliver a course of not less than three lectures, either in Bengali or in English, on some aspect of Indian Life and Thought the subject to be treated from a comparative standpoint.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

The following scheme shall be adopted for the lectureship :

(1) Not later than the 31st March every year, a Special Committee of five members shall be constituted as follows :

One member of the Faculty of Arts to be nominated by the Faculty.

One member of the Faculty of Science to be nominated by the Faculty.

One member to be nominated by the Council of the Asiatic Society of Bengal.

One member to be nominated by the Bangiya Sahitya Parishad.

One member to be nominated by the Founder or his representatives.

(2) The Special Committee after such enquiry as they may deem necessary, shall, not later than the 30th June, draw up a report recommending to the Senate the name of a distinguished scholar. The report shall specify the subject of the proposed lectures and shall include a brief statement of their scope.

(3) The report of the Special Committee shall be forwarded to the Syndicate in order that it may be laid before the Senate for confirmation not later than the 31st July.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(4) The Senate may for specified reasons request the Special Committee to reconsider their decision but shall not be competent to substitute another name for the one recommended by the Committee.

(5) The Lecturer appointed by the Senate shall deliver the lectures at the Senate House not later than the month of January next following.

(6) The Syndicate shall, after the lectures are delivered in Calcutta, arrange to have them delivered in the original or in a modified form in at least one place out of Calcutta, and shall for this purpose pay such travelling allowance as may be necessary.

(7) The honorarium of the Lecturer shall consist of a sum of Rupees One Thousand in cash and a Gold Medal of the value of Rupees Two Hundred only. The honorarium shall be paid only after the lectures have been delivered and the Lecturer has made over to the Registrar a complete copy of the lectures in a form ready for publication.

(8) The lectures shall be published by the University within six months of their delivery and after defraying the cost of publication the surplus sale proceeds shall be paid to the Lecturer, in whom the copyright of the lectures shall vest.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(9) No person, who has once been appointed a Lecturer shall be eligible for re-appointment before the lapse of five years. *

Yours faithfully,
ASUTOSH MOOKERJEE.

---

* The munificent offer was thankfully accepted by the Senate on the 23rd February, 1924.

On the suggestion from Mr. Ramaprasad Mookerjee, M.A., B.L., Dr. Syamaprasad Mookerjee, M.A., B.L., D.Litt., Barrister-at-Law, M.L.A., Mr. Umaprasad Mookerjee, M.A., B.L., and Mr. Bamaprasad Mookerjee, sons of the Donor, the following modifications were made, in the rules governing the Lectureship, by the Senate on the 12th December, 1936 :—

(*i*) The Lecturer be appointed every alternate year.

(*ii*) In Rule 1 of the scheme, the words "every year" after "the 31st March," be *replaced* by the words "of the year of appointment of the Lecturer."

(*iii*) In Rule 5 of the scheme. *insert* "his appointment" at the end.

(*iv*) In Rule 7, "Rupees One Thousand" be *replaced* by the words "Rupees Two Thousand" and the following sentence be *inserted* at the end of the rules—

"The balance of the income of the Endowment be added to the corpus of the Fund."

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PREFACE

It was indeed very gracious of the Hon'ble U Nu to accept our invitation to deliver the Kamala Lectures for the year 1943, and fulfil his assignment much earlier than we had expected of one like him who has to carry on his shoulders burden of woes and worries of millions of people in his own land and outside. We of the University of Calcutta have, therefore, reason to be grateful to him.

There is one more reason why we should feel doubly grateful to him. An intensely devout follower in life, thought and action of the Lord Buddha and his way of life, U Nu chose to speak to us on the life of the Master and his teachings. The four lectures that go to make this book were originally delivered in English. But at the same time he wanted us to have these lectures translated and published in book form in as many as five major Indian languages: Bengali, Hindi, Marathi, Gujarati and Tamil, to which end he made over to this University an amount of Rs. 10,724 only. The University accepted both, his noble suggestion and his gracious gift.

The original English version of the lectures and the translations in the five major Indian languages, as suggested by U Nu himself, are being released almost simultaneously, each in the form of an independent book. The Bengali translation was undertaken and carried out on

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

behalf of the University, by Sri Heramba Chakravarti, Lecturer in Bengali, Bangabasi College, the Hindi by Sri Krishnabihari Misra, the Marathi by Sri Sripad R. Tikekar, Author and Journalist of Bombay, the Gujarati by Sri Yashovantrai Shukla, Principal, H. K. Art College, Ahmedabad, and the Tamil by Sri P. S. Varadaraja Aiyer whose services were made available to us through the courtesy of the Bharathi Tamil Sangham of Calcutta. To each one of them the University extend their thankfulness and gratitude. The work of printing of the original English version and the Bengali translation was carried out at the Calcutta University Press, the Hindi translation at the Globe Printers, Calcutta, the Marathi translation at the Karnatak Printing Press, Bombay, the Gujarati at the Kumar Karyalaya, Ahmedabad, and the Tamil at the Propancha Jyothi Printing Press, Madras. To all these establishments our thanks are due.

U Nu prefaced his lectures by saying that he was not a professional scholar and that he was speaking for the average intelligent reader or listener, and not for scholars and specialists. I am sure it was an expression of deep humility that characterises his personality, but at the same time I have no doubt that these lectures will be appreciated as deeply by scholars and specialists as by the average reader.

5th July, 1961. SUBODH MITRA

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

পৃ.

প্রথম ভাষণ

বুদ্ধ ১-৪১

দ্বিতীয় ভাষণ

ধম্ম (ধর্ম) ৪২-৭০

তৃতীয় ভাষণ

সঙ্ঘ ৭১-১০৪

চতুর্থ ভাষণ

পরিনির্বাণান্তর বৌদ্ধধর্ম ১০৫-৩৬

পরিশিষ্ট 'ক'

সঙ্ঘ-সম্বন্ধীয় তৃতীয় ভাষণ : সীমা ১৩৭-৪৪

পরিশিষ্ট 'খ'

সঙ্ঘ-সম্বন্ধীয় তৃতীয় ভাষণ : গরুধম্ম (গুরু ধর্ম)
(ভিক্ষুণীদের প্রতিপাল্য অষ্টনীতি) ১৪৫-৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Ashram

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উ নু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Sri Sri Anandamayee Ashram
BANARAS

প্রথম ভাষণ

বুদ্ধ

পটভূমি

বুদ্ধ সম্বন্ধে কিছু বলিতে হইলে পাঠককে বিষয়বস্তুর মধ্যে সহজ অনুপ্রবেশ করাইবার জন্য পটভূমির কিঞ্চিৎ বর্ণনা আবশ্যক বলিয়া মনে করি।

মানবজাতি এবং আমাদের দৃষ্টিগোচর অপরাপর জীবন্ত প্রাণী ছাড়াও পৃথিবীতে বহুবিধ প্রাণী আছে। বৌদ্ধশাস্ত্র মতে সমগ্র বিশ্বে নিম্নোক্ত পর্যায়ের প্রাণিসমূহ বাস করে ঃ—

১। ব্রহ্মা অর্থাৎ উচ্চতর আধ্যাত্মিক জীব।

২। দেব অর্থাৎ নিম্নতর আধ্যাত্মিক প্রাণী।

৩। মানব অর্থাৎ ইহলোকের মননশীল প্রাণী।

৪। জীবজন্তু অর্থাৎ পশুপক্ষী কীটপতঙ্গ সরীসৃপাদি প্রাণী।

৫। পেত (প্রেত) অর্থাৎ অশরীরী আত্মা। ইহারা নিরন্তর দুঃখে নিপতিত।

৬। অসুরক অর্থাৎ পতিত দুঃখময় আধ্যাত্মিক জীব।

৭। নেরয়িক অর্থাৎ অস্তিত্বের নিম্নতম স্তরের অধিবাসী নারকীয় জীব।

এই সমস্ত জীব জন্মগ্রহণ করিয়া নির্দিষ্ট জীবৎকালের অবসানে মৃত্যুমুখে পতিত হয়। মৃত্যুদ্বারা তাহাদের অস্তিত্বের চরম অবসান ঘটে না। ব্রহ্মা বা উচ্চতর আধ্যাত্মিক জীবগণ মৃত্যুর পর দেব (অর্থাৎ নিম্নতর আধ্যাত্মিক প্রাণী) অথবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানবরূপেও পুনর্জন্ম লাভ করিতে পারে। আবার দেবজন্ম বা মানবজন্ম পরিহার করিয়া তাহারা পশু, প্রেত, অসুরক বা নেরয়িক রূপেও জন্মিতে পারে। দেব, মানব, অসুর প্রভৃতি জীবগণ, এমন কি নারকীয় জীবেরাও, একজন্মে ভাল বা মন্দ কাজ সম্পাদন করিয়া মৃত্যুর পরে উচ্চ বা নীচ স্তরে জন্ম পরিগ্রহ করিতে পারে। মৃত্যুতে সব শেষ হয় না, জীবমাত্রকেই পুনর্জন্ম গ্রহণ করিতে হয়।

ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া নেরয়িক পর্যন্ত সমস্ত জীবকেই যে পুনঃপুনঃ জন্মগ্রহণ করিতে হয় এবং বার্ধক্য, রোগ ও মৃত্যুর অধীন হইতে হয়, ইহাই ভয়ঙ্কর দুঃখ।

যদি কদাচিৎ কখনও কোন বুদ্ধের জ্ঞানের আলো প্রকাশ পায় শুধু তখনই এই সমস্ত জীব 'ধম্ম' শ্রবণের সুযোগ পায়। এই 'ধম্ম'ই এত সব দুঃখের নিরোধ করিতে পারে। কেবল তখনই তাহারা ধর্মানুসারে জীবনচর্চা করিয়া বার্ধক্য, রোগ ও মৃত্যুর দুঃখ এড়াইতে পারে। বুদ্ধের পরিনির্বাণের পর কিছুকাল ধর্মও অন্তর্হিত হয়, তাহার পর নবতর বুদ্ধ যখন বোধিলাভ করেন কেবল তখনই ধর্মের পুনরাবির্ভাব ঘটে।

তাই যাঁহাদের প্রকৃতিতে অপরিমেয় করুণা তাঁহারাই প্রাণিজগৎকে দুঃখের হাত হইতে মুক্ত করিবার উদ্দেশ্যে বুদ্ধত্ব অর্জনের সংকল্প গ্রহণ করেন। তাঁহারা অবশ্য শুধু সংকল্প-গ্রহণের দ্বারাই বুদ্ধ হইতে পারেন না। সংকল্প গ্রহণ করার পর তাঁহারা উদ্দেশ্যসিদ্ধির জন্য সর্বতোভাবে আত্মনিয়োগ করিবেন এবং অসংখ্য জন্মজন্মান্তরের মধ্যেও সংকল্পটি রক্ষা করিয়া চলিবেন। দৃষ্টান্তস্বরূপ বলা যাইতে পারে যে, যদি কেহ করুণাবশে মানুষের রোগযন্ত্রণা নিরাময় করিতে ইচ্ছা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন তাহা হইলে তিনি প্রথমতঃ চিকিৎসক হইবার সংকল্প করিবেন; কিন্তু সংকল্প করিলেই তিনি ডাক্তার হইয়া উঠিবেন না। ডাক্তার হইবার পূর্বে তাঁহাকে কয়েক বৎসর ধরিয়া কঠিন শিক্ষাব্রত অবলম্বন ও পাঠাভ্যাস করিতে হইবে।

যাঁহারা বুদ্ধত্ব অর্জনের অভিলাষী তাঁহাদিগকে দশটি প্রধান দায়িত্ব পালন করিতে হইবে। পালি ভাষায় উহাকে 'দস পারমী' বলে।

১। সর্বস্ব-সমর্পণ—অর্থাৎ নিজের ধনসম্পত্তি, পুত্রকন্যা-জায়া এমন কি নিজের জীবন পর্যন্ত দান করিতে হইবে। ইহার নাম দান পারমী।

২। অসৎ-বর্জন—অন্যায় কাজ ও অসত্য ভাষণ হইতে সাবধান হইতে হইবে। ইহাকে বলে সীল পারমী (শীল)।

৩। সংসার-ত্যাগ—জাগতিক জীবন পরিহার করিতে হইবে। ইহা নেক্‌খম পারমী (নৈষ্ক্রম্য)।

৪। জ্ঞানার্জন—লোকহিতকর জ্ঞান অর্জন করিয়া উহা-দ্বারা জনকল্যাণ বিধান করিতে হইবে। ইহা পঞ্‌ঞা পারমী (প্রজ্ঞা)।

৫। শক্তিনিয়োগ—জীবের সুখ ও কল্যাণের জন্য যথাশক্তি চেষ্টা করা। ইহার নাম বিরিয় পারমী (বীর্য)।

৬। ধৈর্যধারণ—সর্বাবস্থায় ধৈর্যধারণ করিয়া ক্ষমাশীল হইতে হইবে। ইহাই খন্তী পারমী (ক্ষান্তি)।

৭। সত্যভাষণ—জীবনের বিনিময়েও সত্যকথা বলিতে হইবে। ইহা সচ্চ পারমী (সত্য)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮। সংকল্প-পালন—সংকল্প গ্রহণ করিয়া উহা সিদ্ধির জন্য জীবন পণ করা। ইহা অধিট্ঠান পারমী (অধিষ্ঠান)।

৯। সর্বজীবে দয়া—জাতিধর্মনির্বিশেষে সমস্ত জীবের প্রতি করুণা ও সদিচ্ছার মনোভাব বজায় রাখা। ইহাকেই বলে মেত্তা পারমী (মৈত্রী)।

১০। তিতিক্ষা-অবলম্বন—ইচ্ছার পূরণে উল্লসিত ও অপূরণে বিষণ্ণ না হইয়া চিত্তের সাম্যরক্ষার অনুশীলন করা। ইহার নাম উপেক্খা পারমী (উপেক্ষা)।

বুদ্ধত্ব অর্জনের ইচ্ছা হইলে এই দশটি প্রধান নীতি পালন করিতেই হইবে।

এই দশটি নীতিরও স্তর-তারতম্য আছে—অধম, মধ্যম ও উত্তম। এই তিনটি স্তরের মধ্য দিয়া নীতিগুলিকে চরম সার্থকতায় উন্নীত করা সহজসাধ্য ব্যাপার নয়। একটি মাত্র জীবনসীমার মধ্যে ইহা সম্ভব হয় না, পূর্ণতার সাধনায় শত-সহস্র জীবন অতিবাহিত হয়। এই দায়িত্বসমূহ নিখুঁতভাবে পালন করিবার জন্য জীবকে অসংখ্য জন্মজন্মান্তর ধরিয়া পরিশ্রম ও অধ্যবসায় অবলম্বন করিতে হয়।

পারমীসমূহের সহজ ব্যাখ্যার উদ্দেশ্যে আমরা ভবিষ্যৎ বুদ্ধ, যাঁহাকে সাধারণতঃ 'বোধিসত্ত' (বোধিসত্ত্ব) বলা হয়, তাঁহার জীবনকথা অর্থাৎ 'জাতক' গল্পের দৃষ্টান্ত গ্রহণ করিতে পারি। বোধিসত্ত্ব বনের বানররূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। একজন ব্রাহ্মণ (যিনি পরজন্মে দেবদত্ত হইয়াছিলেন) গাভীর অনুসন্ধানে বনের মধ্যে পথ হারাইয়া একটি গভীর কূপে পতিত হইলেন। বানররূপী বোধিসত্ত্ব তাহা দেখিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) ব্রাহ্মণকে ঐ অবস্থায় দেখিয়া বোধিসত্ত্বের চিত্ত আকৃষ্ট হইল। তাঁহার হৃদয় প্রেমে ও করুণায় পূর্ণ হইল। তাঁহার মনে হইল যেন তাঁহার নিজের সন্তান গর্তে পড়িয়া গিয়াছে।

(২) বোধিসত্ত্ব নিজের জীবন বিপন্ন করিয়াও ব্রাহ্মণকে উদ্ধার করিবার সংকল্প করিলেন। ব্রাহ্মণকে নিরাপদ করিয়া তিনি তাঁহার প্রতিজ্ঞা রক্ষা করিয়াছিলেন।

(৩) বোধিসত্ত্ব ব্রাহ্মণকে রক্ষা করিবার নানা উপায় চিন্তা করিতে লাগিলেন। পরে তিনি এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে, ব্রাহ্মণকে পৃষ্ঠে লইয়া কূপের তলা হইতে লাফ দিয়া কূপপ্রান্তে উঠিয়া আসিতে পারিলেই ব্রাহ্মণকে রক্ষা করা যাইবে।

(৪) কিন্তু ইহাতে বিপদের সম্ভাবনা আছে। লম্ফ-প্রদান প্রয়োজনাতিরিক্ত না হয় এবং ব্যর্থ হইলে ব্রাহ্মণের মৃত্যু অবধারিত। সুতরাং বোধিসত্ত্ব ব্রাহ্মণের ওজনের অনুরূপ একখণ্ড ভারী পাথর পিঠে বাঁধিয়া কয়েক বার কূপপ্রান্তে লাফাইয়া উঠিবার পরীক্ষা করিয়া দেখিলেন। এইভাবে পরীক্ষামূলক লম্ফপ্রদানে বোধিসত্ত্বের সামর্থ্য প্রমাণিত হইবার পর তিনি ব্রাহ্মণকে পৃষ্ঠে লইয়া কূপপ্রান্তে লাফাইয়া উঠিলেন। ইহাতে ব্রাহ্মণ ক্ষুৎপিপাসায় মৃত্যুর হাত হইতে রক্ষা পাইয়াছিলেন।

(৫) বোধিসত্ত্ব জানিতেন যে, ব্রাহ্মণকে এইভাবে বাঁচাইবার চেষ্টায় তাঁহার নিজের মৃত্যুও ঘটিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারে। তথাপি তিনি ব্রাহ্মণের জীবনরক্ষার জন্য নিজের প্রাণ দিতে প্রস্তুত হইয়াছিলেন।

(৬) যখন তাঁহারা কূপ হইতে উদ্ধার পাইয়া নিরাপদ হইলেন, তখন পরিশ্রান্ত বোধিসত্ত্ব ব্রাহ্মণের ক্রোড়ে মস্তক স্থাপন করিয়া বিশ্রাম করিতে লাগিলেন। অকৃতজ্ঞ ব্রাহ্মণ কিন্তু ভাবিলেন যে, বানরটিকে হত্যা করিয়া বাড়ীতে তিনি মাংস লইয়া ফিরিবেন। তাই তিনি একখণ্ড প্রস্তর লইয়া বোধিসত্ত্বের মস্তকে আঘাত করিলেন। ইহাতে বোধিসত্ত্বের মৃত্যু ঘটিল না বটে, কিন্তু মাথা ফাটিয়া গেল এবং তিনি দ্রুত একটি গাছে উঠিয়া পড়িলেন। তিনি দারুণ কষ্ট পাইতে লাগিলেন, তবু ব্রাহ্মণের প্রতি তাঁহার মনে কোন ক্রোধ বা অসূয়ার উদ্রেক হইল না।

(৭) তিনি তাঁহার কার্যে বা বাক্যে ব্রাহ্মণের প্রতি শত্রুতা বা অসন্তুষ্টি প্রদর্শন করিলেন না।

(৮) তাঁহার জীবননাশের যে চেষ্টা হইয়াছিল তাহা তিনি সম্পূর্ণরূপে ভুলিয়া গেলেন এবং মানসিক সমতা অব্যাহত রাখিলেন।

(৯) তদুপরি, বোধিসত্ত্ব বুঝিয়াছিলেন যে, ব্রাহ্মণ একাকী বনভূমির মধ্যে পথভ্রান্ত হইবেন। তাই তিনি বৃক্ষ হইতে বৃক্ষে লাফাইয়া চলিলেন এবং তাঁহার মস্তকের ক্ষতস্থান হইতে যে রক্তক্ষরণ হইতেছিল তাহার দ্বারা পথচিহ্ন নির্দেশ করিতে লাগিলেন। ব্রাহ্মণ সেই রক্তচিহ্ন ধরিয়া পথ চলিতে লাগিলেন। এইভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বোধিসত্ত্ব শেষ পর্যন্ত ব্রাহ্মণকে বাঁচাইবার সংকল্পটি বজায় রাখিলেন।

(১০) ব্রাহ্মণকে বাঁচাইবার চেষ্টায় বোধিসত্ত্বের কোন প্রকার স্বার্থচিন্তা ছিল না। তিনি জাগতিক লাভ ও প্রশংসার মোহ সম্পূর্ণ পরিহার করিয়াই কার্য সম্পাদন করিয়াছেন।

এই গল্পটিতে কয়েকটি বিষয় লক্ষিতব্য ঃ—

(১) নিজের জীবনদানেও প্রস্তুত হইয়া ব্রাহ্মণকে বাঁচাইবার চেষ্টায় যে আত্মনিয়োগ তাহা দান পারমী।

(২) ব্রাহ্মণ পাথর দিয়া তাঁহার মাথায় আঘাত করিলেও তিনি যে বাক্যে ও কার্যে কোন বিদ্বেষ ও অসূয়ার ভাব দেখান নাই, ইহা সীল পারমী।

(৩) ব্রাহ্মণের রক্ষায় তিনি যে নিজের জন্য কোন লভ্য বা উপকার প্রত্যাশা করেন নাই, ইহা নেক্‌খম পারমী।

(৪) বোধিসত্ত্ব ব্রাহ্মণের রক্ষার জন্য যে উপায়-উদ্ভাবনের চেষ্টা করিয়াছিলেন তাহার নাম পঞ্‌ঞা পারমী।

(৫) ব্রাহ্মণের নিরাপত্তা সম্বন্ধে নিশ্চিন্ত হইবার চেষ্টায় বোধিসত্ত্ব কূপপ্রান্তে লাফাইয়া উঠিবার পরীক্ষা চালাইয়াছিলেন বার বার। ইহা বিরিয় পারমী।

(৬) মস্তকে গুরুতর আহত হইয়া দারুণ যন্ত্রণা ভোগ করিলেও বোধিসত্ত্ব ব্রাহ্মণের প্রতি ক্রুদ্ধ বা শত্রু-ভাবাপন্ন হন নাই। ইহা খন্তী পারমী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭) বোধিসত্ত্ব নিজের জীবন বিপন্ন করিয়াও ব্রাহ্মণের জীবনরক্ষার প্রতিজ্ঞা পূরণ করিয়াছিলেন। ইহাই সচ্চ পারমী।

(৮) ব্রাহ্মণ বোধিসত্ত্বকে হত্যা করিবার চেষ্টা করিলেও বোধিসত্ত্ব শেষ পর্যন্ত ব্রাহ্মণকে রক্ষা করিবার সংকল্পে অবিচলিত থাকিয়াছিলেন। ইহাই অধিট্ঠান পারমী।

(৯) কূপে পতিত ব্রাহ্মণের দুর্দশা দর্শনে বোধিসত্ত্বের হৃদয় যে করুণায় ও প্রেমে উদ্বেলিত হইয়া উঠিয়াছিল, তাহা মেত্তা পারমী।

(১০) বোধিসত্ত্ব তাঁহাকে হত্যার চেষ্টার কথা সম্পূর্ণ ভুলিয়া গিয়া মানসিক স্থৈর্য অব্যাহত রাখিয়াছিলেন। ইহা উপেক্খা পারমী।

যে ব্যক্তি বুদ্ধত্ব অর্জনের জন্য সংকল্প গ্রহণ করিবেন তিনি দশটি পারমীর সব কয়টি, অন্ততঃ একটি পারমীও, অনুশীলনের জন্য নিরন্তর আত্মনিয়োগ করিয়া রাখিবেন। তাঁহার চেষ্টার পরিধি যত ক্ষুদ্রই হউক, ইহা ব্যর্থ হইবে না। এই জন্মের স্বল্প প্রচেষ্টা পরজন্মের কর্তব্যকর্মের জন্য সুদৃঢ় ভিত্তি রচনা করিবে এবং ইহার ফলও বহুগুণায়িত হইবে। এইভাবে জন্ম-জন্মান্তরের অনবচ্ছিন্ন সাধনায় পারমী অনুশীলনের অধ্যবসায়ে বহু জন্মের পর মানুষ পূর্ণতায় উপনীত হয়। যখন সেই সাধনযজ্ঞে পূর্ণাহুতি হয় তখনই ব্যক্তিমানুষ বুদ্ধত্ব অর্জন করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখন প্রশ্ন যে, বুদ্ধ কে ?

তাঁহাকেই বুদ্ধ বলিব—

(১) যিনি অপরের নিকট হইতে কিছু গ্রহণ না করিয়া কেবল নিজেরই চেষ্টায় পরিপূর্ণভাবে এমন ধর্মের আবিষ্কার করিয়াছেন, যে-ধর্ম প্রাণীকে বার্ধক্য, রোগ ও মৃত্যুর দুঃখ হইতে মুক্ত করিতে পারে।

(২) যিনি তাঁহার আবিষ্কৃত ধর্মানুসারে অনুশীলন করিয়া ব্যক্তিগতভাবে চরম জন্মে উপনীত হইয়াছেন, যে-জন্মের পর আর নবতর জন্ম পরিগ্রহ করিতে হইবে না।

(৩) যিনি ব্রহ্মা, দেবতা ও নরগণকে তাঁহার আবিষ্কৃত ধর্ম এমন ব্যাখ্যা করিয়া শিক্ষা দিতে পারেন যাহাতে তাঁহারা ধর্মের তাৎপর্য বুঝিতে পারিবেন।

(৪) যিনি ধর্মকে ব্যাখ্যা করিয়া ও শিক্ষা দিয়া প্রাণিগণের মধ্যে এমন অভ্যাসবৃত্তি জাগরিত করিতে পারেন যাহাতে তাহারা শেষ জন্মপরিগ্রহে উপনীত হইয়া পুনর্বার জন্মাইবে না।

—এই সমস্তই হইল বুদ্ধের গুণাবলী।

এইরূপ গুণসম্পন্ন ব্যক্তি অতীতে অসংখ্য বিশ্বচক্রে অগণিত সংখ্যায় আবির্ভূত হইয়াছেন। বর্তমান জগৎ-চক্রেও বুদ্ধগণ, ককুসন্ধ (ককুচ্ছন্দ), কোণাগমন, কস্সপ (কাশ্যপ ; এবং গোতম (গৌতম) আসিয়াছেন।

এখন বুদ্ধের জীবনকাহিনী সংক্ষেপে বর্ণিত হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধজন্ম

দুই হাজার পাঁচ শত বৎসরের কিছু বেশী হইল ভারতবর্ষের সক্য (শাক্য) অঞ্চলে কপিলবথু (কপিলবস্তু) রাজ্যে রাজা সুদ্ধোদন (শুদ্ধোদন) রাজত্ব করিতেন। প্রধানা মহিষী ছিলেন মহামায়া। তিনি একটি অদ্ভুত স্বপ্ন দেখিলেন। চারিজন দেবরাজ যেন তাঁহাকে 'চতুর্মহারাজিক' নামক আধ্যাত্মিক বিমানে করিয়া হিমালয় পর্বতমালার মধ্যে 'অনোতত্ত' (অনবতপ্ত) হ্রদের নিকটে একটি রজত-পাহাড়ের অভ্যন্তরস্থ স্বর্ণমন্দিরে লইয়া গেলেন। যখন তিনি সেই স্বর্ণগৃহে নিদ্রিত ছিলেন তখন একটি শ্বেতহস্তী উত্তর দিক হইতে আসিয়া দক্ষিণাবর্তে রাণীকে প্রদক্ষিণ করিল। এইভাবে প্রদক্ষিণ করিয়া হস্তীটি রাণীর দক্ষিণ উদরে আঘাত করিয়া গর্ভে প্রবেশ করিল। এইরূপ স্বপ্নদর্শনের অনতিকালমধ্যেই রাণী গর্ভবতী হইলেন। প্রসবকাল আসন্ন হইলে রাণীর মনে তাঁহার জন্মভূমি দেবদহ দর্শনের জন্য প্রবল অভিলাষ জন্মে। রাণী তাঁহার পরিকরবর্গসহ যখন কপিলবস্তু ও দেবদহের মধ্যবর্তী স্থানে পৌঁছাইলেন, তখন লুম্বিনীর শালকুঞ্জে তিনি একটি পুত্র প্রসব করিলেন। ঐ দিন ছিল শুক্রবার, পূর্ণিমা তিথি, কসোন মাস (বৈশাখ, ইং মে), ৬৮ সাল, আধুনিক কালগণনার হিসাবে ৬২৩ খ্রীষ্ট পূর্বাব্দ। পুত্রটির নাম রাখা হইল সিদ্ধথ (সিদ্ধার্থ)। পালি ভাষায় 'সিদ্ধ' শব্দের অর্থ 'পূর্ণ' এবং 'অত্থ' শব্দের তাৎপর্য 'উপকার' বা 'সুযোগ'। সুতরাং 'সিদ্ধত্থ' শব্দে বুঝাইল সেই রাজকুমারকে যিনি জীবনের সমস্ত সুযোগকেই পূর্ণতা দিতে পারিবেন।

রাজকুমার সিদ্ধার্থের জন্মগ্রহণের অল্পকাল পরই রাজা শুদ্ধোদনের গুরু 'অসিত' নামে পরিচিত মহান্ ঋষি কালদেবল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১/৩১৪

রাজধানীতে উপনীত হইলেন। রাজা ও সমগ্র রাজ্যের প্রজাগণের কাছে মহর্ষি বড় সম্মানিত ছিলেন। তাঁহার মধ্যে প্রচুর আধ্যাত্মিক শক্তিও ছিল। রাজকুমারের ব্যক্তিত্ব, লাবণ্য ও মাধুর্য দেখিয়া মহর্ষি অভিভূত হইলেন এবং তরুণ বালককে অকুণ্ঠ প্রণতি জ্ঞাপন করিলেন। সর্বজনমান্য ঋষির এইরূপ কার্য দেখিয়া রাণী ও রাজপ্রাসাদের সকলে বিস্ময়াভিভূত হইলেন। স্বয়ং রাজাও তাঁহার তরুণ কুমারকে প্রণতি-অভিবাদন জানাইলেন।

ব্রাহ্মণ জ্যোতিষীদের ভবিষ্যৎ-বাণী

একদিন রাজা শুদ্ধোদন একশত আটজন ব্রাহ্মণ জ্যোতিষী আমন্ত্রণ করিয়া রাজকুমারের দেহচিহ্নগুলির বিচার ও বিশ্লেষণ করিতে বলিলেন। ইঁহাদের মধ্যে আটজন প্রধান জ্যোতিষী এই দায়িত্ব গ্রহণ করিলেন। তাঁহারা পরীক্ষা করিয়া কুমারের দেহে এমন কতকগুলি অপূর্ব লক্ষণ দেখিলেন, যে-জাতীয় লক্ষণ তাঁহারা ইতঃপূর্বে কোন মানবদেহে দেখেন নাই। তাঁহারা বত্রিশটি প্রধান দৈহিক চিহ্ন, আশিটি অপ্রধান এবং একশত আটটি তাৎপর্যপূর্ণ পদচিহ্ন দেখিতে পাইলেন। ইহা পাইয়া তাঁহাদের মধ্যে একজন বাদে অন্য সকলে দুইটি অঙ্গুলি তুলিয়া দ্বিবিধ ভবিষ্যৎ-বাণী করিলেন যে, এই তরুণ কুমার হয় বুদ্ধ হইবেন, অথবা চতুর্দ্বীপ-সমন্বিত বিশাল বিশ্বের অধীশ্বর সম্রাট্ হইবেন। কেবল কোণ্ডঞ্‌ঞ (কৌণ্ডিণ্য) বংশের সুদত্ত নামক ব্রাহ্মণ জ্যোতিষী একটি মাত্র অঙ্গুলি উত্তোলন করিয়া নিশ্চিত ঘোষণা করিলেন যে, এই বালক অবশ্যই বুদ্ধ হইবেন।

রাজা শুদ্ধোদন এই ভবিষ্যৎ-বাণী শুনিলেন এবং তাঁহার পুত্র বুদ্ধ হইবেন ভাবিয়া বড় উদ্বিগ্ন হইলেন। তাঁহার ইচ্ছা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে, পুত্র বুদ্ধ না হইয়া বিপুল বিশ্বের রাজাধিরাজ হউক। তাই তিনি পুত্রের বুদ্ধত্ব-সম্ভাবনা রহিত করিবার জন্য নানা উপায় ও কৌশল উদ্ভাবন করিতে লাগিলেন।

রাজা শুদ্ধোদন এমন কঠোর ব্যবস্থা অবলম্বন করিলেন যে, কপিলবস্তু নগরের তিন মাইলের মধ্যে যাহাতে কোন বৃদ্ধ, রুগ্ন, মৃত বা পরিব্রাজক ব্যক্তি প্রবেশ করিতে না পারে। কারণ ইহাদের দেখিলে রাজকুমার গৃহত্যাগ করিয়া সন্ন্যাস-গ্রহণের দিকে মনোযোগ দিতে পারেন।

সিদ্ধার্থের পার্থিব সুখসম্ভোগ

এই কঠোর ব্যবস্থা ছাড়াও সিদ্ধার্থের দৈনন্দিন জীবনে সীমাহীন ভোগসুখের আয়োজন করা হইল। রাজকুমারের স্ফূর্তির জন্য পঞ্চপদ্মে শোভিত মনোহর হ্রদ, তড়াগ, বিচিত্র ফলপুষ্পশোভিত মনোরম প্রমোদোদ্যান নির্মিত হইল।

রাজকুমার সিদ্ধার্থ ষোড়শবর্ষ প্রাপ্ত হইলে রাজা তাঁহাকে এমন তিনটি গম্বুজশোভিত প্রাসাদ নির্মাণ করিয়া দিলেন যাহার অনুরূপ জাঁকজমকের অট্টালিকা পূর্ববর্তী কোনও রাজারই ছিল না। এই অট্টালিকাগুলির রম্যপ্রাসাদে পাঁচ তলা, সুরম্যে সাত তলা এবং শুভপ্রাসাদের নয় তলা ছিল। রাজার লক্ষ্য ছিল যে, নিরন্তর ব্যসনে রাজকুমারের জাগতিক সুখভোগের কোন কিছুই বাকি না থাকে। তদুপরি শুদ্ধোদন দেবদহের রাজকন্যা পরমা সুন্দরী যশোধরার সহিত রাজকুমার সিদ্ধার্থের বিবাহ দিলেন। অতঃপর তিনি সিংহাসন ও রাজত্ব পুত্রকে অর্পণ করিয়া সিদ্ধার্থকেই রাজা বলিয়া ঘোষণা করিলেন।

এই সমস্ত ব্যবস্থা অবলম্বন করিয়া শুদ্ধোদন ভাবিলেন যে, সংসার-ত্যাগের বাসনা উদ্রেক করিতে পারে এমন কিছুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিকেই পুত্রের মনোনিবেশ হইবে না এবং তাঁহার আত্মজ বিশ্বসম্রাট্ হইতে পারিবেন।

রাজা সিদ্ধার্থ এইভাবে ঊনত্রিশ বৎসর বয়স পর্যন্ত ঐহিক সুখভোগে পরিবৃত হইয়া রহিলেন।

চারিটি পূর্বনিমিত্ত-দর্শন

ঊনত্রিশ বৎসর বয়ঃপ্রাপ্ত হইবার অব্যবহিত পর রাজা সিদ্ধার্থ একদিন রাজোদ্যানে গমনকালে পথে অপ্রত্যাশিতভাবে একজন বৃদ্ধলোক দেখিতে পাইলেন। গলিতদন্ত, পলিতকেশ, লোলচর্ম বৃদ্ধটি কুব্জদেহে গুটি গুটি চলিতেছিল। ঊনত্রিশ বৎসর বয়ঃক্রমকালের মধ্যে সিদ্ধার্থ এইরূপ বৃদ্ধ দেখেন নাই। তাঁহার সম্মুখে ধীরে ধীরে চলিয়াছে যে প্রাণীটি, সে সাধারণ মানুষের সম্পূর্ণ ব্যতিক্রম। তিনি তাঁহার সারথিকে লোকটির পরিচয় জিজ্ঞাসা করিলেন।

সারথি উত্তর দিল, "মহারাজ, একে বলে বৃদ্ধ লোক।"

রাজা সিদ্ধার্থ পুনরায় প্রশ্ন করিলেন, "আমিও কি এই লোকটার মত বৃদ্ধ ও বয়স্ক হব?"

উত্তরে সারথি বলিল, "হাঁ মহারাজ, শুধু আপনি নন, পৃথিবীর সমস্ত জীবই এই লোকটার মত বৃদ্ধ ও বয়স্ক হবে।"

রাজা সিদ্ধার্থের অন্তর্দৃষ্টি অকস্মাৎ খুলিয়া গেল। তিনি ঐহিক জীবনের শূন্যতা উপলব্ধি করিলেন। অনিবার্য বার্ধক্যের সম্ভাবনায় উদ্বিগ্ন হৃদয়ে তিনি প্রাসাদে ফিরিয়া আসিলেন, প্রমোদোদ্যানে গেলেন না।

অন্য একদিন যখন তিনি রাজোদ্যানে প্রমোদের জন্য যাইতেছিলেন, তিনি একটি গুরুতর রোগী দেখিতে পাইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লোকটি যন্ত্রণায় করুণ আর্তনাদ করিতেছিল। সমগ্র জীবনে সিদ্ধার্থ এইরূপ করুণ দৃশ্য আর দেখেন নাই। পূর্ববারের মতই তিনি সারথিকে প্রশ্ন করিলেন। সারথিও তাঁহাকে জানাইল যে, এই অদ্ভুত দৃশ্য একটি রুগ্ন ব্যক্তির এবং দুনিয়ার অপরাপর লোকের মতই সিদ্ধার্থকে অবশ্যই জীবৎকালে এইরূপ রোগযন্ত্রণা ভোগ করিতে হইবে। এবারও সিদ্ধার্থের মন বিচলিত হইল। সুনিশ্চিত রোগসম্ভাবনার কথা ভাবিয়া তিনি জাগতিক সুখের শূন্যতা ও ব্যর্থতা বুঝিতে পারিলেন। তাই রাজোদ্যানের পথ পরিহার করিয়া তিনি পুনরায় প্রাসাদে প্রত্যাবৃত্ত হইলেন।

রাজোদ্যানে পরবর্তী যাত্রায় তিনি পথের মধ্যে একটি মৃতদেহ দেখিলেন। সারথিকে জিজ্ঞাসা করিয়া জানিলেন যে, এই অভূতপূর্ব দৃশ্যটি একটি মৃতদেহের এবং শুধু স্বয়ং সিদ্ধার্থই নয়, বিশ্বের তাবৎ প্রাণীই এই মৃতব্যক্তির মত নিশ্চিত মরণের অধীন। সারথির উক্তিতে সিদ্ধার্থ উপলব্ধি করিলেন যে, জগতের সুখ ও ঐশ্বর্য পরিণামে সবই ব্যর্থ ও মূল্যহীন। এই 'বোধ' তাঁহাকে এবারও প্রাসাদে ফিরাইয়া আনিল।

তারপর আর একদিন প্রমোদোদ্যানের পথে রাজা সিদ্ধার্থ একজন সন্ন্যাসী দেখিতে পাইলেন। এই দৃশ্যও তাঁহার কাছে পরম বিস্ময়কর, কারণ পূর্বে কখনও তিনি সন্ন্যাসী দেখেন নাই। ঠিক পূর্বের মতই সারথিকে প্রশ্ন করিয়া তিনি জানিতে পারিলেন যে, এই অদ্ভুত ব্যক্তিটি একজন সন্ন্যাসী। ইনি জরা-ব্যাধি-মৃত্যুর হাত হইতে মুক্তির সন্ধানে সংসারত্যাগ করিয়াছেন। এই কথা শুনিয়া সিদ্ধার্থের মনেও গৃহত্যাগের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসনা উদ্রিক্ত হইল। মনের মধ্যে অভিলাষটি সযত্নে পোষণ করিয়া তিনি প্রমোদোদ্যানে প্রবেশ করিলেন। সেখানে তিনি একটি প্রস্তরাসনে বসিয়া আছেন, এমন সময়ে সংবাদ আসিল যে, মহারাণী যশোধরা একটি পুত্রসন্তান প্রসব করিয়াছেন। সংবাদ শুনিয়া সিদ্ধার্থ মন্তব্য করিলেন যে, সংসারত্যাগের আরও একটি বাধা সমাগত, আর একটি বন্ধন জন্মাইল। সন্ধ্যাসমাগমে তিনি প্রাসাদে ফিরিয়া গেলেন। সেই রাত্রিতেই সিংহাসন. রাজত্ব, জাগতিক ঐশ্বর্য, বাঞ্ছনীয়া পত্নী, নবজাতক পুত্র—সমস্তই পরিবর্জন করিয়া সুমহান্ সত্যের অনুসন্ধানে সিদ্ধার্থ গৃহ হইতে নিষ্ক্রান্ত হইয়া গেলেন।

সিদ্ধার্থের প্রব্রজ্যাগ্রহণ

ভবিষ্যৎ বুদ্ধরূপী সিদ্ধার্থ সংসারত্যাগ করিবার পরই বনবাসী ঋষিদের সমীপে উপনীত হইয়া জরা-ব্যাধি-মৃত্যুর শাসন অতিক্রম করিবার পন্থানুসন্ধানে প্রবৃত্ত হইলেন। সর্বপ্রথম তিনি যে ঋষিসমীপে উপস্থিত হইলেন তিনি মহাতপা 'আলার' (আড়ার)। এই দার্শনিক মনীষীর শিক্ষায় বার্ধক্য, রোগ ও মৃত্যু হইতে রক্ষার উপায় খুঁজিয়া না পাইয়া বোধিসত্ত্ব তাঁহাকে ছাড়িয়া অন্য শিক্ষকের সন্ধান করিতে লাগিলেন। তাঁহার দ্বিতীয় শিক্ষক হইলেন মহামুনি 'উদ্দক' (উদ্রক)। এই শিক্ষকের শিক্ষাপদ্ধতিতেও জরামরণের হাত হইতে মুক্তির সন্ধান মিলিল না। বোধিসত্ত্ব তখন 'উরুবেল' (উরুবিল্ব) বনভূমিতে প্রবেশ করিলেন। এই বনে পাঁচজন ঋষির সহিত তাঁহার সাক্ষাৎ হইল। ইঁহারা ছিলেন জ্যোতিষী ব্রাহ্মণ সুদত্ত ও তাঁহার বন্ধুচতুষ্টয়। এই সুদত্তই বুদ্ধজন্মকালে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটি মাত্র অঙ্গুলি তুলিয়া সিদ্ধার্থ যে কেবল বুদ্ধই হইবেন—এই ভবিষ্যৎ-বাণী করিয়াছিলেন। ইঁহারা পাঁচজন সংসার-ত্যাগ করিয়া সন্ন্যাসী হইয়া বনে আসিয়াছিলেন শুধু এই উদ্দেশ্যে যে, সিদ্ধার্থ বুদ্ধত্ব অর্জন করিয়া প্রথম যে উপদেশবাণী প্রদান করিবেন, ইঁহারা তাহার প্রথম শ্রোতা হইবেন।

উরুবেল বনে আসিয়া বোধিসত্ত্ব সিদ্ধান্ত করিলেন যে, তিনি আর গুরুর সন্ধান করিবেন না, নিজেরই চেষ্টায় তিনি পরম বাঞ্ছিত মুক্তিপথ খুঁজিয়া লইবেন।

এই সিদ্ধান্তে উপনীত হওয়ার পর সাদৃশ্যের ভিত্তিতে তিনটি দৃষ্টান্তের বিষয় তাঁহার মনে উদিত হইল।

যখন একখণ্ড কাষ্ঠ কাঁচা থাকে এবং জলে ভিজা থাকে তখন অগ্নি-উৎপাদনের উদ্দেশ্যে উহাকে ব্যবহার করার কোন সম্ভাবনাই থাকে না। সত্যানুসন্ধানও অনুরূপ। মানুষ যখন ইন্দ্রিয়ভোগে নিযুক্ত এবং ইন্দ্রিয়জ সুখের প্রতিই মনোযোগী তখন সেই মানুষ কঠোর পরিশ্রম করিলেও সত্যোপলব্ধি করিতে পারিবে না।

সেই অপক্ক কাষ্ঠখণ্ড যদি জলে ভিজা নাও থাকে, তথাপি উহাদ্বারা আগুন জ্বালান সম্ভব নয়। সেইরূপ মানুষ ইন্দ্রিয়-ভোগে নিযুক্ত যদি নাও থাকে অথচ তাহার ভোগাসক্তি দূর না হয়, তাহা হইলেও সে সত্যোপলব্ধি করিতে পারিবে না, যত চেষ্টাই সে করুক না কেন।

কিন্তু সেই কাষ্ঠখণ্ড যদি বিশুষ্ক হয়, উহাতে বিন্দুমাত্র জলস্পর্শ বা আর্দ্রতা না থাকে, তাহা হইলে উহাদ্বারা সহজেই অগ্নি উৎপাদিত হইবে। অনুরূপভাবে সত্যার্থী ব্যক্তি যদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়সুখে বিরত থাকে এবং তাহার মনও যদি সর্বতোভাবে বাসনাবিমুক্ত হয়, তাহা হইলে সে সত্যদর্শন করিতে পারিবে।

বুদ্ধের মনে সাদৃশ্যমূলক এই তিনটি দৃষ্টান্তের কথা উদ্ভাসিত হইল এবং তদনুসারে তিনি কঠোর হইতে কঠোরতর তপশ্চর্যায় আত্মনিয়োগ করিলেন। চরম মুক্তির পথ যে তাঁহাকে পাইতেই হইবে!

সিদ্ধার্থের তপশ্চর্যা

প্রথম স্তরে বোধিসত্ত্ব নিঃশ্বাসবায়ু নিরুদ্ধ করিয়া প্রাণায়াম সাধনা আরম্ভ করিলেন। ইহাতে তিনি অপরিসীম কষ্ট পাইতে লাগিলেন। সাধনার এই প্রাথমিক অবস্থায় তিনি নিকটস্থ গ্রামে ও কুটীরে ভিক্ষা করিয়া জীবিকানির্বাহ করিতেন। এইভাবে সুদীর্ঘকাল অতিবাহন করিয়াও অনুসন্ধেয় পন্থার সন্ধান পাইলেন না।

অতঃপর স্তরে স্তরে আধ্যাত্মিক সাধনায় অগ্রসর হইয়া বোধিসত্ত্ব আত্মপুষ্টির জন্য খাদ্যগ্রহণ বর্জন করিলেন। ক্রমে তিনি এমন অবস্থায় উপনীত হইলেন যে, জীবনধারণের জন্য শুধু সিদ্ধ বীজের তরল পানীয় গণ্ডূষমাত্র গ্রহণ করিতেন। কিন্তু এইরূপ কঠোর তপস্যায়ও মুক্তিপথের সন্ধান মিলিল না।

বোধিসত্ত্ব যখন এইভাবে আধ্যাত্মিক সাধনায় একান্তনিবিষ্ট এবং দেহপুষ্টি ও খাদ্যগ্রহণের পরিমাণ নির্মমভাবে কমাইয়া দিয়াছেন তখন তাঁহার শরীর শুকাইয়া অস্থিচর্মসার হইয়া উঠিল। কিন্তু এই অবস্থায়ও তিনি হতাশ হইলেন না বা মুক্তিপথের সন্ধানে বিরত হইলেন না। পুষ্টির অভাবে তিনি এত দুর্বল হইয়া পড়িলেন যে, একদিন চলিতে গিয়া মূর্ছিত হইয়া পড়িলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনপ্রণালীগুলি কঠোরতমই ছিল ; তথাপি বোধিসত্ত্ব তাঁহার আকাঙ্ক্ষিত মুক্তিপথের সন্ধান পাইলেন না।

এই রকম একটা পর্যায়ে বোধিসত্ত্ব অনুভব করিলেন যে, আত্মনিগ্রহমূলক এই সাধনপদ্ধতিগুলি মুক্তিলাভের প্রকৃত পন্থা নহে। তিনি বুঝিলেন যে, এই ভ্রমাত্মক পথ অবলম্বন করিয়া তিনি প্রকৃত পথের সন্ধানে সমর্থ হইবেন না। তিনি উপলব্ধি করিলেন যে, দেহের নির্যাতন নয়, মনের নিরন্তর সতর্ক অনুশীলনই সত্যপথ সন্ধানের একমাত্র মৌলিক উপকরণ। তাহার পর হইতে তিনি আবার গ্রামে গ্রামে ঘুরিয়া ভিক্ষান্নে জীবিকার্জন করিতে লাগিলেন এবং সদাজাগ্রত মনের অনুশীলনে অনবরত তৎপর রহিলেন।

যে পাঁচজন গৃহত্যাগী সন্ন্যাসী বুদ্ধবাণী প্রথম শ্রবণের আশায় নিকটেই বাস করিতেছিলেন, তাঁহারা বোধিসত্ত্বের এই অবস্থা দেখিয়া বড় হতাশ হইলেন। তাঁহারা মনে করিলেন যে, চরম তপস্যায়ও যখন বোধিসত্ত্ব বুদ্ধত্ব অর্জন করিতে পারিলেন না, তখন ভিক্ষান্ন-পুষ্ট হইলে তিনি কোনকালেই বুদ্ধত্ব অর্জন করিতে পারিবেন না। ইহা ভাবিয়া তাঁহারা বোধিসত্ত্বের সান্নিধ্য ছাড়িয়া 'ইসিপতন মিগদায়' (ঋষিপত্তন মৃগদাব) বনে চলিয়া গেলেন।

এদিকে বোধিসত্ত্বের চরম জ্ঞান উদ্ভাসনের পরম লগ্ন উপস্থিত। তিনি জন্মে জন্মে পূর্ববর্ণিত দশটি পারমী অনুশীলন করিয়া পূর্ণতার সাধনায় সচেষ্ট ছিলেন। ভ্রমাত্মক পথে আত্ম-নিগ্রহ করিতেছিলেন বলিয়া এতদিন বোধিলাভ করিতে পারেন নাই। এবার তিনি মধ্যপন্থা অবলম্বন করিলেন। চরম আত্মনিগ্রহ এবং নির্বাধ ইন্দ্রিয়-সুখভোগ—এই দুই ভ্রমাত্মক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পথের মধ্যবর্তী এই নূতন সাধন পথ। ইহা নিশ্চিত বুঝা গেল যে, সেই পরম বোধি সহজেই আয়ত্ত হইবে। তিনি যে পূর্ব পূর্ব জন্মে মহৎ কার্য সম্পাদন করিয়াছেন, তাহারই ফলে সেই পরম জ্ঞান তাঁহার মধ্যে উদ্ভাসনের জন্য অপেক্ষমাণ হইয়া রহিয়াছে।

সম্বোধিলাভ

বুধবার ১০৩ সালের কসোন মাসের পূর্ণিমা তিথিতে (বৈশাখী পূর্ণিমা, ৫৮৮ খৃষ্ট পূর্বাব্দের মে মাস) রাত্রির প্রথম যামে বোধিসত্ত্ব যখন বর্তমান মহাবোধি মন্দিরের নিকটস্থ বোধিদ্রুম-তলে বসিয়া মধ্যপন্থানুসারে 'আনাপান' নামক নিঃশ্বাসবায়ুর পূরক-রেচক অভ্যাস করিতেছিলেন তখন তিনি 'পূব্বেনিবাস' অর্থাৎ পূর্বজন্মের জ্ঞান বা জাতিস্মরতা অর্জন করিলেন। নিশীথকালে তিনি অর্জন করিলেন দিব্বচক্‌খুঞাণ (দিব্যচক্ষুঃ জ্ঞান) অর্থাৎ সর্বজ্ঞতা। বৃহস্পতিবারের ব্রাহ্মমুহূর্তে তিনি লাভ করিলেন আসবক্‌খয়ঞাণ (আসবক্ষয় জ্ঞান)। ইহা এমন একটি জ্ঞান যাহাতে লোভ, ক্রোধ, মোহ প্রভৃতি মনের সমস্ত অপবিত্রতা বিধৌত ও নির্মূল হইয়া যায়। এই জ্ঞানার্জনের সঙ্গে সঙ্গেই বোধিসত্ত্বের চিত্তে পরম বোধির অভ্যুদয় হইল।

ধর্মপ্রচার

বোধিলাভ হইতে আরম্ভ করিয়া 'পরিনিব্বান' পর্যন্ত ৪৫ বৎসরকাল বুদ্ধদেব একাদিক্রমে মানুষ ও অপরাপর আধ্যাত্মিক প্রাণীদের কাছে ধর্মপ্রচার করিয়াছিলেন।

বুদ্ধদেব যে ধর্মপ্রচার করেন তাহা নিম্নোক্ত নয়টি শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১। ভিক্ষাদান-সম্বন্ধীয় আলোচনা (দান);
২। নীতিধর্ম-সম্বন্ধে উপদেশ (শীল);
৩। আধ্যাত্মিক প্রাণিজগৎ-সম্বন্ধে বিচার;
৪। ইন্দ্রিয়সুখের দুর্গতিবিষয়ে নির্দেশ;
৫। ত্যাগধর্মের মাহাত্ম্য ব্যাখ্যান;
৬। দুঃখ-সত্যের বিবরণ;
৭। দুঃখ-উৎপত্তির সত্যনির্ণয়;
৮। দুঃখ-নিরোধের সত্যপ্রতিষ্ঠা;
৯। দুঃখ-নিরোধের উপায়বিষয়ক সত্যনিরূপণ।

এই সমস্ত উপদেশের সাহায্যে বুদ্ধদেব নিজে ধর্মশিক্ষা প্রদান করিতেন এবং শিষ্যদিগকেও অনুরূপ কার্য করিতে নির্দেশ দিতেন। শিষ্যদিগকে ধর্মপ্রচারের উদ্দেশ্যে বিভিন্ন অঞ্চলে প্রেরণের সময় ধর্মশিক্ষার যথাসম্ভব প্রসারের জন্য নিম্নোক্ত উপদেশ প্রদান করিতেন :—

১। হে শ্রমণগণ, বহুজনের কল্যাণের জন্য স্থান হতে স্থানান্তরে যাও, কিন্তু দুজন একদিকে যেয়ো না।
২। হে শ্রমণগণ; ধর্মপ্রচার কর এবং নিজের আচরণে মহৎ জীবনের আদর্শ পূর্ণভাবে প্রকটিত কর।

বুদ্ধদেবের নির্দেশ অনুসারে তাঁহার শিষ্যসম্প্রদায় বহু স্থানে ভ্রমণ করিয়া বুদ্ধবাণী প্রচার করিয়াছিলেন এবং ধর্মপ্রতিষ্ঠা করিয়াছিলেন। এই প্রচারের ফলে বহু লোক বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া দুঃখ হইতে মুক্তির পথ অবলম্বন করিয়াছিল।

বুদ্ধদেব স্বয়ং ৪৫ বৎসর ধরিয়া ব্রহ্মা, দেব প্রভৃতি উচ্চ আধ্যাত্মিক প্রাণী ও মানুষকে মুক্তির পথ দেখাইয়াছিলেন;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাদের সংখ্যা অগণিত। যাঁহারা এই পথের সন্ধান পাইয়াছিলেন তাঁহাদের সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া যাইতে পারে।

ধর্মদীক্ষা

যে পাঁচজন ব্রাহ্মণ পঞ্চবর্গীয় বলিয়া কথিত হইয়াছেন তাঁহারাই সর্বপ্রথম ধর্মান্তরিত হইয়া বৌদ্ধ হইয়াছিলেন। ইঁহারাই প্রথমতঃ সিদ্ধার্থের বুদ্ধত্বপ্রাপ্তি-সম্বন্ধে হতাশ হইয়া ইসিপত্তন মিগদায় (ঋষিপত্তন মৃগদাব) বনে চলিয়া আসিয়াছিলেন। বুদ্ধকে দূর হইতে আসিতে দেখিয়া তাঁহারা সিদ্ধান্ত করিলেন যে, বুদ্ধকে তাঁহারা কোন সম্মানই প্রদর্শন করিবেন না। তাঁহারা বলিলেন, "গৌতম তপশ্চর্যায় ব্যর্থকাম হয়েছেন; আমরা তাই তাঁকে সম্বর্ধনা জানাব না, বসবার আসন দেব না; এমন কি, তাঁকে পানীয় বা আচমনীয় জলও দেব না।"

কিন্তু বুদ্ধদেব নিকটবর্তী হইলে মহাপুরুষের মহনীয় ব্যক্তিত্বে অভিভূত হইয়া ব্রাহ্মণগণ তাঁহাদের সংকল্পের কথা ভুলিয়া গেলেন। একজন বুদ্ধের হাত হইতে ভিক্ষাপাত্র লইলেন, অন্য একজন সাদর অভ্যর্থনা জানাইলেন, অপরাপর সকলে বসিবার আসন এবং আচমনীয় জল লইয়া আসিলেন। বুদ্ধদেব সর্বপ্রথম যে উপদেশবাণী উচ্চারণ করিলেন তাহার নাম ধম্মচক্ক-পবত্তনসুত্ত (ধর্মচক্রপ্রবর্তনসূত্র)। ইহাদ্বারা তিনি চারিটি আর্যসত্য ব্যাখ্যা করিলেন। এই ধর্মালোচনা শ্রবণ করিয়া সেই পঞ্চবর্গীয় ব্রাহ্মণেরা আধ্যাত্মিক অনুভূতির প্রথম স্তর 'সোতাপন্ন' (স্রোতাপন্ন) হইলেন। দ্বিতীয় উপদেশের নাম অনাত্তলক্‌খণসুত্ত (অনাত্মলক্ষণসূত্র)। ইহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনত্তাবাদ (অনাত্মবাদ) সম্বন্ধীয় আলোচনা। ইহা শুনিয়া তাঁহারা অধ্যাত্মদৃষ্টির চরম স্তরে উপনীত হইয়া অর্হৎ (পূজ্য) হইলেন।

সেই বর্ষাকালেই যস (যশঃ) নামক একজন ধনিপুত্র তাঁহার ৫৪ জন অনুচরসহ বুদ্ধের উপদেশে ধর্মাচরণ করিয়া অর্হৎ হইয়াছিলেন। সর্বসাকুল্যে এই ৬০ জন অর্হৎকে বুদ্ধদেব ধর্মপ্রচারের জন্য দিকে দিকে প্রেরণ করিলেন। অতঃপর তিনি 'ইসিপতন' পরিত্যাগ করিয়া 'উরুবেল' বনভূমির উদ্দেশ্যে যাত্রা করিলেন। পথে বুদ্ধদেব বনভূমিতে একটি বৃক্ষতলে বিশ্রামগ্রহণ করিতেছিলেন, এমন সময় 'ভদ্দবগ্গীয়' (ভদ্রবর্গীয়) ত্রিশটি রাজকুমারের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। ইঁহারা কোশল রাজার পুত্রগণ, পত্নীসহ বনবিহারে প্রমোদ উপভোগ করিতেছিলেন। ইঁহাদের একজনের সঙ্গে পত্নী ছিল না, তৎপরিবর্তে তিনি একটি বারাঙ্গনা সঙ্গে আনিয়াছিলেন। রাজকুমার নিদ্রিত হইলে নটী সেই সুযোগে বস্ত্রালঙ্কারাদি লইয়া পলাইয়া গেল। রাজকুমার সজাগ হইয়া সমস্ত অবগত হইলেন এবং ভ্রাতাদের নিকট বলিলেন। অতঃপর যখন তাঁহারা সকলে নটীর সন্ধানে সমস্ত বনভূমি ঘুরিয়া বেড়াইতে লাগিলেন, তখন বুদ্ধের সহিত তাঁহাদের সাক্ষাৎ হইল। একটি নটীকে বুদ্ধদেব এই পথে যাইতে দেখিয়াছেন কি না, রাজকুমারদের এই প্রশ্নের উত্তরে বুদ্ধদেব পাল্টা প্রশ্ন করিলেন, "ওগো রাজকুমারেরা, তোমরা স্ত্রীলোকটির খোঁজ করছ কেন ?" রাজকুমারেরা কারণ বর্ণনা করিলে বুদ্ধদেব আবার প্রশ্ন করিলেন, "ওহে রাজকুমারেরা, দুষ্টা স্ত্রীলোকের সন্ধানে যাওয়া ভাল, না আত্মানুসন্ধান করা ভাল ?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/318

রাজকুমারেরা আত্মানুসন্ধানকেই শ্রেয় বলিয়া মনে করিলেন। তাহার পর বুদ্ধদেব রাজপুত্রদের কাছে চারিটি আর্যসত্য প্রচার করিলেন এবং ইন্দ্রিয়সুখলিপ্সার দুঃখ-পরিণাম বুঝাইয়া দিলেন। বুদ্ধদেবের উপদেশবাণী শ্রবণ করিয়া রাজপুত্রদের কেহ কেহ 'সোতাপত্তি' লাভ করিলেন, কেহ কেহ 'সকদাগামি' এবং অন্য সকলে 'অনাগামি' নামক আধ্যাত্মিক স্তরে উন্নীত হইলেন। তাঁহারা সকলেই শ্রমণধর্ম গ্রহণ করিলেন।

কাশ্যপ

এই ত্রিশজন বৌদ্ধশ্রমণকে সেই বনভূমিতে প্রতিষ্ঠা করিয়া বুদ্ধদেব ইতস্ততঃ পরিভ্রমণ করিতে লাগিলেন এবং ক্রমে উরুবেল বনে উপস্থিত হইলেন। এই বনে তিন ভ্রাতা ঋষিজীবন যাপন করিতেন। তাঁহাদের নাম উরুবেল-কস্‌সপ, নদী-কস্‌সপ এবং গয়া-কস্‌সপ। নদীর এক একটি বাঁকে তাঁহারা এক এক জন থাকিতেন। এই বনে মুনিগণ শিষ্যদের লইয়া নিজেদের সম্প্রদায় গড়িয়া তুলিয়াছিলেন। জ্যেষ্ঠভ্রাতা উরুবেল-কস্‌সপের সম্প্রদায়ে শিষ্যসংখ্যা ছিল পাঁচশত। দ্বিতীয় ভ্রাতা নদী-কস্‌সপের তিনশত এবং কনিষ্ঠ গয়া-কস্‌সপের দলভুক্ত ছিল দুইশত অনুচর। এই তপস্বীরা বিশ্বাস করিতেন যে লোভ, ঘৃণা ও মোহ প্রভৃতি মনোবিকার ধ্বংস করিতে পারিলেই চরম আধ্যাত্মিক দৃষ্টি উন্মোচিত হইবে এবং 'অর্হৎ' হওয়া যাইবে। কিন্তু তাঁহারা মনোবিকার ধ্বংসের যে পদ্ধতিটি অবলম্বন করিয়াছিলেন তাহা একেবারেই ভ্রমাত্মক। প্রতি প্রভাতে সূর্যোদয়ের পূর্বে তাঁহারা নদীজলে অবগাহন করিতেন। প্রাতরাশের পূর্বকাল পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে জলে থাকিয়া পরে উঠিয়া আসিতেন। প্রাতরাশের পর তাঁহারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগ্নিদেবের উপাসনা করিয়া অগ্নিতাপে দেহ বিশুদ্ধ করিয়া লইতেন। অতঃপর শরীরটি উত্তপ্ত হইলেই পুনরায় জলে নিমজ্জিত হইতেন। তাঁহাদের ধারণা যে, মনের পাপ এইভাবে ধুইয়া যাইবে। শুধু রাত্রিকালেই তাঁহারা নিদ্রার জন্য জল হইতে উঠিয়া আসিতেন। তাঁহাদের বিশ্বাস ছিল যে, দেহবোধের জন্যই মনের পাপ; দেহটিকে সলিলে নিমজ্জিত করিয়া অগ্নিতাপে পুড়াইয়া দুঃসহ শারীরিক দুঃখ ভোগ করিলেই মনের মধ্যে পাপপ্রবৃত্তি জাগিতে পারিবে না। এই বিশ্বাসবশে তাঁহারা প্রত্যহ নিয়মিতভাবে তপশ্চর্যা করিতেন।

বুদ্ধদেব প্রথমতঃ জ্যেষ্ঠভ্রাতা উরুবেল-কস্‌সপের কাছে গিয়া তাঁহার আশ্রমের নিকটস্থ যজ্ঞগৃহে কিছুকাল অবস্থান করিবার অনুমতি প্রার্থনা করিলেন। সেখানে একটি বিরাট বিষধর সর্প বাস করে বলিয়া তপস্বী তাঁহাকে সেখানে থাকিতে নিষেধ করিলেন। বুদ্ধদেব বলিলেন যে, তিনি সর্পভয়ে ভীত নহেন; তপস্বী অনুমতি দিলেই তিনি সেখানে বাস করিবেন। তপস্বীর অনুমোদনে বুদ্ধদেব সেইখানেই থাকিলেন।

পরদিন প্রভাতে সর্পাঘাতে বুদ্ধের মৃত্যু হইয়াছে ভাবিয়া তপস্বী সশিষ্য যজ্ঞগৃহে আসিলেন। কিন্তু কি আশ্চর্য, তিনি দেখিলেন যে, বুদ্ধদেব সর্পটিকে তাঁহার ভিক্ষাপাত্রের মধ্যে আবদ্ধ করিয়াছেন। তপস্বী বুঝিলেন যে, সন্ন্যাসী গৌতম অলৌকিক শক্তির অধিকারী হইয়াছেন সত্য, কিন্তু তাঁহাদের মত 'অর্হৎ' হইতে পারেন নাই। তাপস উরুবেল-কস্‌সপ বুদ্ধদেবের আধ্যাত্মিক শক্তির মহিমা হৃদয়ঙ্গম করিয়া তাঁহার গুণমুগ্ধ হইলেন। তিনি বুদ্ধকে অনুরোধ করিলেন যে, তিনি যেন অন্যত্র না গিয়া তাঁহার নিকটেই থাকেন। বুদ্ধদেব ইহা স্বীকার করিয়া সন্নিকটস্থ বনেই বাস করিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাত্রির প্রথম যামে 'চতুর্মহারাজিক' নামক অধ্যাত্ম-রাজ্যের চারিজন দেবরাজ আসিয়া বুদ্ধবন্দনা করিলেন। সমুজ্জ্বল দেবপুরুষগণকে দেখিয়া তপস্বী কস্‌সপ পরম বিস্ময়বোধ করিলেও ভাবিলেন যে, বুদ্ধদেব অলৌকিক দৈবশক্তি আয়ত্ত করিয়াছেন বটে, কিন্তু এখনও 'অর্হৎ' হইতে পারেন নাই। পরের রাত্রিতে অধস্তন আধ্যাত্মিক রাজ্যের অধীশ্বর 'সক্ক' (শক্র) আসিয়া বুদ্ধবন্দনা করিলেন। সক্ককে দেখিয়া তপস্বীর বিস্ময়ের সীমা ছিল না। তথাপি তিনি এই অভিমত পোষণ করিতে লাগিলেন যে, অলৌকিক শক্তিধর হইলেও গৌতমকে 'অর্হৎ' বলা যায় না। এমন কি, চতুর্থ রাত্রিতে যখন স্বয়ং ব্রহ্মা উচ্চতম অধ্যাত্মলোক হইতে আসিয়া বুদ্ধপ্রণাম করিলেন, তখনও তপস্বী কাশ্যপ গৌতম সম্বন্ধে তাঁহার ধারণা পরিবর্তন করিলেন না।

একদা অঙ্গ ও মগধের অধিবাসীরা একটি বিরাট উৎসবের আয়োজন করিল। এই উৎসবে উরুবেল-কস্‌সপ এবং তাঁহার দলের অন্যান্য তপস্বীদের প্রতি শ্রদ্ধানিবেদন করা ছিল চিরাচরিত রীতি। এই উপলক্ষে তাপস কাশ্যপের মনে চিন্তার উদ্রেক হইল। তিনি ভাবিলেন, "আগামী কাল আমার গৃহী শিষ্যেরা বিরাট উৎসব করবে। তারা আমাদের প্রণাম করতে আসবে এবং অনেক রকম উপহার দেবে। এই মহান্ সন্ন্যাসী গৌতম যেমন প্রিয়দর্শন, তেমনি শক্তিধর। তিনি যদি কিছু অলৌকিক লীলা প্রদর্শন করেন, তাহলে আমার শিষ্যেরা তাঁকেই সম্মান করবে, বিশ্বাস করবে। ফলে আমাদের ওপর তাদের শ্রদ্ধা-বিশ্বাস যাবে কমে এবং আমাদের আর কোন উপহার দেবে না। কাজেই কাল গৌতম এখানে না এলেই ভাল হয়।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধদেব তপস্বীর মনের কথা জানিতে পারিলেন এবং সেই দিন তপস্বীর আশ্রমের কাছে না গিয়া অন্যত্র চলিয়া গেলেন। পরদিন উরুবেল-কস্‌সপ বুদ্ধকে দেখিয়া বলিলেন, "ওহে সন্ন্যাসী গৌতম, কাল এখানে শ্রদ্ধাপ্রদর্শনের একটা বড় উৎসব হয়ে গেল। তুমি এলে না কেন? আমরা আশা করেছিলাম যে, তুমি আসবে।" বুদ্ধদেব তদুত্তরে বলিলেন, "আমি আসিনি; কারণ আপনি মনে মনে ভেবেছিলেন যে, আমি না এলেই ভাল।" তপস্বী তখন বুঝিলেন যে, বুদ্ধদেব এমন আশ্চর্য মানসিক শক্তি অর্জন করিয়াছেন যাহাতে তিনি অপরের মনের কথা জানিতে পারেন। তথাপি তিনি বুদ্ধকে তাঁহার নিজের মত 'অর্হৎ' মনে করিলেন না।

একবার প্রবল বন্যায় নদীতে প্লাবন আসিল। নদীতীর জলে ডুবিয়া গেল। তপস্বীরা নৌকাযোগে যাতায়াত করিতেন। কিন্তু বুদ্ধদেব জলের উপর দিয়া ধুলা উড়াইয়া হাঁটিয়া যাইতেন। ইহা দেখিয়াও তপস্বী ভাবিলেন যে, বুদ্ধদেব আশ্চর্য শক্তির অধিকারী হইয়াছেন বটে, কিন্তু এখনও অর্হত্ব অর্জন করিতে পারেন নাই।

এইভাবে বুদ্ধদেব বহু বার তাঁহার অলৌকিক শক্তির লীলা প্রদর্শন করিলেন। কিন্তু উরুবেল-কস্‌সপের ধর্মান্তর গ্রহণের কাল উপনীত না হওয়ায় তিনি অহঙ্কৃত মনোভাব লইয়া ভাবিতে লাগিলেন যে, তিনিই একতম অর্হৎ এবং আশ্চর্য শক্তির অধিকার পাইলেও গৌতম এখনও অর্হৎ হইতে পারেন নাই। কিন্তু বুদ্ধদেব জানিতেন, কাশ্যপ-ভ্রাতৃবর্গ তাঁহাদের সহস্র শিষ্যগণসহ একদিন না একদিন প্রকৃত মুক্তির পথ অবলম্বন করিয়া বৌদ্ধধর্ম গ্রহণ করিবেন। তাই তিনি যোগ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালের প্রতীক্ষায় তপস্বীদের সন্নিকটেই অবস্থান করিতে লাগিলেন।

তারপর বুদ্ধদেব একদিন বুঝিতে পারিলেন যে, সশিষ্য-কাশ্যপগণের ধর্মান্তর গ্রহণের উপযোগী মানসিক প্রবণতার চরম মুহূর্ত আসন্ন হইয়াছে। তখন তিনি বলিলেন, "প্রিয় ঋষি কাশ্যপ, আপনি নিজেকে অর্হৎ ভাবেন, কিন্তু আপনার নিজের সম্বন্ধে ধারণাটি ভুল, আপনার সাধনপ্রক্রিয়াও ভ্রমাত্মক। জলে ভিজে বা রোদে পুড়ে আপনি কিছুতেই মনের কালি ঘুচাতে পারবেন না।" বুদ্ধদেবের এই স্পষ্টোক্তি শুনিয়া তপস্বী তাঁহার সাধনপন্থার ত্রুটি বুঝিতে পারিলেন। তাঁহাকে শিষ্য করিয়া লইবার জন্য তিনি বুদ্ধদেবকে অনুরোধ করিলেন। কিন্তু বুদ্ধদেব তন্মুহূর্তেই স্বীকার করিলেন না। তিনি বলিলেন, "প্রিয় কাশ্যপ, আপনি পাঁচশ তপস্বীর নেতা, আমার শিষ্যত্ব গ্রহণ করবার আগে আপনার অনুচরদের সাথে পরামর্শ করা উচিত।" ইহা শুনিয়া কাশ্যপ তাঁহার শিষ্যদের সহিত আলোচনা করিলেন এবং সর্বসম্মতিক্রমে সকলে মিলিয়া ভ্রমাত্মক পন্থা পরিহার করিয়া বুদ্ধদেবের ধর্ম গ্রহণ করিলেন। বুদ্ধসঙ্ঘে প্রবেশ করিয়া তাঁহারা তাঁহাদের তৈজসপত্রাদি সব নদীজলে ফেলিয়া দিলেন। নদী-কস্‌সপ নামক তপস্বীটি নদীর নিম্ন বাঁকে থাকিতেন। ভ্রাতার তৈজসপত্র সব নদীর জলে ভাসমান দেখিয়া তিনি ভাবিলেন যে, তাঁহার ভ্রাতা উরুবেল-কস্‌সপ তাঁহার পাঁচশত শিষ্যসহ নিশ্চয়ই কোন বিপদে পতিত হইয়াছেন। তিনি প্রকৃত অবস্থা জানিবার জন্য লোক পাঠাইয়া সবিশেষ জানিতে পারিলেন। অতঃপর নদী-কাস্‌সপ সশিষ্য বুদ্ধসমীপে উপনীত হইয়া সকলেই বুদ্ধদেবের শিষ্যত্ব গ্রহণ করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কনিষ্ঠ ভ্রাতা ও তাঁহার শিষ্যরাও অনুরূপ কার্য করিলেন। এই একসহস্র তপস্বীদের সমবেত করিয়া বুদ্ধদেব 'আদিত্তপরিয়ায়-সুত্ত' (আদিত্যপর্যায়সূত্র) প্রচার করিলেন। ফলে এই সহস্র সন্ন্যাসী অর্হত্ত্ব অর্জন করিলেন।

সত্যক

বুদ্ধদেবের সহিত পরিব্রাজক সন্ন্যাসী সচ্চকের (সত্যক) সাক্ষাৎকার একটি চমৎকার কৌতূহলপূর্ণ ঘটনা। পরিব্রাজক সচ্চক ছিলেন বৈশালী রাজ্যের লিচ্ছবী রাজকুমারদের কুলগুরু। তিনি সাহিত্য ও বিজ্ঞান শাস্ত্রে পারঙ্গম ছিলেন। বুদ্ধদেব একদা বৈশালী নগরে উপস্থিত হইলেন। বুদ্ধ আসিয়াছেন জানিয়া পরিব্রাজক সচ্চক একটি বিতর্কসভার আয়োজন করিয়া প্রমাণ করিতে চেষ্টিত হইলেন যে, তাঁহার মতবাদ বৌদ্ধনীতির তুলনায় শ্রেষ্ঠ, কিন্তু তৎপূর্বে বৌদ্ধনীতির মূল বক্তব্যটি বুঝিয়া লইতে ইচ্ছুক হইলেন।

একদিন বুদ্ধশিষ্য অস্‌সজির (অশ্বজিৎ) সহিত দেখা হওয়ায় সচ্চক জিজ্ঞাসা করিলেন, "মাননীয় সন্ন্যাসী ঠাকুর, তোমাদের গুরু গৌতমের মতবাদটি কি ?" অস্‌সজি জানাইলেন যে, বুদ্ধদেব 'অনত্তা'-মতবাদের প্রচারক। পরিব্রাজক সচ্চক ভাবিলেন যে, বুদ্ধদেবের 'অনত্তা'-মতবাদের বিপক্ষে তিনি অবশ্যই তাঁহার নিজস্ব মতবাদের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিতে পারিবেন। ইহাতে কৃতনিশ্চয় হইয়া তিনি তাঁহার শিষ্য পঞ্চশত লিচ্ছবী রাজকুমারদের নিকটে গিয়া বলিলেন, "রাজকুমারগণ, আমার সাথে এস। আমি গৌতমের সঙ্গে তর্কে আমার মতবাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রেষ্ঠতা প্রমাণ করতে যাচ্ছি। তর্কের সময় আমি গৌতমকে অনেক প্রশ্ন করব। আমার প্রশ্নে জীবন্ত মানুষ ত দূরের কথা, একটা কাঠের থাম পর্যন্ত কেঁপে উঠবে। তিনি যত বড়ই হোন, আমার প্রশ্নে তাঁর ঘাম বেরুবে। একটা ছাগলের দাড়ি ধরে তাকে যেমন এদিক ওদিক নাড়িয়ে দেওয়া যায়, আমি প্রশ্ন করে গৌতমকে তেমনি নাড়িয়ে দেব। একটা জোয়ান মানুষ একটা মাত্নরের দুদিক ধরে পুকুরের জলে যেমন কচলে কচলে ধোয় আমিও তেমনি গৌতমকে ধুয়ে ফেলব। মাতাল তার মদের পাত্রটাকে জলে ধুয়ে ফেলবার সময় যেমন বারবার ঘোরায় আমিও প্রশ্নের আঘাতে তেমনি করে গৌতমকে ঘুরিয়ে দেব। আমার অজস্র প্রশ্নে গৌতমকে নিয়ে আমি এমন কৌতুকক্রীড়া করব যেমন জলকেলি করে রাজহস্তীরা নদীর জলে, শুঁড় দিয়ে জল, তুলে চারদিকে ছড়িয়ে দিয়ে। এমন মজার দৃশ্য দেখবার জন্য, ওগো রাজকুমারেরা, তোমরা সকলে এসো।" ইহা বলিয়া তিনি রাজকুমারগণসহ বুদ্ধ-সমীপে উপনীত হইলেন।

মতবাদ-বিতর্কের উদ্দেশ্যে পরিব্রাজক সত্যক লিচ্ছবী কুমারগণসহ আসিতেছেন জানিতে পারিয়া বুদ্ধদেব নিকটস্থ উদ্যানে একটি বৃক্ষতলে উপবেশন করিলেন এবং তাঁহার শিষ্যগণকে বলিয়া গেলেন যে, সত্যক আসিলে তাঁহাকে যেন বুদ্ধসমীপে প্রেরণ করা হয়। লিচ্ছবী কুমারগণসহ সত্যক উপাগত হইলে বুদ্ধশিষ্যগণ তাঁহাদিগকে বুদ্ধের নিকটে লইয়া গেলেন। বুদ্ধদেবের সহিত সাক্ষাৎ হইবামাত্র সত্যক বুদ্ধদেবের মতবাদ কি তাহা জানিতে চাহিলেন। বুদ্ধ সত্যকের বাঞ্ছিত উত্তরই দিলেন যে, তাঁহার মতবাদের নাম 'অনত্তা'। পরিব্রাজক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন বলিলেন, "ওহে গৌতম, একটা দৃষ্টান্তের কথা আমার মনে জাগ্‌ছে। দৃষ্টান্তটা হচ্ছে এই, মাটি ছাড়া গাছ বাঁচতেও পারে না, বাড়তেও পারে না। তেমনি একটা লোক ভাল-মন্দ কোন কাজই করতে পারে না, যদি তার দেহমনের অস্তিত্ব না থাকে। কোনো একটা কিছু আশ্রয়-ভিত্তি বা অবলম্বন না থাকলে কোন কিছুর অস্তিত্বই সম্ভব নয়।"

ইহা শুনিয়া বুদ্ধদেব বলিলেন, "ওহে সত্যক, তুমি যা বল্‌ছ তাতে কি এই বোঝাচ্ছে যে, তোমার মতবাদের নাম 'অত্তা' (আত্মবাদ)?" সত্যক স্বীকার করিলেন। তিনি আরও বলিলেন যে, তাঁহার সমগ্র অনুচরমণ্ডলীর মতবাদও উহাই। বুদ্ধ বলিলেন, "সত্যক, অন্য সকলের মতবাদ সম্বন্ধে কিছু বলবার দরকার নেই। আলোচনাটা হচ্ছে তোমাতে আমাতে। শুধু তোমার নিজের মতামতের কথাই দয়া করে বল।" সত্যক স্বীকার করিলেন যে, তাঁহার মতবাদ বুদ্ধদেবের 'অনত্তা'-বাদের সম্পূর্ণ বিপরীত 'অত্তা'-বাদ।

অতঃপর বুদ্ধ বলিলেন, "আমি তোমাকে একটা প্রশ্ন করব, তুমি যেমন খুসী উত্তর দিতে পার। কোশল-রাজ পসেনদি (প্রসেনজিৎ) এবং রাজা অজাতসত্তু (অজাতশত্রু) যাঁরা সম্রাট্ পদবাচ্য, তাঁরা মৃত্যুদণ্ডের যোগ্য তাঁদের কোন প্রজাকে কি মৃত্যুদণ্ডাজ্ঞা দিতে পারেন? নির্বাসনদণ্ডের যোগ্য লোককে কি তাঁরা নির্বাসন দিতে পারেন? মামলায় যার হেরে যাওয়া উচিত তাকে হারিয়ে দিয়ে কি তাঁরা রায় দিতে পারেন?" সত্যক প্রত্যুত্তরে বলিলেন, "ওহে গৌতম, সম্রাট্-শাসিত রাজ্যগুলির কথা ছেড়ে দাও, বৈশালী ও কুসিনারার মত ছোট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজ্যে, যেখানে পর্যায়ক্রমে উপরাজগণ শাসন করেন, এমন ঘটনা সেখানেও স্বচ্ছন্দে ঘটতে পারে।”

বুদ্ধদেব এইজাতীয় আরও অনেক প্রশ্ন করিয়াছিলেন। প্রশ্নগুলির তাৎপর্য নিম্নলিখিতরূপ ঃ—

আত্মার অস্তিত্বে বিশ্বাসই যদি সত্য মতবাদ হইত তাহা হইলে কোন প্রাণীই বৃদ্ধ হইত না, রোগে ভুগিত না বা মারা যাইত না। কেহই ত বার্ধক্য, রোগ অথবা মৃত্যু ইচ্ছা করে না! অথচ নিতান্ত অনিচ্ছাসত্ত্বেও মানুষকে বৃদ্ধ হইতে হয়, রোগে ভুগিতে হয়, মৃত্যুমুখে পতিত হইতে হয়। আত্মার অস্তিত্ব যদি সত্য হইত তাহা হইলে জীবকুল স্বদেহের উপর পরিপূর্ণ অধিকার লাভ করিত। সর্বকর্তৃত্বময় সম্রাট্ যেমন নিজের প্রজা ও ভূমিখণ্ডের উপর একক কর্তৃত্বে যেমন খুসী তেমন করিয়া গড়িতে ভাঙ্গিতে পারেন, আত্মসম্পন্ন জীবও সেইরূপ তাহার দেহকে বার্ধক্য, রোগ ও মৃত্যুর হাত হইতে মুক্ত করিয়া চিরতরুণ ও শক্তিমান্ রাখিতে পারিত। কিন্তু তাহা কি তাহারা পারিয়াছে? তাহা যখন পারে নাই, তখন আত্মার অস্তিত্ববাদ কি সত্য হইতে পারে? বুদ্ধদেবের প্রশ্নগুলির মূল তাৎপর্য ছিল এইরূপ।

বুদ্ধদেব এইপ্রকার প্রশ্ন জিজ্ঞাসা করিতে থাকিলে সত্যক যথাযথ উত্তর দিতে না পারিয়া আপাদমস্তক ঘর্মাক্ত হইতেছিলেন। অবশেষে বুদ্ধের অনত্তাবাদকেই স্বীকার করিতে হইল। অতঃপর লিচ্ছবী কুমারদের নিকট সত্যকের দম্ভোক্তির অনুকরণ করিয়া বুদ্ধদেব বলিলেন, “ওহে সত্যক, আমাকে ঘামিয়ে তোল, ছাগলের দাড়ি ধরে এপাশে ওপাশে চালাবার মত আমাকে নাড়িয়ে দাও। পুকুরে মাদুরের দুদিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধরে টানাটানি করে যেমন করে ধোয় আমাকে সেরকম করে ইতস্ততঃ টানাটানি কর। মাতাল যেমন মদের পাত্র ঝেঁকে ঝেঁকে ধোয়, আমাকে তেমন করে ঝেঁকে ফেল। মনের সুখে আমাকে নিয়ে কৌতুকের খেলা খেল যেমন করে নদীতে হাতীরা শুঁড়ে করে জল তুলে ওপরে নীচে আশেপাশে ছড়িয়ে জলখেলা খেলে।" সত্যকের মুখে একটি কথা জোগাইল না, তিনি নীরব হইয়া রহিলেন।

সত্যকের শিষ্য লিচ্ছবীর রাজকুমারেরা সত্যককে বিদ্রূপ করিতে লাগিল। তাহারা বলিতে লাগিল যে, তাহাদের গুরু সত্যক বুদ্ধদেবের সহিত সাক্ষাতের পর কর্তিতাঙ্গ অসহায় কর্কট হইয়া গিয়াছেন।

অঙ্গুলিমাল

পরিব্রাজক সন্ন্যাসী সত্যকের ধর্মান্তরের পর বুদ্ধদেব অঙ্গুলিমালকে বৌদ্ধধর্মে দীক্ষিত করিয়াছিলেন। রাজা কোশলের প্রধান পুরোহিত ভগ্‌গব (ভার্গব) ও তৎপত্নী মন্তানীর (মন্ত্রাণী) পুত্র ছিলেন অঙ্গুলিমাল। ইনি উপযুক্ত বয়সে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছে জ্ঞানার্জন করিয়াছিলেন। শিক্ষাসমাপ্তির পর গুরু তাঁহাকে মানুষের একহাজার অঙ্গুলি দক্ষিণাস্বরূপ দিতে বলিলেন। ইহার জন্য অঙ্গুলিমাল ধারাল অস্ত্রাদিসহ নগর ছাড়িয়া বনে বাস করিতে লাগিলেন। সেই বনপথে যত লোক যাইত অঙ্গুলিমাল তাহাদের পশ্চাদ্ধাবন করিয়া হত্যা করিতেন এবং আঙ্গুলটি কাটিয়া রাখিতেন। প্রথম প্রথম তিনি কর্তিত অঙ্গুলিগুলি নানাস্থানে লুকাইয়া রাখিতেন। কাক বা অন্যান্য পাখী ও পশু আঙ্গুলগুলি লইয়া যাইত বলিয়া অঙ্গুলিসংখ্যা একহাজারে পৌঁছাইতে পারিত না। ইহার পর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি কাটা আঙ্গুলগুলি সূত্রে গাঁথিয়া নিজের গলায়ই মালার মত সর্বদা ঝুলাইয়া রাখিতেন। তাঁহার এই নৃশংস হত্যার কথা এত ছড়াইয়া পড়িয়াছিল যে, অঙ্গুলিমালকে ধরিবার জন্য স্বয়ং রাজা সৈন্যদল লইয়া অগ্রসর হইলেন। অঙ্গুলিমালকে বন্দী করিয়া হত্যা করা হইবে, এই আশঙ্কায় ব্যাকুলা হইয়া অঙ্গুলিমালের জননী ছুটিয়া বনে গেলেন। কারণ তিনি পুত্রকে সতর্ক করিবেন এবং বন হইতে পলাইবার পরামর্শ দিবেন। এদিকে অঙ্গুলিমালের সহস্র অঙ্গুলি-সংগ্রহ পূর্ণ হইতে আর একটি অঙ্গুলিমাত্র বাকী। তিনি প্রতিজ্ঞা করিয়া বসিয়া আছেন যে, সেই দিন তিনি যাহাকে প্রথম দেখিবেন তাহাকেই হত্যা করিবেন। যদি তাঁহার মায়ের সহিত তাঁহার দেখা হইত, তাহা হইলে তিনি মাকেই হত্যা করিতেন। যদি তিনি মাতৃহত্যাকারী হন, তাহা হইলে সেই জীবনে তিনি আর আধ্যাত্মিক দৃষ্টি অর্জন করিতে পারিবেন না, ধর্মলাভেরও কোন উপায় থাকিবে না। সুতরাং মায়ের সহিত প্রথম সাক্ষাৎ বন্ধ করিবার জন্য বুদ্ধদেব স্বয়ং অঙ্গুলি-মালের সম্মুখে উপস্থিত হইলেন। পথে গোপালক, মেষপালক, কৃষক এবং পথচারী যাহার সহিতই দেখা হইল সকলেই বুদ্ধদেবকে ঐ পথে যাইতে নিষেধ করিয়া বলিল, "সন্ন্যাসী ঠাকুর, ঐ পথে যেও না। ঐ দিকে একজন বেপরোয়া নিষ্ঠুর ঘাতক আছে। তার নাম অঙ্গুলিমাল। সে যাকে দেখে তাকেই মারে। চল্লিশ-পঞ্চাশ জন যদি দলবেঁধেও যায়, তাহলেও তার হাতে রক্ষা নেই। কাজেই ঐ পথে যেও না।"

কিন্তু বুদ্ধদেব দিব্যজ্ঞানপ্রভাবে জানিয়াছিলেন যে, সেই দিনই অঙ্গুলিমালের ধর্মান্তরগ্রহণের মহাক্ষণ উপস্থিত। তাই যেদিকে অঙ্গুলিমালের অবস্থান তিনি সেই দিকেই অগ্রসর হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাগিলেন। দূর হইতে বুদ্ধদেবকে আসিতে দেখিয়া অঙ্গুলিমাল আপন মনে চিন্তা করিয়া অবাক হইলেন যে, একজন সন্ন্যাসী সম্পূর্ণ একাকী নির্ভীক ভঙ্গিতে এমন পথে আসিতেছে যে-পথে চল্লিশ-পঞ্চাশ জনের বড় একটা দলও তাঁহার হাতে নিহত হইয়াছে!

যাহা হউক এই সন্ন্যাসীকে হত্যা করিতে কৃতসঙ্কল্প হইয়া অঙ্গুলিমাল তাঁহার দিকে ছুটিয়া গেলেন। বুদ্ধদেব ধীর পদক্ষেপেই চলিতেছিলেন। কিন্তু আশ্চর্য, বুদ্ধের অলৌকিক শক্তি-প্রভাবে অঙ্গুলিমাল তাঁহাকে ধরিতে পারিলেন না। সেই অঞ্চলের ভূমি স্বভাবতঃ সমতল থাকা সত্ত্বেও অঙ্গুলিমালের কাছে মনে হইল যে, তিনি যেন বুদ্ধের অনুসরণে পাহাড় পর্বত উপত্যকার উপর দিয়া ছুটিতেছেন। তিনি শ্রান্ত হইয়া পড়িলেন এবং উচ্চৈঃস্বরে ডাকিয়া বলিতে লাগিলেন, "থাম সন্ন্যাসী ঠাকুর, থাম।" বুদ্ধদেব প্রত্যুত্তরে বলিলেন, "ওহে অঙ্গুলিমাল, আমি ত স্থিরভাবে দাঁড়িয়েই আছি। তুমিই শুধু ছুটাছুটি করছ।"

অঙ্গুলিমাল বলিলেন, "ঠাকুর, সন্ন্যাসী সেজেছ, তবু মিথ্যা কথা বল! তুমি ত দাঁড়িয়ে নেই, তুমিও যে দৌড়াচ্ছ।"

বুদ্ধদেব প্রশান্তকণ্ঠে বলিলেন, "প্রিয় অঙ্গুলিমাল, জীবের জন্মচক্রে পুনর্জন্ম গ্রহণ করবার অবস্থা আমার জীবনে আর আসবে না। আমি চরম জন্ম পরিগ্রহ করেছি। তাই আমি তোমাকে বলেছিলাম যে, আমি স্থির হয়ে আছি। তোমার অবস্থা কিন্তু তা নয়। তুমি এখনও শেষ জন্মে উপনীত হতে পারনি। তাই আমি তোমাকে বলেছি যে, তুমি জন্মচক্রের আবর্তনে এখনও ছুটে চলেছ।" শোনামাত্রই অঙ্গুলিমালের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হাত হইতে উদ্যত তরবারি খসিয়া পড়িল। তিনি বুদ্ধের পদতলে পতিত হইয়া বুদ্ধের শিষ্যত্ব গ্রহণের জন্য কাতর মিনতি করিতে লাগিলেন।

বুদ্ধদেব তাঁহাকে জেতবনের বিহারে লইয়া গেলেন। তাঁহাকে দীক্ষা দিলেন। বুদ্ধের নির্দেশক্রমে ধর্মচর্যা করিয়া অঙ্গুলিমাল 'অর্হৎ' পদবী প্রাপ্ত হইলেন।

দেবদত্ত ও নালাগিরি

নালাগিরি নামক একটি হস্তীকে বুদ্ধ কি ভাবে বশীভূত করিয়াছিলেন তাহা বর্ণনা করা যাইতে পারে। নালাগিরি রাজা অজাতশত্রুর রাজকীয় হস্তী। অজাতশত্রুর গুরু ছিলেন দেবদত্ত। গুরুর নির্দেশক্রমে হস্তীটিকে মদমত্ত করা হইল এবং বুদ্ধদেব যখন ভিক্ষাসংগ্রহে প্রাত্যহিক ভ্রমণের জন্য রাজগৃহ নগরে প্রবেশ করিবেন তখন তাঁহাকে পদতলে পিষ্ট করিয়া হত্যা করিবার জন্য হস্তীটিকে পাঠান হইল। বুদ্ধদেবের অনুচর সন্ন্যাসীরা ইহা জানিতে পারিয়া নালাগিরি যে-পথে আসিতেছে সেই পথ ছাড়িয়া অন্য পথে ভ্রমণ করিবার জন্য বুদ্ধদেবকে বারবার অনুরোধ করিল। বুদ্ধদেব তাহাদিগকে আশ্বাস দিয়া বলিলেন, "ভিক্ষুগণ, ভয় করো না, আমি এই বিরাট হাতীকে বশ করব।" সেই মদমত্ত হস্তীটি যখন বুদ্ধদেবকে পদদলিত করিবার জন্য তাঁহার দিকে বেগে ধাবিত হইতেছিল তখন নিকটস্থ একটি রমণী বুদ্ধের সম্মুখে শিশুপুত্রটি ফেলিয়া দিয়া প্রাণভয়ে পলাইয়া গেল। ফলে নালাগিরি সেই রমণীটির দিকে ঘুরিয়া তাহার পশ্চাদ্ধাবন করিল। বুদ্ধদেব সদিচ্ছা ও সহৃদয়তার সহিত বাধা দিয়া সুস্পষ্ট মধুরকণ্ঠে হস্তীটিকে সম্বোধন করিয়া বলিলেন, "বাছা নালাগিরি, তোমাকে মদমত্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে পাঠান হয়েছে আমাকে মারবার জন্য, হাটবাজার বাড়ীঘর ধ্বংস করবার জন্য নয় বা অন্য লোক হত্যা করবার জন্যও নয়। তাই বাছা, তুমি আমার কাছেই এস।" বুদ্ধদেবের সুস্পষ্ট সুমধুর কণ্ঠস্বর শুনিয়া হস্তীটি পিছনে ফিরিয়া বুদ্ধের প্রতি দৃষ্টিপাত করিল। বুদ্ধদেবের করুণাঘন রূপমূর্তি এবং ষড়্‌বর্ণের দিব্যজ্যোতি দেখিয়া হস্তীটি অভিভূত হইল। তন্মুহূর্তেই নালাগিরির মত্ততার মোহ বিদূরিত হইল এবং সে বুদ্ধের নিকটে আসিয়া বুদ্ধপদে সশঙ্ক প্রণতি জানাইল।

নালাগিরির প্রসঙ্গে দেবদত্তের কথা স্মরণ করিতে হয়। বস্তুতঃ দেবদত্তের প্রসঙ্গ উল্লেখ না করিয়া বুদ্ধদেবের জীবনচিত্র অঙ্কন করা সম্ভব নয়। দেবদত্ত ছিলেন যশোধরার সহোদর, বুদ্ধদেবের জ্ঞাতিভ্রাতা। সুতরাং তাঁহার ধারণা ছিল যে, বুদ্ধশিষ্য সারিপুত্ত (শারিপুত্র) এবং মোগ্‌গল্লান (মৌদ্‌গল্যায়ন) অপেক্ষা তাঁহারই প্রাধান্য হইবে অধিকতর। এই ধারণা সম্পূর্ণ ব্যর্থ হওয়ায় দেবদত্ত যশ ও সম্মানের আশায় অজাতশত্রুকে বেশ সাফল্যের সঙ্গেই হাত করিয়া ফেলেন। তাহার পর অজাতশত্রুর প্রশ্রয়ে তিনি খ্যাতিলাভ করেন এবং তাঁহার অহঙ্কার ক্রমশই বাড়িতে থাকে। ক্রমে তিনি ধর্ম্মনেতারূপে বুদ্ধের স্থান দখল করিবার আশা পোষণ করিতে থাকেন। অতঃপর একদিন দেবদত্ত বুদ্ধদেবের নিকটে গিয়া বলেন যে, বুদ্ধদেবের বয়স বাড়িতেছে, ভিক্ষুসঙ্ঘের কর্তৃত্ব তাঁহার হাতে ছাড়িয়া দেওয়া হউক। সঙ্ঘের নেতৃত্ব হস্তান্তরের প্রস্তাবটি করা হয় একটি জনসভায়। ইহার উত্তরে বুদ্ধদেব বলেন যে, তিনি এই গুরুদায়িত্ব শারিপুত্র এবং মৌদ্‌গল্যায়নকেও দিতে পারেন না। তারপর যে ব্যক্তি অন্যায় ও অসত্য পথে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বার্থসিদ্ধির জন্য ঘুরিয়া বেড়ায় সেই দেবদত্তের উপর কিছুতেই এই ভার ছাড়িয়া দেওয়া সম্ভব নয়। বুদ্ধদেবের এই স্পষ্ট প্রত্যাখ্যানে দেবদত্ত বুদ্ধদেবের বিরুদ্ধে উৎকট প্রতিহিংসার মনোভাব পোষণ করিতে থাকেন। তিনি তাঁহার সমর্থক অজাতশত্রুকে প্ররোচিত করিতে থাকেন যে, অজাতশত্রু তাঁহার পিতা বিম্বিসারকে হত্যা করিয়া নিজে রাজা হইবেন এবং দেবদত্ত বুদ্ধকে হত্যা করিয়া নিজে ভিক্ষুসঙ্ঘের কর্তৃত্ব গ্রহণ করিবেন। অজাতশত্রু এই প্রস্তাবে রাজি হইয়া পিতাকে হত্যা করিলেন। দেবদত্ত বুদ্ধকে হত্যা করিবার জন্য তীরন্দাজ নিযুক্ত করিলেন। কিন্তু ঘাতকেরা বুদ্ধের উপদেশবাণী শুনিয়া ধর্মান্তর গ্রহণ করিয়া 'সোতাপন্ন' হইল। অতঃপর দেবদত্ত পর্বতশীর্ষ হইতে একখণ্ড প্রস্তর বুদ্ধের উপর গড়াইয়া ফেলিয়া দিয়া নিজেই তাঁহাকে হত্যা করিবার চেষ্টা করিয়াছিলেন। এই প্রচেষ্টাও ব্যর্থ হইল। তাহার পর নালাগিরি নামক হস্তীকে মদমত্ত করাইয়া বুদ্ধকে পদদলিত করিবার উদ্দেশ্যে প্রেরণ করা হইল। পূর্বেই বলা হইয়াছে যে, সে চেষ্টাও সার্থক হয় নাই। বুদ্ধের জীবননাশের সমস্ত চেষ্টা এইভাবে ব্যর্থ হওয়ায় দেবদত্ত স্বয়ং বুদ্ধদেবের সমীপে উপনীত হইয়া সঙ্ঘের নিয়মাবলীর সহিত অতিরিক্ত পাঁচটি নীতি সংযোজনের প্রস্তাব করিলেন। তাঁহার প্রস্তাবিত নীতিগুলি নিম্নে বর্ণিত হইল :—

(১) বৌদ্ধভিক্ষুগণ আজীবন বনে বাস করিবেন, কখনই গ্রামে বা নগরে থাকিবেন না।

(২) তাঁহারা ভিক্ষান্নদ্বারা জীবিকা নির্বাহ করিবেন, কখনই আহারের নিমন্ত্রণ গ্রহণ করিবেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) তাঁহারা পরিত্যক্ত বসন পরিধান করিবেন, কখনই সাধারণ লোকের নিকট হইতে পরিচ্ছদ গ্রহণ করিবেন না।

(৪) তাঁহারা সারাজীবন বৃক্ষতলেই যাপন করিবেন, কখনই কোন আচ্ছাদনের তলায় বাস করিবেন না।

(৫) তাঁহারা সমস্ত জীবনব্যাপী নিরামিষাশী হইবেন, কখনই মৎস্য-মাংস ভক্ষণ করিবেন না।

—এই পাঁচটি দেবদত্তকর্তৃক প্রস্তাবিত অতিরিক্ত নিয়মাবলী।

তাঁহার প্রস্তাবিত এই নিয়ম পাঁচটি অবশ্যই চমৎকার। ইহাদের উৎকর্ষের কথা বুদ্ধদেব প্রায়ই সপ্রশংসভাবে উল্লেখ করিতেন, কিন্তু নিয়মগুলি এমন কঠোর যে, বুদ্ধশিষ্যদের মধ্যে অল্প কয়েকজনই মাত্র ইহা পালন করিবার যোগ্য। ভিক্ষুসঙ্ঘের প্রত্যেকটি লোকের পক্ষে ইহা নিখুঁতভাবে পালন করা সম্ভব নয়। সঙ্ঘের সকল লোককে মানাইতে পারিবেন না বলিয়া বুদ্ধদেব এই সৎ নীতিগুলিকেও গ্রহণ করিবেন না, ইহা বুঝিয়া শুনিয়াই কুবুদ্ধিবশে দেবদত্ত প্রস্তাবটি করিয়াছিলেন। এই নীতিগুলির প্রতি তাঁহার নিজেরও সমর্থন ছিল না। শুধু বুদ্ধদেবকে শিষ্যদের চোখে হেয় প্রতিপন্ন করিবার জন্য দেবদত্ত প্রস্তাবটি উত্থাপন করেন।

প্রস্তাবিত পাঁচটি নিয়ম বুদ্ধদেব তাঁহার সঙ্ঘের নিয়মাবলীর অন্তর্ভুক্ত করিতে অস্বীকার করিলে দেবদত্ত দলের মধ্যে ভাঙ্গন ধরাইয়া তাঁহার নিজের অনুবর্তী সন্ন্যাসিদল লইয়া বুদ্ধদেবকে বর্জন করিয়া চলিয়া গেলেন।

শারিপুত্র এবং মৌদ্গল্যায়ন পিছনে পিছনে গিয়া দেবদত্ত-কর্তৃক ভ্রান্তপথে চালিত দলত্যাগী ভিক্ষুদের আবার দলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১/৬১৪

ফিরাইয়া আনিবার চেষ্টা করিয়াছিলেন। দেবদত্ত যেখানে সশিষ্য অবস্থান করিতেছিলেন সেখানে যাহাতে শারিপুত্র ও মৌদ্গল্যায়ন উপস্থিত না হইতে পারেন তাহার জন্য বাধা সৃষ্টি করিল কোকালিক এবং সমুদ্দদত্ত (সমুদ্রদত্ত) নামক দেবদত্তের শিষ্যদ্বয়। কিন্তু দেবদত্ত ভাবিলেন যে, বুদ্ধের দুইটি প্রধান ভক্ত বুদ্ধকে বর্জন করিয়া তাঁহার দলে যোগ দিতে আসিয়াছে। ইহা ভাবিয়া তিনি শিষ্যদ্বয়কে তাঁহার অনুচরদের কাছে ভাষণ দিতে অনুমতি প্রদান করিলেন। এই সুযোগে শারিপুত্র ও মৌদ্গল্যায়ন এমন ভাষণ দিলেন যে, বিপথগামী ভিক্ষুরা আবার বৌদ্ধসঙ্ঘে প্রত্যাবর্তন করিল।

এই ঘটনায় দেবদত্তের শিষ্য কোকালিক এত ক্রুদ্ধ হইয়া পড়িল যে, সে নিজের গুরুর বুকেই প্রচণ্ডভাবে পদাঘাত করিয়া ফেলিল। ফলে দেবদত্ত রক্তবমন করিতে লাগিলেন। ইহার পর নয় মাস অতিবাহিত হইল। দেবদত্তের মনে পূর্বকৃত কুকার্য্যাবলীর জন্য তীব্র অনুশোচনার উদয় হইল। তিনি তাঁহার শিষ্যগণের কাছে ব্যাকুল অনুরোধ জানাইলেন যে, তাহারা যেন তাঁহাকে বুদ্ধসমীপে লইয়া যায়। তাঁহার মনে বুদ্ধদর্শন ও বুদ্ধপ্রণামের অভিলাষ জন্মিয়াছে। কিন্তু তাহারা ভিন্নমতাবলম্বী, এই অজুহাতে শিষ্যবর্গ দেবদত্তকে বুদ্ধের কাছে লইয়া যাইতে স্বীকার করিল না। দেবদত্ত আবার তাহাদের জানাইলেন যে, তিনি নিজেই বুদ্ধের প্রতি শত্রুভাবাপন্ন ছিলেন, বুদ্ধ কখনই তাঁহার সহিত শত্রুতা করেন নাই, তাঁহার মনে এক চুল পরিমাণও বিদ্বেষ ছিল না। কাজেই বুদ্ধের সম্মুখে লইয়া যাইবার জন্য দেবদত্ত পুনরায় শিষ্যগণকে কাতর মিনতি করিতে লাগিলেন।

অতঃপর শিষ্যেরা দেবদত্তকে একটি খাটিয়ায় শোয়াইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধদেবের নিকট বহন করিয়া লইয়া গেল। ভিক্ষুরা বুদ্ধদেবকে জানাইল যে, দেবদত্ত সাক্ষাৎপ্রার্থী হইয়া আসিতেছেন। শুনিয়া বুদ্ধদেব বলিলেন যে, যে-ব্যক্তি বুদ্ধকে দিয়া পাঁচটি নিয়ম প্রবর্তনের দাবী স্বীকার করাইতে চাহিয়াছিল সে এমন কিছু কর্ম করে নাই যাহার ফলে সে বুদ্ধদর্শন বা বুদ্ধপ্রণাম করিতে পারে। যখন তিনি শুনিলেন যে, দেবদত্ত সঙ্ঘারামের সীমানার মধ্যে তোরণদ্বারে উপনীত হইয়াছেন, তখনও তিনি অনুরূপ মন্তব্যের পুনরুক্তি করিলেন। দেবদত্ত কোনও রকমে বুদ্ধদেবের সম্মুখে উপনীত হইবার পূর্বেই বুদ্ধদেব দেহরক্ষা করিলেন।

মহাপরিনিববান (মহাপরিনির্বাণ)

সুদীর্ঘ পঁয়তাল্লিশ বৎসর একাদিক্রমে ধর্মপ্রচার করিয়া বুদ্ধদেব যখন বৈশালী দেশে ছাপাল মন্দিরে বাস করিতেছিলেন তখন 'তবোদ্বই' মাসে অর্থাৎ বাংলা মাঘ বা ইংরাজী ফেব্রুয়ারী মাসের পূর্ণিমা তিথিতে শিষ্যবর্গের কাছে ঘোষণা করিলেন যে, তিন মাস কাল মধ্যেই তিনি ইহলোক পরিত্যাগ করিবেন। কসোন মাসের (বাংলা বৈশাখ, ইংরাজী মে) পূর্ণিমা তিথি, সূর্যদেব অস্তগমনোন্মুখ। এমন সময় বুদ্ধদেব তাঁহার কয়েকটি প্রিয় শিষ্যসহ দেহত্যাগের বাসনায় কুসিনারা নগরে আগমন করিলেন। বুদ্ধশিষ্য আনন্দ বলিলেন, "প্রভু, এই কুসিনারা নগরী একটা বড় গাছের ডালপালার মতই ছোট। এই ছোট শহরটি মহান্ বুদ্ধের মহাপরিনির্বাণের যোগ্য স্থান নয়। মহান্ বুদ্ধের মহাপ্রয়াণের প্রকৃষ্ট স্থান হচ্ছে বৃহৎ নগর রাজগৃহ, শ্রাবস্তি অথবা চম্পা।" এই কথার উত্তরে বুদ্ধদেব বলিয়াছিলেন, "আনন্দ, কুসিনারাকে এত ছোট ভেবে উপেক্ষা করো না। প্রাচীন কালে নগরটি খুব বিখ্যাত ও সমৃদ্ধ ছিল। এর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম ছিল কুশাবতী, এখানকার রাজা ছিলেন মহাসুদস্‌সন (মহাসুদর্শন)।" এই প্রসঙ্গে বুদ্ধদেব তাঁহার শিষ্যদের কাছে 'মহাসুদস্‌সনসুত্ত' প্রচার করিয়াছিলেন।

রাত্রির প্রথম যামে বুদ্ধদেব কুসিনারার শাসন কর্তৃপক্ষ মল্ল রাজকুমারদের কাছে ধর্মোপদেশ প্রদান করিলেন।

রাত্রির দ্বিতীয় যামে পরিব্রাজক সুভদ্র বুদ্ধদেবকে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করিতে আসিলেন। বুদ্ধদেবকে অত্যন্ত ক্লান্ত বিবেচনা করিয়া আনন্দ তাঁহাকে বুদ্ধসমীপে যাইতে দিলেন না। বুদ্ধদেব ইহা বুঝিতে পারিয়াছিলেন। তিনি আনন্দকে বলিলেন, "আনন্দ, সুভদ্রকে আমার কাছে আসতে বাধা দিও না। আমার সাথে দেখা করার সুযোগ পেলে তার বড় উপকার হবে। ওকে আমার কাছে আসতে দাও।" তখন সুভদ্র বুদ্ধচরণে উপনীত হইবার সৌভাগ্য লাভ করিয়া বুদ্ধবাণী শ্রবণ করিয়া 'অর্হৎ' হইলেন।

ক্রমে রাত্রির তৃতীয় যাম আসিল। এইবার বুদ্ধদেব তাঁহার সর্বশেষ উপদেশবাণী উচ্চারণ করিলেন। বাণীটির উপসংহার বা সমাপ্তি-উক্তি এইরূপ :—

"হন্দ দানি ভিক্‌খবে আমন্তয়ামি বো,
বয়ধম্মা সংখারা অপ্পমাদেন সম্পাদেথ।"

"ভিক্ষুগণ, তোমাদের জন্য আমি এই বাণী রেখে গেলাম। সমস্ত সৃষ্ট পদার্থই ধ্বংস-স্বভাব। তোমরা পরিপূর্ণভাবে অপ্রমত্ত মনোবিশিষ্ট হও।"

অতঃপর বুদ্ধদেব অন্তিম নিঃশ্বাস ত্যাগ করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় ভাষণ

ধম্ম (ধর্ম)

প্রাক-বৌদ্ধ মতবাদ

এখন ধর্ম সম্বন্ধে আলোচনা করা হইবে। ধর্ম সম্বন্ধে কিছু বলিবার পূর্বে ধর্মের তাৎপর্য বুঝিবার জন্য বুদ্ধদেবের সমসাময়িক কালে ভারতবর্ষে যে-সমস্ত ধর্মীয় মতবাদ প্রচলিত ছিল তৎসম্বন্ধে কিঞ্চিৎ ধারণার আবশ্যক। ঐ মতবাদগুলিকে প্রধানতঃ তিনটি শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে :—

(১) পূবেবকত-হেতুবাদ (পূর্বকৃত-হেতুবাদ)।
(২) ইস্সরনিম্মান-হেতুবাদ (ঈশ্বরনির্মাণ-হেতুবাদ)।
(৩) অহেতু-অপচ্চয়বাদ (অহেতু-অপ্রত্যয়বাদ)।

১। পূর্বকৃত-হেতুবাদ অনুসারে বলা হয় যে, মানুষ পূর্বজন্মকৃত কর্মানুসারেই বর্তমান জীবন লাভ করে। জগতে বিভিন্ন অবস্থা দৃষ্টিগোচর হয় : কেহ ধনী, কেহ দরিদ্র। কেহ বা খুব শক্তিমান্, অন্য সকলে সেরূপ নহে। একজন হয়ত বিজ্ঞ, অপর ব্যক্তি নিতান্ত অজ্ঞ। কেহ সুন্দর, কেহ কুৎসিত। কাহারও বহু অনুচর ও সেবক আছে, কেহ হয়ত একেবারেই নির্বান্ধব। এইরূপ পার্থক্যের হেতু পূর্বজন্মে সম্পাদিত সৎ বা অসৎ কর্ম। যদি কেহ এই জন্মে কোন ভাল কাজ করে তাহা হইলে বুঝিতে হইবে যে, পূর্বজন্মে এই ভাল কাজ করিবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মত যোগ্যতা সে অর্জন করিয়াছিল। এই জন্মে কৃত অসৎকর্মের হেতুও অনুরূপভাবে পূর্বজন্মের কৃতকর্মের মধ্যেই নিহিত। এই মতবাদ অনুসারে সমস্ত কৃতকার্য এবং অবস্থা-বিভেদের সমগ্র দায়িত্ব অতীতের কৃতকর্মের উপরই আরোপিত হয়।

২। ঈশ্বরনির্মাণ-হেতুবাদ মতে বলা হয় যে, প্রাণী বা অপ্রাণী জগৎ সমস্তই এক বিরাট পুরুষের সৃষ্টি। সেই পুরুষের জরা, ব্যাধি বা মৃত্যু নাই। তিনি চিরন্তন। তিনি খুসীমত যাহা ইচ্ছা তাহাই সৃষ্টি করিতে পারেন। এতএব এই মতানুসারে বিশ্ব-বিধাতার ইচ্ছাক্রমেই জগতের অবস্থাভেদ। ধনী-নির্ধন, শক্তিশালী-দুর্বল, পণ্ডিত-মূর্খ, সুন্দর-কুৎসিত, দীর্ঘায়ু-অল্পায়ু, সসঙ্গ-নিঃসঙ্গ প্রভৃতি সমস্ত অবস্থা-বৈচিত্র্য সেই মহান্ পুরুষের অভিলাষ মাত্র।

৩। অহেতু-অপ্রত্যয়বাদ অনুসারে জগতের সমস্ত বস্তুই স্বয়ংজাত, স্বতঃস্ফূর্ত। বিশ্বসৃষ্টির মূলে কোন হেতুই নাই। কাজেই জগতে ধনী ও নির্ধন, সবল ও দুর্বল, বিজ্ঞ ও অজ্ঞ, সুশ্রী ও কদাকার, দীর্ঘজীবী ও ক্ষণজীবী প্রভৃতি যতরকম অবস্থাভেদ আছে তাহা সমস্তই নির্হেতুক। সব অবস্থাই স্বয়ংসিদ্ধ। এই মতবাদীরা বিশ্বাস করে যে, ইহজীবনের পর অস্তিত্ব বিলুপ্ত হয় এবং মৃত্যুতে সব কিছুই নিঃশেষে তিরোহিত হইয়া যায়।

বুদ্ধদেব এই তিনটি মতবাদই বর্জন করিয়াছিলেন। তিনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে মতবাদ প্রতিষ্ঠা করিয়াছিলেন তাহার নাম 'অনত্তবাদ' (অনাত্মবাদ)।

অনাত্মবাদ

অনাত্মবাদ অনুসারে সমগ্র বিশ্বের কিছুই কোন ব্যক্তি-বিশেষের সৃষ্টি নহে। সমগ্র জড়বিশ্ব অর্থাৎ সূর্য, চন্দ্র, নক্ষত্র, গ্রহ, নক্ষত্রমণ্ডল, পর্বত, বন, সমুদ্র ও পৃথিবী কাহারও হাতেগড়া নয়। ইহারা পাঁচটি মৌলিক ধাতুর সমন্বয় মাত্র।

এই পাঁচটি মৌলিক উপাদান—ক্ষিতি, অপ্, তেজস্, মরুৎ এবং ব্যোম বা আকাশ ধাতু।

অনাত্মবাদ অনুসারে জীবজগৎ কোন ব্যক্তি বা শক্তির সৃষ্টি নয়। ছয়টি মৌলিক উপাদানের সমন্বয় ও সংহতির ফলেই জীবকুলের অস্তিত্ব। পূর্বোক্ত পাঁচটি মৌলিক উপাদানের সহিত চিত্ত বা ভাবনাশক্তি নামক ষষ্ঠ উপাদানের সংযোগে প্রাণিজগৎ উৎপন্ন হইয়াছে।

এই মৌলিক উপাদানগুলির পারিভাষিক নাম 'ধাতু'। যাহা ধারণ করিয়া রাখে, যাহা বস্তুস্বরূপরূপে অন্তর্নিহিত তাহাই ধাতু। বৈজ্ঞানিক দৃষ্টির আলোকে দেখিলে ধাতুকে মূল প্রকৃতি বলা যাইতে পারে। শব্দটির মূল তাৎপর্য সম্বন্ধে সাধারণ লোকের ভুল করিবার সম্ভাবনা আছে। এই যে ছয়টি মূল প্রকৃতি বা ধাতু, ইহারা স্থির ও নিশ্চল থাকে না। এক মুহূর্তের জন্যও ইহারা নিষ্ক্রিয় নয়, নিরন্তর পরিবর্তনশীল।

ছয়টি মূল অন্তঃপ্রকৃতির মধ্যে মনঃপ্রকৃতিই পরম বিস্ময়কর। বুদ্ধদেব মনঃপ্রকৃতির বৈশিষ্ট্য সম্বন্ধে বহু উপদেশ প্রদান করিয়াছেন। মনের প্রথম বৈশিষ্ট্য অনুভূতিশক্তি, দ্বিতীয় স্মৃতিশক্তি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় আবেগশক্তি এবং চতুর্থ বিজ্ঞানশক্তি। মনের শক্তি-বৈচিত্র্য খুবই উল্লেখযোগ্য। মন কখনই স্বতন্ত্র বা স্বস্থিত নয়; ইহার অস্তিত্ব জ্ঞেয় বস্তু বা মননক্রিয়ার বিষয়ের উপর নির্ভর করে। এই বিষয়ের পারিভাষিক নাম 'আরম্মণ' (আলম্বন)। ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুকেই আরম্মণ বা আলম্বন বলে। ইহাই মন ও বুদ্ধির সক্রিয়তার ভিত্তি। ইহাই চেতনা বা চিন্তার অবলম্বন। চিন্তনক্রিয়ার অবলম্বন জীব ও জড় জগৎ ছাড়া অন্য কিছু নয়। মনের কাছে স্থূল বস্তুরূপে অথবা সূক্ষ্ম ভাবরূপে যাহা কিছু উপস্থিত হয় তাহাকেই 'আরম্মণ' বলা যাইতে পারে। মনের সঙ্গে আরম্মণের অর্থাৎ চিন্তনীয় বিষয়ের সংযোগ স্থাপিত হইলেই মনের বিলোপ ঘটে এবং নবতর মনের উদ্বোধন হয়। সেই নূতন মনটি আবার বস্তু ও ভাব সংস্পর্শে বিলুপ্ত হইয়া নূতন মানসিকতার সৃষ্টি করে। এইভাবে চিত্ত বা চৈত্তধর্মের অনবচ্ছিন্ন প্রবাহ চলিতে থাকে। চৈত্তধর্মের উদয় ও বিলয় এত দ্রুত ঘটিতে থাকে যে, নির্দিষ্ট কালসীমার মধ্যে তাহাকে অনুভব করা যায় না। চক্ষুর পলকে ও বিদ্যুতের আকস্মিক দীপ্তিতে যে ক্ষুদ্র কালপরিমাণটুকু অতিবাহিত হয়, তাহা অপেক্ষাও দ্রুত গতিতে চৈত্তধর্মের বিনষ্টি ও উদ্ভব সংঘটিত হয়।

চিত্তধর্মের উত্থানপতনের অবিশ্রান্ত দ্রুতগতিত্বের ফলে অনেকের মনেই এই ধারণা জন্মে যে, জন্ম হইতে মৃত্যু পর্যন্ত মানুষের একটি মাত্র চিত্তই ক্রিয়াশীল, কিন্তু তাহা নহে। দৃষ্টান্তস্বরূপ একটি বৈদ্যুতিক বাতিকে গ্রহণ করা যাইতে পারে। একটি বাতি একঘণ্টা কাল অনবরত জ্বলিতেছে। অনেকেই ভাবিবেন যে, পুরা এই একটি ঘণ্টা একটি মাত্র আলোই প্রজ্বলিত। কিন্তু প্রকৃতপক্ষে আঘাত দিয়া বিদ্যুৎ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রবাহ সংযোগ করিয়া দেওয়ামাত্র যে শিখাটি আসিয়াছিল তাহা তন্মুহূর্তেই নিঃশেষ হইয়াছে। একঘণ্টা যাবৎ যে শিখাটি জ্বলিতেছে তাহা অসংখ্য খণ্ড খণ্ড শিখার সমবায় মাত্র। পর পর শিখাগুলি এত দ্রুত নিভিতেছে এবং জ্বলিতেছে যে, তাহারা যে প্রতি মুহূর্তেই পৃথক তাহা মনে হয় না। বরং ধারণা হয় যে, ইহা একটি মাত্র সুস্থির দীপশিখা।

ঠিক অনুরূপভাবেই মানুষের মধ্যে পরম্পরাগতভাবে চিত্তের অতিদ্রুত উদয় ও বিলয় হইতেছে। দ্রুত সন্নিহিতির সন্ততিতে যে অনন্ত বিজ্ঞানপ্রবাহ চলিতেছে তাহাকেই 'মন' আখ্যা দেওয়া হইয়াছে। চৈত্তধর্মের এই প্রকার পরম্পরাগত অনুবন্ধ জীবের দেহাবসানের সহিত পরিসমাপ্ত হইয়া যায় না।

জীবের মৃত্যুর অব্যবহিত পূর্বেই তাহার সর্বশেষ চৈত্তধর্ম অন্তর্হিত হয়। কিন্তু মৃত্যুর পূর্বে চিত্ত যে বস্তুর সংস্পর্শে আসিয়াছিল অর্থাৎ যাহা 'আরম্মণ' ছিল তাহার সহিত সংযোগে নূতন চিত্তধর্মের উৎপাদন হয় এবং চিত্তপ্রবাহ-সন্ততি চলিতেই থাকে। যদি ক্ষুদ্র একটি পিপীলিকাকে একটা নেহাইর উপর রাখিয়া অকস্মাৎ হাতুড়ির আঘাতে চূর্ণ করা হয় তাহা হইলে সে বিচূর্ণিত হইয়া ধ্বংস হইবে, তাহার কোন চিহ্নই থাকিবে না। এমন আকস্মিক মৃত্যুতেও পিপীলিকাটির মানসিক সত্তার সন্ততি ব্যাহত হইবে না। মুমূর্ষু অবস্থায় তাহার যে চৈত্তধর্ম ছিল তাহার প্রবাহ চলিতেই থাকিবে।

এইভাবে চৈত্তধর্মের সন্ততি অব্যাহত থাকিলে এবং ক্রম-পরম্পরায় চলিতে থাকিলে চৈত্তধর্মানুযায়ী বিশিষ্ট জীবনস্তরে জীবকে বার বার জন্মপরিগ্রহ করিতেই হইবে। পরম্পরাগত মানসিক সত্তার ধারা যে জীবনস্তরে পুনর্জন্ম গ্রহণ করায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধদেব তাহার সংখ্যা নির্দেশ করিয়াছেন একত্রিশটি। ইহাদের বিভাগ নিম্নলিখিতরূপ :—

(১) চারিটি নিম্নস্তরের নাম 'অপায়'।
(২) একটি মানবিক অস্তিত্বের স্তর।
(৩) ছয়টি দেবস্তর অর্থাৎ অনুচ্চ আধ্যাত্মিক স্তর।
(৪) বিশটি ব্রহ্মস্তর অর্থাৎ সমুচ্চ আধ্যাত্মিক স্তর।

বিভিন্ন স্তরে পুনঃ পুনঃ জন্মগ্রহণ করার অবস্থাকে পালি-ভাষায় বলে 'সংসার'। বুদ্ধদেবের শিক্ষার মূল তাৎপর্য হইল এই 'সংসারের দুঃখ' অর্থাৎ পুনর্জন্মের কষ্টের হাত হইতে অব্যাহতি-লাভ।

'সংসার'-এর তাৎপর্য

বুদ্ধদেবের শিক্ষার মূল তাৎপর্য হৃদয়ঙ্গম করাইবার জন্য কয়েকটি বিষয়ের বিশদ ব্যাখ্যা প্রয়োজন। প্রথমতঃ, সংসার কি? দ্বিতীয়তঃ, সংসারের দুঃখ বলিতে কি বুঝায়? তৃতীয়তঃ, সংসারের দুঃখ কি কারণে অনবরত উৎপন্ন হয়? চতুর্থতঃ, সংসারের দুঃখ হইতে মুক্তির অর্থ কি এবং পঞ্চমতঃ, সংসারের দুঃখ হইতে মুক্তিলাভ করিবার জন্য কি করিতে হইবে?

১। 'সংসার' শব্দের তাৎপর্য যতদূর সম্ভব সরল করিয়া বুঝাইয়া বলিতে গেলে বলিতে হয় যে, 'সংসার' হইল জীবের চিরন্তন অনবচ্ছিন্ন উদয় ও বিলয়। ইহার নাম জন্মচক্র। জীবগণ তাহাদের পূর্বজন্মের সৎ বা অসৎ ক্রিয়ার ফলে নিরয়-লোক, প্রাণিজগৎ, নরলোক, দেবলোক বা ব্রহ্মলোক প্রভৃতি একত্রিশটি অস্তিত্বস্তরের যে-কোন একটিতে অবশ্যই জন্ম-পরিগ্রহ করিবে। ইহাকেই বলে 'সংসার'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। ভবচক্র বা সংসারের দুঃখ কি, তাহাও বুঝিতে হইবে। সমস্ত প্রাণীকেই ব্রহ্মলোক, দেবলোক, নরলোক, জীবলোক বা নিরয়লোকে পুনর্জন্ম গ্রহণ করিয়া জরা, ব্যাধি ও মৃত্যুর অধীন হইতে হইবে। ইহাই ভবচক্রের দুঃখ। প্রত্যেক জীবই, তিনি মহাপরাক্রান্ত রাজাধিরাজ অথবা দেবতা যাহাই হউন না কেন, ভবচক্রের দুঃখ এড়াইতে পারিবেন না। যতদিন জীব এই একত্রিশটি অস্তিত্বস্তরের যে-কোন একটিতে জন্মগ্রহণ করিতে বাধ্য হইবে, ততদিন এই ভবদুঃখের হাত হইতে তাহার অব্যাহতি নাই।

৩। 'সংসার-দুঃখ' কি কারণে উৎপন্ন হয়, তাহাও জানা প্রয়োজন। কারণটি তণ্‌হা (তৃষ্ণা) ছাড়া অন্য কিছুই নয়। নিজের প্রতি আসক্তি, স্ত্রী, পুত্র ও বিষয়সম্পত্তির প্রতি আসক্তি, জড়বস্তু ও জীবের প্রতি যে আসক্তি তাহারই নাম তৃষ্ণা। ইহাই সকল দুঃখের হেতু।

৪। 'সংসার-দুঃখ' হইতে মুক্তি বলিতে কি বুঝায় তাহাও অনুধাবন করিতে হইবে। একত্রিশটি জন্মস্তরের কোনটিতেই যদি জন্মগ্রহণ না করিতে হয়, তাহা হইলেই সংসারের দুঃখ হইতে মুক্তি হয়।

৫। সংসারের দুঃখ হইতে অব্যাহতি পাইবার জন্য জীবের পক্ষে করণীয় কার্য আছে। যে ব্যক্তি ভবচক্রের হাত হইতে মুক্তির অভিলাষী হইবেন তাঁহাকে নিম্নোক্ত কর্তব্যগুলি সম্পাদন করিতে হইবে :—

(ক) অবিচলিতভাবে তিনি নৈতিক বিধি অর্থাৎ শীলধর্ম আচরণ করিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খ) নৈতিক বিধি-নিয়মিত পালন করিয়া তিনি নিষ্ঠার সহিত মনঃসংযম করিবেন অর্থাৎ 'সমাধি' অভ্যাস করিবেন।

(গ) কঠোরভাবে মনঃসংযম করিয়া তিনি পঞ্ঞা (প্রজ্ঞা) অর্জনের জন্য আপ্রাণ চেষ্টা করিবেন। ইহাই অপরোক্ষ জ্ঞান।

এই তিনটি আচরণস্তরের মধ্যে প্রজ্ঞাস্তরই সর্বাপেক্ষা বেশী মূল্যবান্। প্রজ্ঞাস্তরে উপনীত না হইলে কোন জীবই সংসার-দুঃখ এড়াইতে সমর্থ হইবে না। প্রজ্ঞা অর্জনের জন্য গভীর মনঃসংযোগ-দ্বারা 'সমাধি' অভ্যাস করিতে হয়। নৈষ্ঠিকভাবে 'সমাধি' অভ্যাসের জন্য শীলধর্ম-আচরণে সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হইতে হইবে। কাজেই 'শীল' ধর্মানুশীলন ছাড়া কোন উচ্চ সাধনস্তরে উপনীত হওয়া যায় না। সাধনার মূল ভিত্তিই 'শীল'।

শীল, সমাধি ও প্রজ্ঞা—সাধনার এই তিনটি স্তরের ব্যাখ্যা করা প্রয়োজন।

শীল

সংক্ষেপে বলিতে গেলে শীল-আচরণের মূল উপাদান হইল—

(১) পঞ্চনীতি
(২) অষ্টনীতি
(৩) নবনীতি
(৪) দশনীতি
(৫) আজীবট্ঠমকশীল অর্থাৎ সদাচরণ
(৬) চতুপারিসুদ্ধিশীল অর্থাৎ পবিত্র আচরণ

4—2044B.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১। পঞ্চনীতি হইল পাঁচটি নিষেধবাক্য—জীবহত্যা, পরস্বাপহরণ (অদত্তাদান), পরকীয়া বা অপরের অধীনা নারীর সহিত ব্যভিচার, মিথ্যাভাষণ এবং মদ্যপান। এই পাঁচটি কাজ হইতে বিরত হইতে হইবে।

২। অষ্টনীতি হইল পূর্ব পাঁচটি নীতির সহিত আরও তিনটি নিষেধ। জীবহত্যা, পরস্বাপহরণ, ব্যভিচার, অনৃতভাষণ ও মদ্যপান এই পাঁচটি ত নিষিদ্ধই। আরও নিষিদ্ধ মধ্যাহ্নের পর খাদ্যগ্রহণ। তারপর নৃত্যগীতবাদ্যাদি করা, শোনা, দেখা বা করান নিষিদ্ধ, মাল্যগন্ধপুষ্প ব্যবহার এবং প্রসাধনাদির অনুলেপনও নিষিদ্ধ। অষ্টম নিষেধ অনুসারে উচ্চ সুখাসনে উপবেশন ও শয়ন করাও চলিবে না।

৩। নবনীতিতে পূর্বোক্ত আটটি নিষেধের সহিত নূতন একটি সংযোজিত হইয়াছে। ইহাতে সদিচ্ছা এবং সপ্রেম করুণায় অপরের হৃদয় জয় করার নির্দেশ দেওয়া হইয়াছে।

৪। দশনীতিতে আচরণ সম্বন্ধে দশটি সুস্পষ্ট নির্দেশ দেওয়া হইয়াছে—

(১) জীবহত্যা হইতে বিরত হইতে হইবে।
(২) অপরের ধন অপহরণ করিবে না।
(৩) যৌনসম্ভোগ বর্জন করিতে হইবে।
(৪) অসত্যভাষণ হইতে নিরস্ত হইতে হইবে।
(৫) সর্বপ্রকার মাদক ও উত্তেজক দ্রব্য পরিহার করিতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) মধ্যাহ্নকাল অতীত হইলে আহার্য গ্রহণ করা হইবে না।

(৭) নৃত্য, গীত এবং বাদ্য বর্জন করিবে, নিজে করিবে না, দেখিবে না ও শুনিবে না। এমন কি, অপরকে দিয়াও ইহা করাইবে না।

(৮) পুষ্পমাল্য পরিধান করিবে না এবং দেহ-সৌন্দর্যবিধানের জন্য গন্ধতৈল বা চূর্ণ বা অনুলেপনাদি ব্যবহার করিবে না।

(৯) উচ্চ বা আরামপ্রদ শয্যায় উপবেশন বা শয়ন করিবে না।

(১০) স্বর্ণ ও রৌপ্য গ্রহণ ও ব্যবহার করিবে না।

৫। আজীবট্ঠমকশীল বা সদাচরণ-নীতি অনুসারে করণীয় কার্য নিম্নরূপ :—

(১) জীবহিংসা হইতে নিবৃত্তি।

(২) চৌর্যবৃত্তি পরিহার।

(৩) পরকীয়া বা অপরের অধীনা নারীর সহিত ব্যভিচার পরিত্যাগ।

(৪) মিথ্যাকথা না বলা।

(৫) অসাক্ষাতে কাহারও নিন্দা না করা।

(৬) রূঢ় কঠোর বাক্যপ্রয়োগ বর্জন করা।

(৭) অযথা আস্ফালন না করা।

(৮) জীবিকার জন্য অসদুপায় অবলম্বন না করা।

৬। চতুপারিসুদ্ধিশীল বা পবিত্রতার নীতিদ্বারা চারি প্রকার আচরণ-বৈশিষ্ট্য বুঝাইবে। যথা—

(১) পাতিমোক্খ (প্রাতিমোক্ষ) সংবরশীল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২) ইন্দ্রিয়সংবরশীল।
(৩) আজীবপারিসুদ্ধিশীল (আজীব পারিশুদ্ধি)।
(৪) পচ্চয়সন্নিস্সিতশীল (প্রত্যয়সংনিস্থত)।

১। এই চারিটি শীলধর্মের মধ্যে পাতিমোক্খসংবরশীলটির বিষয়বস্তু সন্ন্যাসধর্ম-সম্বন্ধীয় এবং কেবল শ্রমণগণ কর্তৃক পালনীয়।

২। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্—এই পাঁচটি ইন্দ্রিয়ের সংযম-বিষয়ক নীতির নাম ইন্দ্রিয়সংবরশীল।

৩। আজীবপারিসুদ্ধিশীল-দ্বারা জীবিকার জন্য অসদুপায় ত্যাগ করিয়া সদ্ভাবে জীবিকার্জনের অভ্যাস বুঝায়।

৪। 'পচ্চয়সন্নিস্সিতশীল' নামক আচরণনীতি-দ্বারা বুঝাইতেছে যে, কুৎসিত আনন্দ পরিত্যাগ করিয়া শুদ্ধ মনে বিষয়সম্পত্তি উপভোগ করিতে হইবে।

—ইহাই ছয় প্রকারের শীলধর্মের মোটামুটি সংক্ষিপ্ত পরিচয়।

সমাধি

'সমাধি' শব্দের অর্থ মনঃসংযোগ। অবিচলিতভাবে একটি চিন্তনীয় বিষয়ে মনকে নিযুক্ত করিয়া রাখার নাম সমাধি। মনকে স্থির ও প্রশান্ত করিয়া একটিমাত্র বিষয়ে নিবিষ্ট করিয়া রাখার চল্লিশ রকমের পদ্ধতি আছে। এই চল্লিশটি পদ্ধতিকে সাতটি শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে—

(১) কসিণা (কৃৎস্ন)
(২) অসুভ (অশুভ)
(৩) অনুস্সতি (অনুস্মৃতি)
(৪) অপ্পমঞ্ঞা (অপ্রমণ্যা)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) সঞ্ঞা (সংজ্ঞা)
(৬) ববট্‌ঠান (ব্যবস্থান)
(৭) আরুপ্প (অরূপ্য)

১। 'কসিণা' (কৃৎস্ন) শব্দের অর্থ সমবায়। বিশ্বের বহুবিধ বস্তুর মধ্যে অর্থাৎ ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, বিভিন্ন বর্ণ বা মহাশূন্য প্রভৃতি বিষয়ের যে-কোন একটির দিকে মনকে নিবিষ্ট করিয়া রাখিতে হইবে।

যদি কেহ তাহার মনোযোগ একনিবিষ্টভাবে পূর্বোক্ত কোন বিষয়ে স্থাপন করিতে চায় তাহা হইলে তাহার মন এমনভাবে লীন হইবে যে, জগতের সমস্ত বস্তুই তাহার কাছে সেই মনোযোগের বিষয়রূপে প্রতিভাত হইবে; অর্থাৎ সে তাহার ধ্যানের বিষয় ছাড়া পৃথিবীতে আর কিছুই দেখিবে না। দৃষ্টান্তস্বরূপ বলা যায় যে, যদি কেহ জলকেই তাহার ধ্যানের বিষয়রূপে নির্বাচন করে, তাহা হইলে সমগ্র বিশ্বই তাহার কাছে জলময়রূপে প্রতিভাত হইবে।

২। 'অসুভ' (অশুভ) শব্দের অর্থ অসন্তুষ্টি ও বিরক্তি। এই পদ্ধতিতে মনঃসংযম করিতে হইলে সাধক নানা রকমের গলিত শবদেহের মধ্যে একটি বাছিয়া লইয়া উহার চিন্তায় তন্ময় হইবেন এবং অনবরত নিজেকে বুঝাইবেন যে, শবদেহ কিরূপ বীভৎস ও বিরক্তিকর।

৩। 'অনুস্‌সতি' (অনুস্মৃতি) শব্দের অর্থ পৌনঃপুনিক মনোযোগিতা। একাদিক্রমে এবং অনবরত একটি বিষয়ে মনকে সন্নিবেশিত করিয়া রাখাই এই পদ্ধতির বিশেষত্ব। মনোযোগের বিষয় হইবে বুদ্ধ, ধর্ম, সঙ্ঘ অথবা কোন সংকৃতি। কেশ, দন্ত, অস্থি, নখ, মাংস, চর্ম প্রভৃতি দেহের দ্বাত্রিংশাংশের যে-কোন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটিও মনোযোগের বিষয় হইতে পারে। অথবা সাধক শ্বাসবায়ুর রেচক পূরকাদির দ্বারাও মনস্থির করিতে পারেন।

৪। 'অপ্পমঞ্‌ঞা' (অপ্রমণ্যা) শব্দের অর্থ বন্ধনহীনতা। এই পদ্ধতিতে মনঃসংযমের ব্যবস্থা নিম্নলিখিতরূপ :—

(ক) সমস্ত প্রাণীর প্রতি নির্বিশেষ মনোভাব। সকলের প্রতিই সদিচ্ছার ভাব পোষণ করিতে হইবে এবং নির্বিচারে করুণা ও মৈত্রী প্রদর্শন করিতে হইবে।

(খ) দুঃখাহত জীবের প্রতি বিশেষ করিয়া মৈত্রী ও করুণার মনোভাব গড়িয়া তুলিতে হইবে।

(গ) সংসারে যাহারা সুখী এবং সকলের সহিত সমভাবে আনন্দানুভব করিতেছে তাহাদের প্রতিও মনোনিবেশ করিতে হইবে।

(ঘ) সুখী বা দুঃখী সকল প্রকার জীবের সম্বন্ধে মনের শমভাব গড়িয়া তুলিতে হইবে।

৫। 'সঞ্‌ঞা' (সংজ্ঞা) শব্দের অর্থ উপলব্ধি বা অনুভব-শক্তি। খাদ্যপানীয় গ্রহণের সময় উহা যে মূলতঃ কদর্য বিকৃতি, এই সম্বন্ধে মনকে স্থির ও প্রশান্ত করার অভ্যাসই এই পদ্ধতির বিশেষত্ব।

৬। 'ববট্‌ঠান' (ব্যবস্থান) দ্বারা বিশ্লেষণ বুঝায়। এই পদ্ধতির চারিটি মৌলিক উপাদান সম্বন্ধে মনকে সন্নিবিষ্ট করিতে হয়। এই প্রধান উপাদান কয়টির নাম পঠবী (পৃথিবী = ক্ষিতি), আপো (অপ্), তেজো (তেজস্) এবং বায়ো (বায়ু = মরুৎ)। ইহাদ্বারাই জীবদেহ গঠিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭। 'আরুপ্প' (অরূপ্য) হইল মনঃসংযোগের সেই স্তর যে-স্তরে উপনীত হইয়া সাধক অরূপব্রহ্মলোক অর্থাৎ উচ্চতর আধ্যাত্মিক অস্তিত্বলোকে যাইতে পারেন। ধ্যানধারণার এই স্তরটিকে বিস্তৃত ব্যাখ্যার দ্বারা বুঝাইতে হয়, ধৈর্য ধরিয়া বুঝিতে হয়। এতএব বিবৃতিবিস্তারে নিরস্ত থাকাই শ্রেয়।

পূর্বোক্ত যে-কোন একটি পদ্ধতি অবলম্বন করিয়া কোন একটি বিষয়ে তন্ময় হইতে হইবে। তাই সমাধি বা তন্ময়তার তাৎপর্য হইল, মনকে সুদৃঢ়ভাবে চিন্তনীয় বিষয়ে একনিবিষ্ট করিয়া রাখা।

ধর্মের শীল ও সমাধি—এই দুইটি স্তরের কথা এতক্ষণ বলা হইল। ইহার পর তৃতীয় স্তর প্রজ্ঞার কথা বলা হইবে। কিন্তু তৎপূর্বে শীল এবং সমাধি অনুশীলন করিয়া কি উপকার হয়, তৎসম্বন্ধে কিঞ্চিৎ ধারণা জন্মাইবার চেষ্টা করা যাইতে পারে।

শীল ও সমাধির শুভকারিতা

যে-ব্যক্তি নিখুঁতভাবে শীলাচরণ করে সে বৌদ্ধধর্মাবলম্বী হউক অথবা অন্য ধর্মাবলম্বী হউক, মৃত্যুর পর নরলোকে বা দেবলোকে জন্মগ্রহণ করিতে পারিবে। কিন্তু কেবল শীলাচরণের পূর্ণতাদ্বারাই সে উচ্চতর আধ্যাত্মিক স্তর ব্রহ্মলোকে জন্মাইবার অধিকার পাইবে না। ব্রহ্মলোকে পুনর্জন্ম লাভ করিতে হইলে 'সমাধি'তে সিদ্ধিলাভ করিতে হইবে। কেবল সমাধির সাধনায়ই মানুষ ব্রহ্মলোকে পুনর্জন্ম গ্রহণ করিবার যোগ্যতা অর্জন করিতে পারে। ব্রহ্মলোকে জন্মাইবার সুযোগ কোন বিশেষ ধর্মাবলম্বীর ক্ষেত্রে সীমাবদ্ধ নয়। বৌদ্ধ অবৌদ্ধ নির্বিশেষে যে-কোন ব্যক্তিই সমাধিতে সিদ্ধিলাভ করিয়া ব্রহ্মলোকে জন্মগ্রহণ সম্বন্ধে নিশ্চিত হইতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরপক্ষে, যদি কেহ শীলধর্ম অনুশীলন না করে অথবা ইহার অনুশীলন ত্রুটিপূর্ণ হয়, তাহা হইলে 'তিরচ্ছান' (তিরশ্চান) নামক পশুপক্ষীর হীনলোকে জন্মগ্রহণ করিবার সম্ভাবনা দেখা দিবে; অথবা সে অনন্ত দুঃখময় প্রেতলোকে জন্মপরিগ্রহ করিবে। এমন কি, নরকের ঘৃণ্য প্রাণীদের আবাসস্থল 'অসুরক' এবং নীচতম অবস্থান 'নেরয়িক' লোকেও জন্মাইতে পারে।

শীলাচরণের ও সমাধি-অভ্যাসের সুফল সম্বন্ধে এতক্ষণ সাধারণভাবেই বলা হইল। 'সাধারণভাবে' বলার হেতু এই যে, শীলধর্মপালনে মৃত্যুর পর দেবলোকে পুনর্জন্ম হইবে এবং সমাধিতে সিদ্ধ হইলে ব্রহ্মলোক প্রাপ্ত হইবে—ইহাই কথিত হয়। কিন্তু প্রকৃতপক্ষে পুনর্জন্ম হইবে কি না, তাহাও নিশ্চিত-ভাবে বলা যায় না। কেন বলা যায় না, তাহারও কারণ আছে।

কোন ব্যক্তি একদিন শীলধর্ম পালন করিয়া পরদিন হয়ত নিয়মভঙ্গ করিয়া ফেলিল। ঠিক পরদিন যদিও বা না ভাঙ্গে, মৃত্যুর পূর্বে অদূর ভবিষ্যতে যে-কোন একদিন সে শীলধর্ম হইতে বিচ্যুত হইতে পারে। অনুরূপভাবে সমাধিও একদিন অবলম্বিত এবং পরদিন বর্জিত হইতে পারে। মৃত্যুর পূর্বকালেই হয়ত কোনও একদিন সাধক সমাধি-সাধনার নিয়ম লঙ্ঘন করিতে পারেন।

ইহা ব্যতীত আরও একটি বিষয় লক্ষিতব্য। শীলধর্মদ্বারা শুধু দৈহিক সংযম সাধিত হয়, অসৎ কথা ও অন্যায় কাজ নিরস্ত হয়। সুতরাং শীলধর্মপরায়ণ ব্যক্তি খারাপ কথা বলিবে না, খারাপ কাজ করিবে না বটে, কিন্তু তাহার মনের পাপ ত যথাপূর্ব থাকিয়াই যাইবে। যদি সে মনের পাপ মনে লইয়াই মরে তাহা হইলে যতই সে শীলাচরণ করুক, মৃত্যুর পর তাহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চারিটি নিম্নতম জীবলোকের যে-কোন একটিতে জন্মগ্রহণ করিতে হইবে। এইরূপ অবস্থা সমাধি-সাধকের পক্ষেও সত্য। মনের পাপ যথাপূর্ব থাকিয়া যায়। সমাধি-সাধনের ফলে ভিতরের পাপ হয়ত বাহিরে প্রকাশ পায় না। কোনও কারণে সমাধি-সাধনায় কোন শৈথিল্য আসিলে, অকস্মাৎ কুচিন্তার আবির্ভাব হইবে। ঝাঁপির মুখ খুলিয়া দিলে বিষধর সর্প যেমন ফণা তুলিয়া আঘাত করিতে উদ্যত হয়, মনের পাপও সেইরূপ একেবারে নির্মূল না করিয়া চাপিয়া রাখিয়া দিলে দুর্বল মুহূর্তে মাথা তোলে। পাপযুক্ত মন লইয়া মরিলে নিম্নতম লোকেই পুনর্জন্ম গ্রহণ করিতে হয়।

আমৃত্যু অনবচ্ছিন্নভাবে নিষ্ঠার সহিত শীলধর্ম ও সমাধি সাধন করিয়া যদি কেহ নরলোক, দেবলোক বা ব্রহ্মলোকে জন্মপরিগ্রহ করে, তাহা হইলেও যে-জীবনই সে লাভ করুক, জরা, ব্যাধি ও মৃত্যুর হাত হইতে তাহার নিষ্কৃতি নাই। কারণ সৃষ্টিমাত্রই ধ্বংসশীল।

যদি কেহ জরা, ব্যাধি ও মৃত্যুর শাসন হইতে নির্বিশেষ মুক্তির প্রত্যাশী হয়, তাহা হইলে শুধু শীলধর্ম ও সমাধিতে পারঙ্গম হইয়াই পরিতৃপ্ত হইলে চলিবে না—তাহাকে প্রজ্ঞা অর্জন করিতে হইবে। প্রজ্ঞালাভের জন্য কিরূপ প্রয়াস আবশ্যক ?

পঞ্ঞ্‌ঞা (প্রজ্ঞা)

প্রজ্ঞালাভের প্রথম প্রচেষ্টায় সম্যক্‌দৃষ্টি লাভ করিতে হইবে। সম্যক্‌দর্শন না হইলে দেবলোক, ব্রহ্মলোক প্রভৃতি একত্রিশটি লোকের অধিবাসীরা এই সত্য উপলব্ধি করিতে পারে না যে, তাহারা মৌলিক উপাদান ছয়টি ধাতুর সমষ্টি ছাড়া কিছু নহে। সম্যক্‌দর্শন ব্যতীত অবিচলিত ও সুদৃঢ়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বাসে তাহারা অনাত্মবাদ গ্রহণ করিতে পারে না। অবৌদ্ধরা ত বটেই, বৌদ্ধধর্মাবলম্বীরাও সম্যক্‌দর্শন না পাইলে ধাতু-প্রকৃতির অনাত্মতা সম্বন্ধে স্থির বিশ্বাস স্থাপন করিতে পারিবে না। সম্যক্‌দর্শনের অভাবে বৌদ্ধগণ অনাত্মবাদ মানিবে শুধু এই কারণে যে, স্বয়ং বুদ্ধদেব ইহা বলিয়া গিয়াছেন। তাহারা গভীরভাবে সমগ্র মর্ম দিয়া অনাত্মবাদে বিশ্বাস স্থাপন করিতে পারিবে না। ধাতু-প্রকৃতির আত্মা নাই—ইহাতে পূর্ণ প্রত্যয়ের অভাবে মাঝে মাঝে তাহাদের মনে সংশয় ও অবিশ্বাসের ছায়াপাত হইবে। তাহাদের মনে এইরূপ সন্দেহ জাগিবে যে, যে-মানুষ ভালবাসে, ঘৃণা করে, তর্ক করে—এমন একটি সজীব সত্তা কি শুধু ছয়টি ধাতুর সমাহার মাত্র? ইহা কি সত্য হইতে পারে? এই প্রকার সন্দেহ ও অবিশ্বাস ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকিলে পরিণামে হয়ত তাহারা বুদ্ধদেবের বোধিলাভের অকৃত্রিমতা সম্বন্ধেই সন্দিগ্ধ হইয়া উঠিবে।

প্রকৃত সত্য নিরূপণ করিতে পারিলেই মানুষের মনে আর কোন দ্বিধা ও সন্দেহ থাকিবে না, ধাতুর মূল প্রকৃতি সম্বন্ধে তাহার ধারণা পরিচ্ছন্ন হইবে। পূর্বে যে-সমস্ত সন্দেহের ছায়া মনের আকাশে সঞ্চারিত হইয়াছিল সম্যক্‌-দর্শনরূপ সূর্যের আলোকে তাহা নিঃশেষে মুছিয়া যাইবে। আর তাহার মনে সন্দেহ-সংশয় বাসা বাঁধিবে না।

সম্যক্‌দর্শনের প্রয়োজনীয়তা বুঝা গেল। কিন্তু সম্যক্‌দৃষ্টি লাভ করা যায় কিরূপে? বুদ্ধদেবকে অথবা অন্য কোন পরমপুরুষকে ভজনপূজন করিলেই কি সম্যক্‌দর্শন হইবে? শুধু উপাসনা ও প্রার্থনা দ্বারাই কি ইহা লভ্য? বুদ্ধদেব তাঁহার শক্তিবলে কাহাকেও সৎ বা অসৎ করেন না, তিনি শুধু মানুষকে উপদেশ দেন, সদসৎ পন্থা নির্দেশ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ব্যক্তি সৎ হইতে চায় সে সৎ পথ অবলম্বন করিয়া সুফল লাভ করে। আর যে ভুল পথে বা অসৎ পথে যায় সে তদনুরূপ ফল লাভ করে।

আমরা জীবনপথ-পরিক্রমায় বিচিত্র লোকের সাক্ষাৎ লাভ করি। কেহ অল্পায়ু কেহ দীর্ঘায়ু, কেহ রুগ্ন কেহ নীরোগ, কেহ কুৎসিত কেহ সুশ্রী, কেহ প্রতিষ্ঠাহীন কেহ উচ্চপদে ও ঐশ্বর্যে সুপ্রতিষ্ঠিত, কেহ দরিদ্র কেহ ধনী, কেহ নীচকুলজাত কেহ মহাকুলীন, কেহ মহামূর্খ কেহ পরম পণ্ডিত।

মানুষের অবস্থার ও অদৃষ্টের এই যে বিপুল বৈচিত্র্য তাহা বুদ্ধদেব বা অন্য কোন পরমপুরুষের হাতেগড়া ব্যাপার নহে। মানুষের পদ ও ঐশ্বর্য, তাহাদের সর্বপ্রকার অবস্থা তাহাদেরই কৃতকর্মের ফল। পূর্বজন্মকৃত কার্যের ফলে তাহারা আপন আপন ভাগ্য গড়িয়া তুলিয়াছে। এই জন্মে এবং ভূতপূর্ব অসংখ্য জন্মপ্রবাহে তাহারা ভালমন্দ যে-সমস্ত কাজ করিয়াছে, সৎ পথ বা অসৎ পথ অবলম্বন করিয়াছে, তাহাদের বর্তমান অবস্থা উহাদ্বারাই নিরূপিত হইয়াছে। এই জন্মে ও পূর্ব পূর্ব জন্মে কৃতকর্মগুলিই সমূহ কারণ এবং বর্তমান জন্মের অবস্থাবৈচিত্র্য ঐ কর্মের ফল। বস্তুতঃ কারণ ছাড়া কোন কার্য হইতে পারে না।

সুতরাং বুদ্ধ-উপাসনা খুব সুগভীর হইলেও উহাদ্বারা সাধক সম্যক্‌দৃষ্টি লাভ করিতে পারিবেন না। বুদ্ধের চরণে ব্যাকুল প্রার্থনা নিবেদন করিয়াও সম্যক্‌দর্শনের সুযোগ আসিবে না।

বক্কলি (বল্কলি) উপাখ্যান

বুদ্ধদেবের জীবৎকালে বক্কলি (বল্কলি) নামে একজন মুনি ছিলেন। বুদ্ধভক্তিতে তিনি ছিলেন অনতিক্রম্য। বুদ্ধদেবের জ্যোতির্ময় মূর্তি দেখিয়া মুনি তন্মুহূর্তেই ভক্তির আবেগে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উচ্ছ্বসিত হইয়া উঠিলেন। বুদ্ধদেবকে তিনি পলকের জন্যও দৃষ্টির আড়াল করিতে পারিতেন না। সাধারণ গৃহস্থরূপে তিনি নিরন্তর বুদ্ধদেবের সাহচর্য লাভ করিতে পারিবেন না, একমাত্র সন্ন্যাসী হইলেই তিনি অনবচ্ছিন্নভাবে বুদ্ধসেবা করিতে পারিবেন, এইরূপ ভাবিয়া বক্কলি স্ত্রীপুত্র, সংসারধর্ম ও বিষয়সম্পত্তি পরিত্যাগ করিয়া শ্রমণ হইলেন। তদবধি তিনি আর কিছুই করিতেন না, শুধু বুদ্ধের সম্মুখে উপবেশন করিয়া নিষ্পলকনেত্রে বুদ্ধমূর্তি দেখিতেন এবং ভক্তি নিবেদন করিতেন।

প্রথমতঃ, বুদ্ধদেব বুঝিলেন যে, বক্কলির এখনও সময় হয় নাই, তাহার মন প্রকৃত পন্থানুসরণের যোগ্য হয় নাই। তাই তিনি নীরব রহিলেন। তাহার পর যখন তিনি বুঝিলেন যে, উপযুক্ত কাল সমাগত এবং বক্কলির মন ধর্মের তাৎপর্য-গ্রহণে উন্মুখ হইয়াছে তখন তিনি তাহাকে সম্বোধন করিয়া বলিলেন, "বক্কলি, এই ধ্বংসশীল দেহটার দিকে চেয়ে থেকে ফল কি? যে ধর্মের তাৎপর্য বুঝেছে, সত্যনীতির সন্ধান পেয়েছে সে-ই আমার স্বরূপ দেখতে পায়। যার ধর্মবোধ জাগেনি সে শুধু স্থূল দেহটাই দেখে, আমাকে দেখে না।"

বুদ্ধদেবের এই তিরস্কার বক্কলির মর্মে প্রবেশ করিল। অতঃপর তিনি বৌদ্ধধর্ম অনুশীলন করিয়া কালক্রমে অর্হত্ত্ব অর্জন করিয়াছিলেন।

ধর্মানুশীলন-লভ্য প্রজ্ঞা

ইহা নিঃসংশয় যে, সম্যক্‌দর্শন লাভ করিতে হইলে কেবল বুদ্ধদর্শন, বুদ্ধপ্রণাম ও বুদ্ধ-উপাসনা করিলেই চলিবে না। সম্যক্‌দৃষ্টির একমাত্র উপায় বুদ্ধের বাণী অনুসারে নিষ্ঠার সহিত ধর্মানুশীলন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহাতে অবশ্য ইহাই প্রতিপাদিত হইতেছে যে, প্রত্যেক সাধককেই নিজের চেষ্টায় আধ্যাত্মিক প্রক্রিয়া অভ্যাস করিতে হইবে। ধর্ম আত্মলভ্য। কিন্তু ইহা কি একটি দুরূহ সাধনা? ইহার জন্য কি প্রখর বুদ্ধি এবং বিপুল মানসিক শক্তির আবশ্যক? ইহার জন্য কি দরকার? ইহার প্রয়োজনীয় সর্তই বা কি?

বস্তুতঃ ইহার সাধনা খুব দুরূহ নহে। যাহারা অকৃত্রিম-ভাবে কুশল প্রত্যাশী তাহাদের কাছে ইহা চরম দুঃখাবহ নহে। বিদ্যাবুদ্ধির অমিতশক্তিও অবশ্য প্রয়োজনীয় নহে। বরং অনেক সময় দেখা যায় যে, যাহারা অতিরিক্ত বুদ্ধিমান্ তাহারা নিখুঁতভাবে নির্দেশ মানিয়া চলিতে চায় না। অনেক সময় তাহারা নিজেদের বিচারবুদ্ধি প্রয়োগ করিয়া নীতি অনুসরণের ব্যতিক্রম করে। ইহার ফলে সাধারণ মানুষ অপেক্ষা এই তথাকথিত বুদ্ধিমান্‌রা একটু বিলম্বেই প্রকৃত সত্যের সাক্ষাৎ পায়। অতএব এই সাধনপথে অগ্রসর হইতে গেলে উপযোগী উপকরণরূপে প্রথমতঃ, নিপুণ ও নিখুঁত ভাবে উপদেশ পালন করিতে হইবে এবং দ্বিতীয়তঃ, প্রচুর পরিশ্রম ও অধ্যবসায়ের সহিত যথারীতি আত্মনিয়োগ করিতে হইবে।

সম্যক্‌দর্শন-প্রয়াস-প্রচেষ্টার দুইটি অংশ আছে। প্রথমাংশে অভিলষিত বিষয়ে একান্তভাবে মনঃসংযোগ। দ্বিতীয়াংশে ঐ বিষয় সম্বন্ধে নিয়ত সতর্কতা।

সম্যক্‌দৃষ্টি লাভের জন্য আরও কয়েকটি স্বতন্ত্র বিষয় আছে যাহাতে মনঃসন্নিবেশ প্রয়োজন। ঐগুলির মধ্যে ব্যক্তিগত রুচি অনুসারে সাধক যে-কোন একটি বাছিয়া লইতে পারেন। দৃষ্টান্তস্বরূপ বলা যাইতে পারে যে, মনঃসংযোগ করিবার জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্বাসবায়ু গ্রহণবর্জনের নাসারন্ধ্র অথবা নিঃশ্বাসবায়ুতে সঞ্চালিত উদরপেশীর চাপে উচ্চাবচ নিম্নোদর সুযোগ্য বিবেচিত হইবে।

যদি এই পদ্ধতি কাহারও পক্ষে অসুবিধাজনক হইয়া দাঁড়ায় তাহা হইলে মনোযোগ অভ্যাসের জন্য তাঁহার সুবিধামত অন্য প্রক্রিয়াও করিতে পারেন। ধরা যাউক যে, ঐ ব্যক্তি একটি চেয়ারে বসিয়া আছেন। চেয়ারে বসিয়া থাকা অথবা চেয়ারের সঙ্গে পৃষ্ঠের স্পর্শানুভূতি অথবা আসনের সহিত উরুদেশের স্পষ্ট সংযোগের সংবিৎ তাঁহার মনোযোগের বিষয় হইতে পারে। এমন কি, যখন তিনি হাঁটিয়া বেড়ান তখনও পা-খানি তুলিয়া ধরা অথবা পা দিয়া ভূমি স্পর্শ করা— এমন একটা বিষয় অবলম্বনেও তিনি মনঃসংযোগ প্রক্রিয়া অভ্যাস করিতে পারেন।

কোন একটি বিশেষ বিষয়ে মনঃসংযোগ হইলে এবং মনোযোগের বিষয় সম্বন্ধে সদাসতর্ক হইতে পারিলে কি ঘটিতে পারে তাহা বিশদ করিয়া বুঝিতে হইবে।

কোন বিশেষ একটি মুহূর্তে একটি মাত্রই মননক্রিয়া ঘটে। সাধারণ ভাষায় বলা যায় তাৎক্ষণিক চিন্তোদ্রেক। কোন একটি বিষয় সম্পর্কে যখনই চিন্তা জাগে তখন হয় বাসনা বা 'লোভ' অথবা বিরাগ বা 'দোস' (দ্বেষ) মনের মধ্যে সঞ্জাত হয়। মোটকথা, মনের মধ্যে প্রীতিজনক অনুভূতির ফলে জাগে 'লোভ', বিরক্তিজনক অনুভূতিতে উদ্রিক্ত হয় 'দোস' (দ্বেষ)। চোখের ছানি যেমন দৃষ্টিকে রুদ্ধ করে 'লোভ' বা 'দোস' অর্থাৎ মনের বাসনা বা বিরক্তি সেইরূপ সম্যক্‌দৃষ্টিকে আচ্ছন্ন করে। এমতাবস্থায় চিন্তনীয় বস্তু সম্বন্ধে অর্থাৎ ধ্যানের বস্তুবিষয়ে মনকে সদাজাগ্রত রাখিতে পারিলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়বিষয় সম্পর্কে যে অনুরাগ-বিরাগ স্বভাবতই সঞ্জাত হয় তাহার উৎপত্তি-সম্ভাবনা ঘটিতে পারে না। একটি উদাহরণ দেওয়া যাইতে পারে। একটি লোক হয়ত ভয়ানক ক্রুদ্ধ হইল। কিন্তু যে মুহূর্তে সে সচেতনভাবে বুঝিতে পারিবে যে, সে ক্রুদ্ধ হইয়াছে সেই মুহূর্তেই তাহার মন হইতে ক্রোধভাব চলিয়া যাইবে।

চিন্তনীয় বিষয়ে মনকে সদাজাগ্রত রাখিতে পারিলে মনের কলুষস্পর্শ নিবারিত হয়। চোখের ছানি যেমন স্বচ্ছদৃষ্টিকে প্রহত করে সেইরূপ মনের কলুষ সম্যক্‌দর্শনকে ঢাকিয়া রাখে। তাই মনের মধ্যে পাপের আবর্জনা না জন্মিলে সম্যক্‌দর্শন হইবে নির্বাধ।

পূর্বেই বলা হইয়াছে যে, একটি পলকের মধ্যে এক মুহূর্তের বিদ্যুৎদীপ্তির মধ্যে লক্ষ লক্ষ মননক্রিয়ার উদয়বিলয় ঘটিতে পারে। প্রতি মুহূর্তেই মন অসংখ্য ইন্দ্রিয়বস্তুর সংস্পর্শে আসে এবং মনের মধ্যে বাসনা বা বিরাগ জাগে। মনের এই ক্রিয়াপ্রক্রিয়া অবিশ্বাস্য দ্রুততার সহিত ঘটে বলিয়া অধ্যাত্ম-সাধকের মনে হইতে পারে যে, তিনি নিরন্তর সচেতনই রহিয়াছেন। কিন্তু প্রকৃতপক্ষে তাঁহার মননক্রিয়া তাঁহার সতর্ক প্রহরা এড়াইয়া ভিন্ন পথেও যাইতে পারে। এই পথভ্রষ্টতা হয়ত একমুহূর্তের দশ ভাগের একভাগ কালও স্থায়ী হইবে না, তথাপি সেই ক্ষণতম কালের মধ্যে কোটি কোটি চিন্তার উদয়বিলয় ঘটিতে পারে। ইহার অর্থ এই যে, সাধকের সম্পূর্ণ অজ্ঞাতসারেই হয়ত লক্ষ লক্ষ বাসনা ও বিরক্তির অনুভূতি তাঁহার মনে জাগিয়াছে ও লয় পাইয়াছে। কিন্তু যতক্ষণ পর্যন্ত মনের মধ্যে একটি মাত্রও বাসনা-বিরক্তির অনুভূতি থাকিবে ততক্ষণ সম্যক্‌দর্শনের সম্ভাবনা হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব সত্যসাধকের পক্ষে আপ্রাণ প্রচেষ্টায় সদাজাগ্রত থাকা প্রয়োজন। দৃষ্ট, শ্রুত, আঘ্রাত, আস্বাদিত অথবা স্পৃষ্ট যে-কোন ইন্দ্রিয়বিষয় সম্বন্ধে মনের প্রহরা শিথিল করিলে চলিবে না। সর্বপ্রকার ইন্দ্রিয়জ অনুভূতি সম্বন্ধেই তাঁহাকে সতর্ক থাকিতে হইবে যাহাতে উহা তাঁহার জাগ্রতচেতনা এড়াইয়া না যাইতে পারে।

প্রথমতঃ, প্রচেষ্টাটি খুব কঠোর মনে হইবে। কিন্তু এক সপ্তাহের অভ্যাসেই আধ্যাত্মিক সাধক বুঝিতে পারিবেন যে, তাঁহার যে-মনটি প্রতিনিয়তই চঞ্চল ও বিক্ষুব্ধ, ধাবমান ও আবর্তিত, বিশ্বময় যাহার গতি এবং যে-মনটি সমগ্র জীবনব্যাপী ভাব হইতে ভাবান্তরে অস্থির হইয়া ছুটিয়া চলিতেছে, সেই মনটি ক্রমশঃ ধীরে ধীরে শান্ত ও স্থির হইয়া আসিতেছে।

এইভাবে মন ক্রমশঃ সুস্থির হইয়া আসিলে এবং পবিত্র পন্থানুসরণের অনুপাত বাড়িলে, সর্বোপরি মনের বাসনাদোষ নিরাকৃত হইলে সাধক সম্যক্‌দর্শনের লক্ষ্যের দিকে স্তরে স্তরে উন্নীত হইবেন। সিদ্ধির স্তরে উপনীত হইবার পূর্বে সাধককে একাদশটি পাদপীঠ অতিক্রম করিতে হইবে।

এই একাদশটি পর্যায়কে ভাষান্তরিত করিয়া ব্যাখ্যা করা খুবই কঠিন। যথাযোগ্য প্রতিভাষা ও পারিভাষিক শব্দ খুঁজিয়া পাওয়া যায় না। মুল ভাবকে হয়ত যথাযথভাবে প্রকটিত করা যাইবে না। তথাপি একটা ধারণা দেওয়া সম্ভব। সেই একাদশটি পর্যায় নিম্নে নির্দেশ করা হইল :—

১। সচেতন মন ও অচেতন জড়বস্তুর মধ্যে পার্থক্যবোধ।

২। কারণ ও কার্য, হেতু ও ফল—ইহাদের পারস্পরিক পার্থক্য সম্বন্ধে ধারণা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। অনিচ্চ (অনিত্য), দুক্খ (দুঃখ) এবং অনত্তা (অনাত্মা) যে অর্থের ব্যঞ্জনা দেয় এবং যেভাবে বিবেচিত হয় তৎসম্বন্ধে ধারণা।

৪। যে পদ্ধতিতে মন ও জড়বস্তুর অভ্যুদয় ও বিলয় ঘটে সেই সম্বন্ধে জ্ঞান।

৫। ইন্দ্রিয়-বিষয়ক বস্তু এবং ঐ বস্তু-সম্পর্কিত মননক্রিয়া—এতদুভয়ের অপগম সম্বন্ধে উপলব্ধি।

৬। জড়বস্তু ও মন সম্পর্কে বিপদাশঙ্কার ধারণা।

৭। জড়বস্তু ও মনের অনিষ্টকারিতা-সম্বন্ধীয় জ্ঞান।

৮। সমগ্র বিশ্বের দুর্বহ ভার এবং জগৎ সম্বন্ধে ক্লান্তির উপলব্ধি।

৯। জগতের বন্ধন হইতে মুক্তিলাভের বাঞ্ছনীয়তা সম্বন্ধে উপলব্ধি।

১০। জগৎ হইতে মুক্তিলাভের অতিরিক্ত চেষ্টার পর অনিত্য, দুঃখ এবং অনাত্মবাদ সম্বন্ধে সম্যক্ উপলব্ধি।

১১। জড়বস্তুর সহিত মনের সম্পর্কে যে সুখদুঃখানুভূতির উদয়বিলয় ঘটে তৎসম্বন্ধে সম্পূর্ণ নিস্পৃহভাবে থাকিয়া মনের স্থিতাবস্থা ও শমভাবের উপলব্ধি।

এই একাদশটি পর্যায় অতিক্রম করিতে পারিলে সম্যক্‌দর্শন সাধনার প্রথম স্তরে উপনীত হওয়া যায়। এই প্রথম স্তরের নাম পালিভাষায় সোতাপত্তিমগ্গ (স্রোতাপত্তিমার্গ)। 'শীল' ও 'সমাধি'র সহিত ইহার পার্থক্য এই যে, জীবনের যে-কোন একটা দুর্বল মুহূর্তে শীলধর্ম ও সমাধি হইতে মানুষ স্খলিত হইতে পারে, কিন্তু স্রোতাপত্তিস্তরে একবার উপনীত হইলে আর বিচ্যুত হইতে হয় না। স্রোতাপত্তিমার্গে উপনীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধক কখনই 'নেরয়' লোকচতুষ্টয়ে পুনর্জন্ম গ্রহণ করিবেন না। যদি তিনি আর উচ্চতর আধ্যাত্মিক অনুশীলন না করেন তাহা হইলেও 'নেরয়'লোক ব্যতীত অন্য কোন জীবলোকে সাতবার মাত্র জন্মপরিগ্রহ করিবেন।

স্রোতাপত্তিমার্গ-লাভের ফলস্বরূপ যে দুইটি বিষয়ের উল্লেখ করা হইল তাহা জন্মান্তর সংক্রান্ত। পরজন্ম সম্বন্ধে অনেকের কৌতূহল না থাকিতেও পারে। ইহজন্মেই আধ্যাত্মিক সাধনার প্রথমতম স্তর স্রোতাপত্তির বিশেষ তাৎপর্য আছে। তাৎপর্যগুলি নিম্নে বিবৃত হইল :—

(১) বৌদ্ধদর্শনের অনাত্ম-মতবাদ সম্বন্ধে স্রোতাপন্ন সাধকের মনে কোন সংশয় থাকে না। ব্যক্তিরূপে তাঁহার আত্মজ্ঞান সম্বন্ধে সর্বপ্রকার ভ্রমাত্মক ধারণা ও বিশ্বাস অবলীলাক্রমে বিদূরিত হইবে। তিনি তখন নিঃসংশয়ে সুদৃঢ়ভাবে বিশ্বাস করিবেন যে, তাঁহার আত্মা নাই, তিনি কোন সৃষ্ট প্রাণী নহেন; তিনি ষড়ায়তনের সমবায় মাত্র, ছয়টি মৌলিক ধাতুর সমষ্টি। যে সমস্ত দ্বিধা ও সংশয়ের পূর্বে উদয় হইয়াছিল, তাহার আর উদ্ভব ঘটিবে না।

(২) 'নেরয়' লোকচতুষ্টয়ে জন্মগ্রহণ করাইবার মত কারণ সৃষ্টিকারী মানসিক অবস্থা সম্পূর্ণ উৎসাদিত হইবে। সাধক তখন নিজে নিজেই উপলব্ধি করিতে পারিবেন যে, বাসনাদোষের মনোবৃত্তি পূর্বের তুলনায় বহুপরিমাণে কমিয়া আসিয়াছে।

ধরা যাউক যে, একটি ব্যক্তি স্রোতাপত্তিস্তরে উপনীত হইবার পূর্বে জীবহত্যা, চৌর্য, প্রবঞ্চনা, মিথ্যাচার ও মদ্যপান যথাখুসী করিত। কিন্তু যখন সে একবার স্রোতাপন্ন হইয়াছে তখনই তাহার চিত্তবৃত্তি হইতে বাসনাদোষ বহুপরিমাণে অপগত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছে। তদবস্থায় মনের মধ্যে বাসনাদোষের অল্পস্বল্প সঞ্চার ঘটিলেও সে আর হত্যা, চুরি, শঠতা, মিথ্যাভাষণ ও মদ্যপান করিতে পারিবে না।

যে সব ব্যক্তি বরাবরই শান্ত জীবন যাপন করিত তাহারা স্রোতাপন্ন হইলে তাহাদের পরিবর্তনটা সহসা অপরের লক্ষ-গোচর হয় না। কিন্তু যখন ঘাতক, কসাই, চোর, ডাকাত, প্রলোভক, প্রবঞ্চক এবং প্রমত্ত মদ্যপ যথাযোগ্য আধ্যাত্মিক সাধনায় স্রোতাপত্তিস্তরে উপনীত হয় তখনই তাহাদের পরিবর্তনটা বেশ উল্লেখযোগ্যভাবে সকলের দৃষ্টি আকর্ষণ করে। স্রোতাপন্ন অবস্থায় ঘাতক আর হত্যা করিতে পারে না, দস্যুতস্করেরা পরস্বাপহরণে বিরত থাকে, প্রলোভকেরা আর ফুসলাইবার কাজ করিতে পারে না, প্রবঞ্চকেরা বঞ্চনাবৃত্তি ভুলিয়া যায় এবং প্রমত্ত মদ্যপেরাও মদ্যাসক্তি পরিহার করে।

আধ্যাত্মিক মার্গের সাধক যদি স্রোতাপন্ন হইয়াই পরিতৃপ্ত না হন এবং সাধন প্রক্রিয়া চালাইয়া যাইতে থাকেন, তাহা হইলে ইহজীবনের সীমার মধ্যেই তিনি দ্বিতীয় স্তর সকদাগামী (সকৃতাগামী), তৃতীয় স্তর অনাগামী এবং চতুর্থ বা শেষ স্তর অর্হত্ত্বমার্গ লাভ করিতে পারেন।

'সকদাগামিমগ্‌গ' নামক দ্বিতীয় স্তরে উপনীত সাধক স্পষ্টই অনুভব করিতে পারিবেন যে, তাঁহার মনের বাসনা-দোষের পরিমাণ স্রোতাপত্তিস্তরের তুলনায় অনেক পরিমাণে হ্রাস পাইয়াছে।

অতঃপর সিদ্ধির তৃতীয় স্তর অনাগামিমার্গে পৌঁছাইতে পারিলে সাধক নিজের মধ্যে নির্দিষ্টভাবে এক অভূতপূর্ব পরিবর্তন উপলব্ধি করিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথমতঃ, তাঁহার মন হইতে কামপ্রবৃত্তি একেবারে বিদূরিত হইবে। পৃথিবীতে এমন কোন রমণী থাকিবেন না যিনি এই অনাগামিমার্গে উপনীত সাধকের মনে কামবাসনা জাগ্রত করিতে পারেন।

দ্বিতীয়তঃ, এই সাধক সর্বপ্রকার বাসনাদোষমুক্ত হইবেন। জগতের যাহা কিছুই তাঁহার সংস্পর্শে আসুক, তাঁহার মনে কিছুতেই ক্রোধ, ঘৃণা, বিরক্তি বা অসন্তোষের ভাব জাগিবে না।

তৃতীয়তঃ, সাধক সম্পূর্ণভাবে নির্ভীক হইবেন। জগতের কোন শক্তিই তাঁহার মনে ভীতিসঞ্চার করিতে পারিবে না।

চতুর্থতঃ, শুধু ব্রহ্মলোক অর্থাৎ আধ্যাত্মিক উচ্চতম জীবলোকে জন্মগ্রহণের আকাঙ্ক্ষা ছাড়া তাঁহার মনে জড় ও প্রাণী জগতের কোন কিছুর প্রতি কোনও প্রকার আসক্তি থাকিবে না।

সর্বশেষে, আধ্যাত্মিক সাধক যখন চতুর্থ বা চরম স্তর অর্হত্ত্বমার্গে অধিষ্ঠিত হন তখন তাঁহার মনের সমস্ত বাসনা নিঃশেষে অবলুপ্ত হয়। অনাগামিমার্গে আধ্যাত্মিক উচ্চতম ব্রহ্মলোকে যাইবার যে একটিমাত্র আকাঙ্ক্ষা থাকে তাহাও অর্হত্ত্বমার্গে নিশ্চিহ্ন হইয়া যায়।

অর্হত্ত্বমার্গে অধিষ্ঠিত অর্হৎ যখন যথাকালে মৃত্যুবরণ করেন তখন তাঁহার চিত্তসন্ততির পরম্পরাগত প্রবাহ একেবারেই নিরুদ্ধ হইয়া যায়। এই প্রবাহটি অন্য কোন অস্তিত্বলোকে প্রসারিত হয় না বলিয়া পুনর্জন্ম হইতে পারে না। চিত্তসন্ততির ক্রমাগত প্রবাহকে স্থগিত করিবার ইহাই চরম ক্ষণ এবং একতম পন্থা।

অর্হত্ত্ব অর্জন করিয়া মৃত্যুবরণ করিলে জীবলোকের কোন স্তরেই আর চিত্তসন্ততি প্রবাহিত হয় না। কাজেই অবাঞ্ছিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখসমূহের উৎসাদন হয়। বার্ধক্য, রুগ্নতা ও মৃত্যুর সম্ভাবনা একেবারেই রহিত হইয়া যায়।

ধর্মানুশীলনের গুণাবলী

জ্ঞানবুদ্ধি অনুসারে ধর্মের তাৎপর্য যাহা বুঝিতে পারা গিয়াছে তাহা সাধ্যমত ব্যাখ্যা করা হইল। এবার বুদ্ধদেব কর্তৃক ব্যাখ্যাত ধর্মের ষড়বিধ গুণাবলী সম্বন্ধে কিঞ্চিৎ বলিবার চেষ্টা করা হইবে।

ধর্মানুশীলনের নিম্নলিখিত গুণাবলী লক্ষ্য করা যায়ঃ—

১। ধর্ম কোন অবাস্তব স্বপ্ন-কল্পনার বিষয় নয়, ইহা ব্যক্তিগত জ্ঞান ও অভিজ্ঞতার ফল। ইহা ঠিকমত পরিষ্কারভাবে ব্যাখ্যাত হইতে পারে।

২। যাঁহারা ধর্মানুশীলন করিবেন তাঁহারা ইহা বাস্তব পরীক্ষাদ্বারা প্রমাণ করিয়া লইতে পারেন।

৩। ধর্মকে প্রত্যক্ষভাবে প্রয়োগ করা যাইতে পারে এবং ইহার ফল সত্বই দ্রষ্টব্য; ফলের জন্য ভবিষ্যতের বা পরজন্মের অপেক্ষা করিতে হয় না।

৪। সমস্ত জীবই ধর্মকে পরীক্ষা করিয়া দেখিতে পারে এবং ধর্মের সত্য নিজেদের চেষ্টায়ই আবিষ্কার করা যাইতে পারে।

৫। ধর্ম মানুষের ব্যক্তিসত্তার একটি অংশে পরিণত হইবার যোগ্য।

৬। আট প্রকারের মহান্ বুদ্ধশিষ্যগণই শুধু ধর্মকে পরিপূর্ণ-ভাবে উপলব্ধি করিতে পারেন। কাহারা মহান্ বুদ্ধ-শিষ্য বলিয়া গণ্য হইবেন তাহা নিম্নে বর্ণিত হইল :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) সোতাপত্তিমগ্‌গ নামক পরিশুদ্ধতা-পথের প্রথম স্তরে যিনি উপনীত হইয়াছেন।

(২) সোতাপত্তিফল নামক পরিশুদ্ধতার প্রথম ফল যিনি লাভ করিয়াছেন।

(৩) সকদাগামিমগ্‌গ নামক দ্বিতীয় পবিত্র পথ যিনি অবলম্বন করিয়াছেন।

(৪) সকদাগামিফল নামক দ্বিতীয় পবিত্রতার ফল যিনি পাইয়াছেন।

(৫) অনাগামিমগ্‌গ নামক পবিত্রতার তৃতীয় স্তরে যিনি উপনীত হইয়াছেন।

(৬) অনাগামিফল নামক পবিত্রতার তৃতীয় ফলটি যিনি উপার্জন করিয়াছেন।

(৭) অর্হত্তমগ্‌গ নামক চতুর্থ পবিত্রতার পথ যিনি প্রাপ্ত হইয়াছেন।

(৮) যিনি চতুর্থ সাফল্য অর্জন করিয়া অর্হৎ হইয়াছেন।

ধর্মানুশীলন-দ্বারা যে সুফল অর্জন করা যায় তৎসম্বন্ধে বুদ্ধদেব এইভাবেই সুনিশ্চিত আশ্বাস দিয়াছেন। তাই ধর্মের নীতিবিধি শুনিয়াই পরিতৃপ্ত হইতে আমি নিষেধ করি। আমি অনুরোধ করি যে, আপনারা ব্যক্তিগতভাবে ধর্মের তাৎপর্য অনুধাবন করিয়া দেখুন যে, ধর্ম আপনাকে পূর্ববর্ণিত 'মার্গ' এবং 'ফল' পরজন্মে নয়, ইহজন্মেই প্রদান করিতে পারে কি না। অনুসন্ধান ও পরীক্ষা দ্বারা নিশ্চিত হইয়া আপনারা এমনভাবে ধর্মানুশীলন করুন যাহাতে ধর্মের সুফল পূর্ণভাবে আস্বাদন করিতে পারেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় ভাষণ

সঙ্ঘ

বৌদ্ধ ভিক্ষুদের সঙ্ঘ সম্বন্ধে এখন বলা হইবে। বক্তব্যটি তিন ভাগে ভাগ করিয়া বলা যাইতে পারে—

প্রথমতঃ, ভিক্ষুধর্ম গ্রহণেচ্ছুকে কিভাবে সঙ্ঘে প্রবেশ করিতে দেওয়া হয়।

দ্বিতীয়তঃ, সঙ্ঘভুক্ত ভিক্ষুগণ কর্তৃক প্রতিপালিতব্য 'বিনয়' ধর্মের ব্যাখ্যা।

তৃতীয়তঃ, বুদ্ধদেবের জীবৎকালেই যে সমস্ত অর্হৎ খ্যাত হইয়াছিলেন তাঁহাদের বৃত্তান্ত।

সঙ্ঘে প্রবেশের নিয়মাবলী

বিংশবর্ষপ্রাপ্ত ব্যক্তিরা ভিক্ষুসঙ্ঘে যোগদান করিতে পারেন। বিশ বৎসর বয়সের হিসাব করিবার সময় মাতৃগর্ভবাসের দশ মাস কালও গণনা করা হয়। যে সব তরুণ বিংশ বৎসরে পদার্পণ করে নাই তাহারা 'শ্রামণের' বা শিক্ষানবীশরূপে মঠে গৃহীত হয়। যাহারা শিক্ষার্থী হইয়া সঙ্ঘে প্রবেশ করিতে ইচ্ছুক তাহাদিগকে নিম্নলিখিত নিয়মসমূহ পালন করিতে হইবে :—

১। শিক্ষার্থীকে একজন প্রতিষ্ঠিত ভিক্ষুর নিকট উপনীত হইয়া পীতবাস (কাষায় বস্ত্র) গ্রহণের অনুমতি প্রার্থনা করিতে হইবে।

২। অনুমতি প্রাপ্তির পর পীতবস্ত্র (কাষায় বস্ত্র) পরিধান করিয়া শিক্ষার্থীকে গুরুর নিকট গিয়া ত্রিশরণযুক্ত 'শ্রামণের' শীলধর্মে দীক্ষা লইতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। গুরুর অনুকরণে সে তিনবার সুস্পষ্ট কণ্ঠে ত্রিশরণ আবৃত্তি করিয়া উচ্চারণ করিবে—

বুদ্ধং সরণম্ গচ্ছামি—আমি বুদ্ধের শরণ লইলাম।
ধম্মং সরণম্ গচ্ছামি—আমি ধর্মের শরণ লইলাম।
সঙ্ঘং সরণম্ গচ্ছামি—আমি সঙ্ঘের শরণ লইলাম।

৪। এই তিনটি শরণমন্ত্র উচ্চারণ করিবার পর সঙ্ঘে প্রবেশেচ্ছু শিক্ষানবীশ 'শ্রামণের' ভিক্ষু বলিয়া গণ্য হইবে।

৫। অতঃপর তাহাকে প্রতিজ্ঞা গ্রহণ করিয়া বলিতে হইবে—

(১) আমি জীবহত্যা করিব না।

(২) আমি পরস্বাপহরণ করিব না।

(৩) আমি নারী-সংসর্গ করিব না।

(৪) আমি মিথ্যাকথা বলিব না।

(৫) আমি মাদক দ্রব্য পান করিব না।

(৬) আমি অপরাহ্ণ ভোজন করিব না।

(৭) আমি নৃত্যগীতবাদ্য নিজে করিব না, অপরকে দিয়া করাইব না, অপর কর্তৃক অনুষ্ঠিত নৃত্যগীতবাদ্যাদি দর্শন অথবা শ্রবণ করিব না।

(৮) আমি মাল্যগন্ধ ও অনুলেপনাদি দ্বারা দেহসজ্জা করিব না, রূপসজ্জার প্রসাধন করিব না এবং সূক্ষ্ম বিলাসবস্ত্র পরিধান করিব না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯) আমি উচ্চ ও মহার্ঘ আসন ও শয্যা ব্যবহার করিব না।

(১০) আমি স্বর্ণ, রৌপ্য ও মুদ্রা গ্রহণ বা স্পর্শ করিব না।

—এই দশটি নিষেধনির্দেশের প্রতিশ্রুতি তাহাকে পালন করিতে হইবে। প্রথম পাঁচটি নীতির যে-কোন একটিকে লঙ্ঘন করিলেই সে শিক্ষার্থীর সুযোগ হইতে বঞ্চিত হইবে। পুনরায় শিক্ষার্থিরূপে সঙ্ঘে প্রবেশ করিতে হইলে আবার ত্রিশরণ আবৃত্তি করিয়া দীক্ষা লইতে হইবে। শেষের পাঁচটি নীতির যে-কোন একটি ভঙ্গ করিলে ভিক্ষু-গুরুর নির্দেশে যে-কোন শাস্তি গ্রহণ করিতে হইবে।

বিংশবর্ষ বয়ঃপ্রাপ্ত হইলেই ভিক্ষু হইবার অধিকার জন্মে। উপসম্পন্ন ভিক্ষুর নিকট উপনীত হইয়া সে সঙ্ঘে যোগদান করিবার বাসনা জানাইবে। প্রধান ভিক্ষু অন্ততঃ পাঁচটি ভিক্ষুর দ্বারা একটি মণ্ডল গঠন করিবেন। তাঁহারা প্রার্থীকে 'সীমা' বা দীক্ষাগৃহে লইয়া যাইবেন। যে গৃহে ভিক্ষুগণ সমবেত হইয়া প্রয়োজনানুসারে সঙ্ঘ-বিষয়ক পরামর্শাদি করেন সেই গৃহকে 'সীমা' বলে। ভিক্ষুত্বপ্রার্থী এবং সমবেত ভিক্ষুপ্রধানেরা দীক্ষাগৃহে আসন গ্রহণ করিলে সে সকলকে প্রণাম জানাইয়া তিন বার বলিবে ঃ—

"বিহিত সম্মানপূর্বক আমি পূজনীয় ভিক্ষু-মহোদয়গণকে অনুরোধ করি, আমাকে সঙ্ঘে গ্রহণ করুন। মহানুভব ভিক্ষুগণ আমার প্রতি সদয় হইয়া আমাকে ভিক্ষু হইবার সৌভাগ্য দান করুন।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতঃপর একজন ভিক্ষু সমবেত ভিক্ষুবর্গের অনুমতি গ্রহণ করিয়া ভিক্ষুপদপ্রার্থীকে নিম্নলিখিত বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করিবেন ঃ—

১। আপনি কি উন্মত্ততা, যক্ষ্মা, কুষ্ঠ প্রভৃতি কোন কঠিন ব্যাধিতে ভুগিতেছেন ?

২। আপনি কি প্রকৃতই মানব ?

৩। আপনি কি পুরুষ ?

৪। আপনি কি স্বাধীন ব্যক্তি অথবা কাহারও দাস ?

৫। আপনি কি অঋণী ?

৬। আপনি কি রাষ্ট্রীয় কার্যে আহূত হইবার দায় হইতে মুক্ত ?

৭। আপনি কি সঙ্ঘে প্রবেশ করিবার অনুকূলে মাতা-পিতার অনুমতি পাইয়াছেন ?

৮। আপনার বয়স কি পূর্ণ বিংশ বৎসর ?

৯। আপনার কি ভিক্ষাপাত্র ও পীতবস্ত্র আছে ?

১০। আপনার নাম-পরিচয় কি ?

১১। আপনার গুরুর নাম কি ?

—এই সমস্ত প্রশ্নের সদুত্তর পাইলে যোগ্যতা অনুসারে নির্বাচিত একজন প্রবীণ ভিক্ষু প্রার্থীকে দীক্ষাদানের দায়িত্ব গ্রহণ করিয়া তিন বার স্পষ্ট, প্রশান্ত এবং ছন্দায়িত কণ্ঠে সমাগত ভিক্ষুবৃন্দকে সম্বোধন করিয়া বলিবেন ঃ—

"পূজনীয় মহোদয়গণ, শ্রদ্ধাস্পদেরা, আমার বাক্যে অবহিত হইবেন। এই ভিক্ষুব্রত-গ্রহণেচ্ছু শ্রীমান্ অমুক (ব্যক্তির নাম বলিতে হইবে) পূজ্যপাদ শ্রীযুক্ত অমুকের শিষ্য। ইনি সর্ব-প্রকার দোষত্রুটি হইতে মুক্ত। ইঁহার কাছে ভিক্ষুর পাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও পীতবস্ত্র আছে। ইনি ভিক্ষুসঙ্ঘে প্রবেশানুমতি যাচ্ঞা করিতেছেন। যদি মহোদয়গণ মনে করেন যে, ইনি ভিক্ষুব্রত গ্রহণের যোগ্য, তাহা হইলে আপনারা ইঁহাকে সঙ্ঘের অন্তর্ভুক্ত করিয়া লইতে পারেন। ইহাই পূজ্যপাদগণের কাছে আমার প্রারম্ভিক প্রস্তাব।"

এই প্রস্তাব উত্থাপনের পর প্রধান ভিক্ষু অন্যান্য ভিক্ষুগণের পক্ষ হইয়া দীক্ষাগ্রহণানুষ্ঠান পরিচালনা করিবেন। "প্রার্থী ভিক্ষুসঙ্ঘে গৃহীত হইলেন" ইহা ঘোষণা করিয়া তিনি তিন বার নিম্নলিখিতরূপ ভাষণ প্রদান করিবেন :—

"পূজনীয় মহোদয়গণ, শ্রদ্ধাস্পদেরা, আমার বাক্য অবহিত হইয়া শ্রবণ করুন। ভিক্ষুব্রত-গ্রহণেচ্ছু শ্রীমান্ অমুক (ব্যক্তির নাম বলিতে হইবে) পূজ্যপাদ শ্রীযুক্ত অমুকের শিষ্য। ইনি সর্বপ্রকার দোষত্রুটি হইতে মুক্ত। ইঁহার কাছে ভিক্ষুর পাত্র ও পীতবস্ত্র আছে। ইনি ভিক্ষুসঙ্ঘে প্রবেশানুমতি প্রার্থনা করিতেছেন। এখানে সমাগত ভিক্ষুগণ সঙ্ঘে প্রবেশেচ্ছু শ্রীমান্ অমুককে (নাম বলিতে হইবে) দীক্ষিত করিতেছেন। যদি আপনারা ইহা অনুমোদন ও সমর্থন করেন তাহা হইলে নীরবতা অব্যাহত রাখুন। আর যদি সমর্থন না করেন তবে আপনাদের প্রতিবাদ বিজ্ঞাপিত করুন।"

পর পর তিন বার ইহা ঘোষণা করিবার পর দীক্ষানুষ্ঠানের পরিচালক ভিক্ষু অনুষ্ঠানটি যে সাফল্যের সহিত সুসম্পন্ন হইয়াছে তাহা বিজ্ঞাপিত করিয়া পুনর্বার নিম্নলিখিত বাণী প্রচার করিবেন :—

"মাননীয় ভিক্ষুগণ শ্রীযুক্ত অমুকের শিষ্য শ্রীযুক্ত অমুককে ভিক্ষুসঙ্ঘে গ্রহণ করিলেন। সমবেত ভিক্ষুবর্গ সকলেই নীরব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্মতিতে ইহা সমর্থন করিয়াছেন। মহোদয়গণ, আপনাদের এই নীরবতা সর্বসম্মতভাবে দীক্ষানুষ্ঠানের সাফল্যের পরিচায়ক।"

সঙ্ঘে প্রবেশার্থী ভিক্ষুরূপে দীক্ষিত হইবামাত্রই একজন ভিক্ষু দীক্ষাগ্রহণের সময়, তারিখ, মাস ও সাল ঠিক মত লিখিয়া রাখিবেন।

অতঃপর অপর একজন প্রবীণ ভিক্ষু নবাগত ভিক্ষুকে চারিটি নিস্‌সয় (আচরণীয়) এবং চারিটি অনিস্‌সয় (অনাচরণীয়) নীতি বিষয়ে উপদেশ প্রদান করিবেন।

আচরণীয় নীতি বা নিশ্রয় চারিটি এইরূপ :—

১। ভিক্ষালব্ধ খাদ্যদ্বারা ভিক্ষু নিজের জীবিকা নির্বাহ করিবেন (পিণ্ডিয়ালোপ-ভোজন)। তবে তিনি আমন্ত্রিত হইলে দাতার গৃহে অন্নগ্রহণ করিতে পারেন।

২। পরিত্যক্ত বস্ত্রদ্বারাই ভিক্ষু নিজের পরিধানের পীতবাস নির্মাণ করিবেন (পংসুকূলচীবর)। কিন্তু যদি কোন দাতা তাঁহাকে বস্ত্রদান করেন তাহা দামী হইলেও তিনি ব্যবহার করিতে পারিবেন।

৩। বাসের জন্য ভিক্ষু বৃক্ষতলের উপরই নির্ভর করিবেন (রুক্‌খমূলসেনাসন)। তবে কেহ যদি আশ্রম বা মঠ নির্মাণ করিয়া দেন তাহা হইলে তিনি সেই মঠে বাস করিতে পারেন।

৪। ঔষধের জন্য ভিক্ষু সহজপ্রাপ্য গোমূত্রের উপরই নির্ভর করিবেন (পূতিমুত্তভেসজ্জ)। তবে কোন দাতার প্রদত্ত ভেষজ তিনি ব্যবহার করিতে পারেন।

—এই চারিটি নীতি ভিক্ষুর অবশ্য পালনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিক্ষুকর্তৃক অনাচরণীয় চারিটি নীতি নিম্নে বর্ণিত হইল :—

১। নারীসংসর্গ করিবে না।

২। অপহরণ করিবে না।

৩। নরহত্যা করিবে না।

৪। যোগবল, সাধনমার্গ ও সিদ্ধিফল অর্জন না করিয়া বৃথা দম্ভ প্রকাশ করিবে না।

—এই চারিটি এমন গুরুতর ব্যভিচার যে, ইহার ফলে তন্মুহূর্তেই ভিক্ষুধর্ম হইতে বিচ্যুত হইতে হইবে।

বুদ্ধদেবের জীবৎকালে এমন অনেক ব্যক্তি ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করিয়াছিলেন যাঁহাদিগকে স্বয়ং বুদ্ধদেব শুধু সম্বোধন করিয়া বলিয়াছেন, "এসো হে ভিক্ষু।" বুদ্ধদেবের 'ভিক্ষু' সম্বোধনেই তাঁহারা সঙ্ঘে প্রবেশ করিতেন, পৃথক অনুষ্ঠানের প্রয়োজন হইত না।

নারীরাও বুদ্ধদেবের সময়ে ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করিয়াছেন। কি অবস্থায় কেন বুদ্ধদেব এইরূপ অনুমতি দিয়াছিলেন তাহা বিশদ করিয়া বলিতেছি। যিনি সর্বপ্রথম ভিক্ষুসঙ্ঘে নারী-প্রবেশের অনুমতিভিক্ষা করিয়াছিলেন তিনি আর কেহই নহেন, স্বয়ং বুদ্ধদেবের জননী মহাপ্রজাপতি গৌতমী। ইনি বুদ্ধদেবের গর্ভধারিণী জননী মহামায়ার সহোদরা। মহামায়া ভবিষ্যৎ বুদ্ধকে প্রসব করিবার সাত দিন পর মৃত্যুমুখে পতিত হন। প্রজাপতি গৌতমীর আত্মজ পুত্রের নাম কুমার নন্দ। কিন্তু মহারাণী মায়ার মৃত্যুর পর তিনি নিজ পুত্রের লালনভার স্তন্যবতী ধাত্রীর উপর ন্যস্ত করিয়া কুমার সিদ্ধার্থকে নিজের সন্তানের মত স্তন্যদানে প্রতিপালন করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধদেবের পিতা মহারাজ শুদ্ধোদনের মৃত্যুর পর বুদ্ধদেব যখন কপিলবস্তুতে আগমন করিলেন তখন তাঁহার বিমাতা গৌতমী বৌদ্ধসঙ্ঘে তাঁহাকে গ্রহণ করিবার জন্য বুদ্ধদেবকে তিন তিন বার অনুরোধ করেন। বুদ্ধদেব তিন বারই তাঁহার প্রস্তাব প্রত্যাখ্যান করেন।

তারপর বুদ্ধদেব কপিলবস্তু ত্যাগ করিয়া বৈশালীতে প্রস্থান করিলে গৌতমী এবং অনেক রাজান্তঃপুরবাসিনী শাক্যরমণী মস্তক মুণ্ডন করিয়া গাঢ়বর্ণ গৈরিক বসনে দেহ আবৃত করিয়া বুদ্ধদেবের অনুসরণ করিলেন। বৈশালীতে উপস্থিত হইয়া গৌতমী ও অন্যান্য রমণীরা বৌদ্ধমঠের প্রবেশদ্বারে দাঁড়াইয়া অবিরাম অশ্রুপাত করিতে লাগিলেন। ইহাতে গৌতমী ও রাজকুমারীদিগকে সঙ্ঘে গ্রহণ করিবার জন্য আনন্দ বুদ্ধদেবের কাছে তিন বার কাতর মিনতি জানাইলেন। এখানেও বুদ্ধদেব তিন বারই প্রস্তাবটি প্রত্যাখ্যান করিলেন। অতঃপর আনন্দ সরাসরি বুদ্ধদেবকে প্রশ্ন করিলেন যে, নারীর পক্ষে সঙ্ঘে প্রবেশ করিয়া স্রোতাপত্তি, সকদাগামী, অনাগামী এবং অর্হৎ—এই চতুর্বিধ আধ্যাত্মিক স্তরে উপনীত হওয়া কি একেবারেই অসম্ভব? বুদ্ধদেবকে স্বীকার করিতে হইল যে, সম্ভব। এবার আনন্দ বুদ্ধদেবকে অনুরোধ করিবার সুযোগ পাইলেন। যেহেতু নারীর পক্ষেও আধ্যাত্মিক পথ অবলম্বন ও ফললাভ সম্ভব সেই হেতুই গৌতমীর প্রার্থনা পূরণ করা উচিত। বিশেষতঃ বুদ্ধদেব তাঁহার বিমাতা গৌতমীর কাছে বিশেষভাবেই কৃতজ্ঞ। এইরূপ যুক্তিতে বুদ্ধদেব নারীদের সঙ্ঘে প্রবেশের অনুমতি দিলেন এই সর্তে যে, তাঁহাদিগকে আটটি প্রয়োজনীয় নির্দেশ অবশ্য পালন করিতে হইবে। নারীর পক্ষে সঙ্ঘে প্রবেশাধিকার দুর্লভ করার একটা বিশেষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ ছিল। বুদ্ধদেব চাহিয়াছিলেন যে, নারীরা বৌদ্ধসঙ্ঘে ভিক্ষুণী হইবার সুযোগের মূল্যবত্তা ও উপকারিতা হৃদয়ঙ্গম করুন।

বিনয়-বিধি

বৌদ্ধসঙ্ঘের ভিক্ষুর পক্ষে পালনীয় নীতিনিয়মের সংখ্যা দুই শত সাতাশ। সমবেতভাবে এই নীতিনির্দেশগুলিকে বলা হয় 'বিনয়'। দুইটি স্বতন্ত্র পর্যায়ে এই নীতিগুলিকে বিভক্ত করা যাইতে পারে। প্রথম পর্যায়ের নীতিগুলির বিশেষত্ব এই যে, ইহার যে-কোন একটি ভাঙ্গিলে ভিক্ষুধর্ম হইতে ভ্রষ্ট হইতে হইবে এবং সেই ব্যক্তি আর কখনই ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করিতে পারিবেন না। এই পর্যায়ের চারিটি নীতি এইরূপ :—

১। নারী-সহবাস করিবে না।

২। অদত্তাদান বা পরস্বাপহরণ করিবে না।

৩। নরহত্যা করিবে না।

৪। যৌগিক শক্তি, সাধনমার্গ ও সিদ্ধিফল অর্জন না করিয়া উহা পাইয়াছি বলিয়া বৃথা দম্ভ করিবে না।

বাকী দুই শত তেইশটি নির্দেশনীতির বিবরণ অতি দীর্ঘ হইয়া পড়িবে। এই নীতির যে-কোন একটি পালনেও ত্রুটি হইলে শাস্তির বিধান আছে। তবে পূর্বকথিত নীতিচতুষ্টয় ভাঙ্গিলে যেমন ভিক্ষুব্রতই নষ্ট হয়, এইগুলি পালন না করিলে সেইরূপ হয় না। তথাপি ভিক্ষুর পক্ষে অকরণীয় কার্য করিয়া নিয়মভঙ্গ করিলে অপরাধ স্বীকার করিতে হয় এবং কিছুকাল ব্রহ্মচর্য পালন করিয়া আবার শিক্ষানবীশী করিতে হয়।

অনুষ্ঠিত অপরাধ সামান্য হইলে শুধু স্বীকার করিলেও চলে। যদি কোন ভিক্ষু কোন ক্ষুদ্র অপরাধ করিয়া ফেলেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখনই তিনি তাহা সেই সঙ্ঘের অপর একজন ভিক্ষুর গোচরে আনিবেন এবং প্রতিজ্ঞা করিবেন যে, ভবিষ্যতে আর যাহাতে এইরূপ অপরাধ না হয় তদ্বিষয়ে সতর্ক হইবেন।

দ্বিতীয় পর্যায়ের কোনও গুরুতর অপরাধ করিয়া ফেলিলে ভিক্ষুকে আবার ব্রহ্মচারিরূপে শিক্ষানবীশী করিতে হইবে। গুরু অপরাধগুলি নিম্নলিখিতরূপ ঃ—

১। আত্ম-প্ররোচনায় রেতঃপাত।

২। নারীর, এমন কি নবজাত শিশুরও, অঙ্গস্পর্শ ও চুম্বনালিঙ্গন।

৩। কোন নারীর সহিত কামক্রীড়া সম্বন্ধে আলোচনা।

৪। কোন নারীর সহিত সরাসরি কামকেলির প্রস্তাব।

৫। নর ও নারীর মিলনের দৌত্যকার্য।

৬। 'বিনয়'-নীতির বিরুদ্ধাচরণ করিয়া পরের শ্রমদান চাহিয়া লইয়া একজন মাত্র ভিক্ষুর জন্য ক্ষুদ্র মঠ স্থাপন।

৭। ভিক্ষুসঙ্ঘের অনুমোদন ব্যতীত বৃহৎ মঠ প্রতিষ্ঠা।

৮। নিজে না দেখিয়া, না শুনিয়া এবং অপরাধের প্রত্যক্ষ প্রমাণ ব্যতীত বাচনিকভাবে ও সরাসরি অপর একজন ভিক্ষুর বিরুদ্ধে নিয়মভঙ্গের এমন কোন অভিযোগ আনয়ন যাহার ফলে অভিযুক্ত ব্যক্তি ভিক্ষুত্ব হইতে বঞ্চিত হইতে পারেন।

৯। পূর্বোক্ত উপায়ে অর্থাৎ বিনা প্রমাণে অপর কোন ভিক্ষুর বিরুদ্ধে অভিযোগ গঠন করা এবং অভিযুক্ত করা।

১০। ভিক্ষুসঙ্ঘে আভ্যন্তরীণ বিরোধসৃষ্টির চেষ্টা।

১১। শৃঙ্খলাভঙ্গকারী ভিক্ষুদের পক্ষ সমর্থন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। অসদাচরণের জন্য সঙ্ঘ শাসন করিলে উহা অগ্রাহ্য করা।

১৩। ভিক্ষুসঙ্ঘের শাসন অগ্রাহ্য করিয়া মঠ ত্যাগ না করা। ভবচক্র হইতে মুক্তির উপায় নির্দেশ না করিয়া, লোকের নিকট হইতে পুষ্প ও ফল উপহার গ্রহণ করিয়া, নিজেকে সম্মানিত করার চেষ্টা প্রভৃতি অসদাচরণের অভিযোগে ভিক্ষুসঙ্ঘ মঠ ছাড়িয়া যাইতে আদেশ দিতে পারেন।

—এই সমস্ত গুরু অপরাধের যে-কোন একটির জন্যও ভিক্ষুকে পুনরায় শিক্ষানবীশ হইতে হইবে এবং নিম্নলিখিত কাজগুলি করিতে হইবে ঃ—

১। সীমাগৃহে অন্ততঃ চার জন ভিক্ষুর সম্মুখে তিনি তাঁহার অপরাধের স্বীকারোক্তি করিবেন।

২। তাহার পর পুনরায় শিক্ষার্থী হইবার প্রার্থনা জানাইবেন।

৩। প্রার্থনা জানাইবার পর অপরাধী ভিক্ষু প্রতি প্রভাতে যে ভিক্ষুর সহিত দেখা হইবে তাঁহাকেই নিজের অপরাধ-কথা বলিয়া তিনি যে পুনরায় শিক্ষার্থিরূপে সঙ্ঘে প্রবেশ করিয়াছেন তাহা জানাইবেন।

৪। নিয়মভঙ্গের অপরাধ করিবার পর যতদিন তিনি অপরাধ-কথা প্রকাশ করেন নাই ততদিন পর্যন্ত তাঁহাকে শিক্ষানবীশী করিতেই হইবে। এই সময়ের পরও আশ্রমিকগণের বিশ্বাস উৎপাদনের জন্য অতিরিক্ত ছয় দিন ব্রহ্মচর্য পালন করিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। শিক্ষানবীশীর কাল শেষ হইলে তিনি অন্ততঃ বিশ জন ভিক্ষুকে ডাকিয়া সৎ ভিক্ষুদের কাছে তাঁহাকে লইয়া যাইবার জন্য অনুরোধ করিবেন।

উপসংহারে 'বিনয়'-নীতি সম্বন্ধে ইহাই বলা যায় যে, রাজারা যেভাবে সংবিধান ও সংহিতার নীতি প্রবর্তন করেন এই নিয়মগুলি সেইভাবে এক দিনেই গঠিত হয় নাই। বরং 'বিনয়'-নীতিগুলি জাতির ক্রমবিকাশের ধারায় জাতীয় সংস্কাররূপে গড়িয়া উঠিয়াছে। কোনও একটা বিশেষ সঙ্কট-কালে অথবা কোন বিশিষ্ট ঘটনা উপলক্ষে বুদ্ধদেব সময় সময় এই নিয়মগুলির প্রবর্তন করিয়াছিলেন। এইভাবে সঙ্ঘের ক্রমবিকাশের সাথে সাথে নিয়মগুলি গড়িয়া উঠিয়াছে।

বুদ্ধদেবের মহাপরিনির্বাণের পর সঙ্ঘগুলিই ধর্মের প্রধান আশ্রয় ও উৎস হইয়াছিল। বৌদ্ধধর্মের অবিরাম বিস্তারের জন্য এই সঙ্ঘগুলি ছিল অপরিহার্য। বুদ্ধদেব বলিয়া গিয়াছেন যে, যতদিন এই সঙ্ঘগুলি ভালভাবে ধর্মশিক্ষা দিবে ততদিনই বৌদ্ধধর্মের অস্তিত্ব। সঙ্ঘকে সৎপথে চালাইতে হইলে 'বিনয়'-নীতির প্রতিপালন অবশ্যকর্তব্য। কথিত হয় যে, সূত্র ও অভিধর্মপিটক হয়ত কালে বিনষ্ট বা অবলুপ্ত হইবে কিন্তু যতদিন 'বিনয়' থাকিবে ততদিনই বুদ্ধের 'শাসন' অব্যাহত থাকিবে। 'বিনয়' নীতি সুপ্রতিষ্ঠিত থাকিলে বুদ্ধবাণীর আধিপত্য অক্ষুণ্ণ থাকিবে; কারণ 'বিনয়' বৌদ্ধধর্ম বা শাসনের প্রাণস্বরূপ।

'মেত্তা সুত্ত' (মৈত্রী সূত্র) নামক উপদেশবাণীতে বুদ্ধদেব উৎকৃষ্ট ভিক্ষুর লক্ষণ নির্দেশ করিয়া পনেরটি বিষয় বর্ণনা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছেন। বিষয়গুলি বিশেষভাবে উল্লেখযোগ্য। একজন সৎ ভিক্ষু—

১। সদ্ধর্ম উপলব্ধির চেষ্টা করিবেন।
২। ঋজু-স্বভাব হইবেন।
৩। পরোপকারবৃত্তি অভ্যাস করিবেন।
৪। উপদেশ ও শাসন মানিয়া চলিবেন।
৫। ভদ্র হইবেন।
৬। বিনয়ী হইবেন।
৭। লাভের ও উপহারের প্রত্যাশা করিবেন না।
৮। যাহা আছে তাহা লইয়াই সন্তুষ্ট থাকিবেন।
৯। দৈনন্দিন গার্হস্থ্য কার্য যথাসম্ভব কমাইবেন।
১০। ব্যক্তিগত তৈজস যথাসম্ভব কম রাখিবেন যাহাতে দ্রুত ও হালকা ভাবে ভ্রমণ করা যায়।
১১। সর্বদা প্রশান্ত ও গম্ভীর মূর্তিতে অবস্থান করিবেন।
১২। বিচারে বিবেচক ও প্রাজ্ঞ হইবেন।
১৩। আচরণে রূঢ় হইবেন না।
১৪। উপাসকদের প্রতি আসক্ত হইবেন না।
১৫। এমন একটি তুচ্ছ কাজও করিবেন না যাহার জন্য বুদ্ধিমান্ ও ধার্মিক লোকেরা তাঁহার নিন্দা করিতে পারেন।

এই পর্যন্ত ভিক্ষুসঙ্ঘে প্রবেশের পদ্ধতি ব্যাখ্যাত হইল এবং ভিক্ষুগণকর্তৃক প্রতিপাল্য 'বিনয়'-নীতিগুলি বিবৃত করা হইল।

অর্হৎগণ (থের বা স্থবিরবৃন্দ)

এখন বুদ্ধদেবের জীবৎকালে যে সমস্ত মহান্ অর্হৎ সুবিখ্যাত হইয়াছিলেন তাঁহাদের সম্বন্ধে কিঞ্চিৎ বিবরণ প্রদান করা হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সারিপুত্ত (শারিপুত্র) ও মোগ্‌গল্লায়ন (মৌদ্‌গল্যায়ন)

প্রথমতঃ, দুইজন মহামান্য অর্হৎ সারিপুত্ত (শারিপুত্র) ও মোগ্‌গল্লায়ন (মৌদ্‌গল্যায়ন) সম্বন্ধে আলোচনা করা হইবে। অর্হৎগণের মধ্যে বিজ্ঞতম বলিয়া শারিপুত্র বুদ্ধদেবের প্রচুর প্রশংসা অর্জন করিয়াছিলেন। আত্মিক শক্তিতে অগাধ অধিকারের জন্য মহামতি মৌদ্‌গল্যায়ন অর্হৎগণের মধ্যে প্রধান ছিলেন।

এই দুইজন অর্হৎ বাল্যাবধি পরস্পরের অকৃত্রিম সুহৃৎ ছিলেন। তাঁহাদের মাতাপিতাও বিপুল ঐশ্বর্যের অধিকারী ছিলেন। বাল্যকালে তাঁহাদের নাম ছিল যথাক্রমে উপতিস্‌স (উপতিষ্য) এবং কোলিত।

ইঁহারা দুইজন তাঁহাদের অপরাপর বন্ধু ও সহচরগণসহ কোন একটি পর্বতের শীর্ষদেশে উৎসবের আনন্দ উপভোগ করিতেছিলেন। তাঁহারা যখন উৎসবানন্দে বিভোর হইয়া বন্ধুগণসহ আনন্দ করিতেছিলেন তখন হঠাৎ তাঁহাদের মনে হইল যে, তাঁহাদের আয়ুষ্কালের সীমা একশত বৎসরের মধ্যেই। সুতরাং দুঃখ ও মৃত্যুর হাত এড়াইবার একটা পন্থা আবিষ্কার করিতে পারিলে ভাল হয়। ইহা ভাবিয়া বন্ধুদ্বয় তাঁহাদের পঞ্চশত সহচরসহ প্রথমতঃ রাজগৃহের মহর্ষি সঞ্জয়ের নিকট গমন করিয়া সন্ন্যাসধর্ম গ্রহণ করিলেন। ইঁহারা দুইজনেই খুব বুদ্ধিমান্ ছিলেন। তাঁহারা অনতিবিলম্বে বুঝিতে পারিলেন যে, সঞ্জয় যে-পদ্ধতিতে শিক্ষা দিতেছেন তাহার অনুশীলন-দ্বারা দুঃখ ও জন্মচক্র হইতে মুক্তিলাভ করা সম্ভব হইবে না। অতঃপর তাঁহারা সিদ্ধান্ত করিলেন যে, তাঁহাদের মধ্যে যিনি পূর্বে প্রকৃত ধর্মের সাক্ষাৎলাভ করিবেন তিনি তখনই অপরকে সংবাদ দিবেন। ইহা সিদ্ধান্ত করিয়া তাঁহারা প্রকৃত ধর্মের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুসন্ধানে পৃথক পৃথক ভাবে দিক্ দিগন্তরে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। সেই সময়ে রাজগৃহের কোন এক স্থানে উপতিষ্য বুদ্ধশিষ্য অস্সজির (অশ্বজিৎ) দেখা পাইলেন। অশ্বজিতের ব্যক্তিত্ব এমন শ্রদ্ধা ও সম্ভ্রমের উদ্রেক করিল যে, উপতিষ্যের মনে হইল এই ব্যক্তির কাছেই তিনি সত্য জ্ঞান ও প্রকৃত মুক্তির সন্ধান পাইবেন। তাই তিনি অশ্বজিতের অনুসরণ করিলেন। অশ্বজিৎ একটি ধর্মশালায় গিয়া আহার সমাপন করিলেন। তখন উপতিষ্য তাঁহার সমীপবর্তী হইয়া নিবেদন করিলেন, "কে আপনার গুরু? তাঁর ধর্মবিশ্বাস কি?" অশ্বজিৎ বলিলেন যে, তাঁহার গুরু হইলেন বুদ্ধ এবং তাঁহার ধর্মনীতি এইরূপ :—

"যে ধম্মা হেতুপ্পভবা তেসম্ হেতুম্ তথাগতো আহ,
তেসঞ্চ যো নিরোধো এবংবাদী মহাসমণো।"

এই পালি শ্লোকটির অনুবাদ করা হইবে না, তবে মহর্ষি অশ্বজিৎ যাহা বলিয়াছিলেন তাহা সংক্ষেপে উল্লেখ করা হইবে। তিনি বলিয়াছিলেন, "সমগ্র বিশ্বে কেবল কারণ ও কার্য আছে। জগতে কিছুই চিরস্থায়ী ও অক্ষয় নয়। কারণ ছাড়া কখনই কোন কার্য হয় না। মানুষকে যে সমস্ত দুঃখের সম্মুখীন হইতে হয়—যেমন বার্ধক্য, রোগ, মৃত্যু, প্রিয়বিরহ, অবাঞ্ছিত সম্মেলন, অবাঞ্ছিত-প্রাপ্তি এবং বাঞ্ছনীয়ের অপ্রাপ্তি—এই সমস্তই কর্মফল। এই সমস্ত কর্মফলেরই হেতু আছে। সেই হেতুটির নাম আসক্তি বা তণ্হা (তৃষ্ণা)। এই কারণস্বরূপ তৃষ্ণা বিদূরিত হইলে দুঃখবেদনারূপ কার্যফলও বিদূরিত হইবে। আমার গুরু বুদ্ধদেব এই হেতুসমূহ এবং কর্মফলসমূহ ব্যাখ্যা করিয়াছেন এবং ইহাদের নিরোধের উপায়ও নির্দেশ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপতিষ্য অশ্বজিতের মুখে এই তাৎপর্য মনোযোগের সহিত শ্রবণ করিলেন এবং শ্রবণ মাত্রই তিনি স্রোতাপন্ন হইলেন। তারপর পরম আনন্দে কোলিতের সন্ধান করিলেন। কোলিতও তাঁহার বন্ধুর মুখে সমস্ত শুনিয়া স্রোতাপন্ন হইলেন। তখন দুই বন্ধু মিলিয়া তাঁহাদের পূর্বতন গুরু সঞ্জয়ের নিকট গিয়া বলিলেন, "গুরুদেব, পৃথিবীতে বুদ্ধের আবির্ভাব হয়েছে। আসুন আমরা তাঁর কাছে গিয়ে ধর্মোপদেশ শুনি। আমাদের শিক্ষক কি আমাদের সাথে আসবেন না?" সঞ্জয় প্রত্যুত্তরে বলিলেন, "তোমরা নিজেরাই যাও। আমি এখন বড় বৃদ্ধ হয়েছি। তা ছাড়া নিজে হয়েছি গুরু, অপরের শিষ্য হব কি করে?"

ইহা শুনিয়া উপতিষ্য ও কোলিত বলিলেন, "গুরুদেব, বুদ্ধের আবির্ভাব হয়েছে। এখন লোকেরা তাঁর কাছেই যাবে, আপনার কাছে ত আর আসবে না!"

উত্তরে সঞ্জয় বলিলেন, "বৎস, পৃথিবীতে সংখ্যাধিক্য কার? বোকার না বুদ্ধিমানের? শুধু বুদ্ধিমানেরাই গৌতমের কাছে যাবে।" এই কথা বলিয়া তিনি তাঁহার প্রাক্তন শিষ্যদ্বয়ের আমন্ত্রণ প্রত্যাখ্যান করিলেন।

উপতিষ্য ও কোলিত—এই বন্ধুদ্বয় বুদ্ধের সমীপে উপনীত হইয়া উভয়েই অর্হৎ হইলেন। তাঁহাদের নাম হইল শারিপুত্র এবং মৌদ্গল্যায়ন। তাঁহারা বুদ্ধদেবের প্রধান শিষ্যপদে অভিষিক্ত হইলেন।

ভিক্খু মহাকস্সপ (মহাকাশ্যপ)

শারিপুত্র ও মৌদ্গল্যায়নের কাহিনী বলা হইল। এখন মহাকস্সপ (মহাকাশ্যপ) নামক মুনির কথা বলা হইবে। ইঁহার বাল্যকালের নাম ছিল পিপ্পলি। পৌগণ্ড অতিক্রম করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Library ... Ashram

বয়ঃপ্রাপ্ত হইলে পিতা বিবাহ করিতে বলায় ইনি বিবাহে অনিচ্ছা প্রকাশ করিয়া প্রস্তাব প্রত্যাখ্যান করেন। তিনি এই ইচ্ছা প্রকাশ করিলেন যে, পিতামাতার জীবিতাবস্থায় তিনি তাঁহাদের সেবা করিবেন এবং তাঁহাদের লোকান্তরে সন্ন্যাস অবলম্বন করিবেন। তাঁহার পিতা যখন পুনর্বার তাঁহাকে বিবাহ করিতে বলিলেন তিনি দুই হাতে কান ঢাকিয়া রাখিলেন। এতখানি অনিচ্ছা থাকা সত্ত্বেও তাঁহার পিতা একপ্রকার জোর করিয়াই তাঁহার বিবাহ দিলেন। শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ কোলিয়ের কন্যা ভদ্দা কপিলানীর সহিত তাঁহার উদ্বাহকার্য হইয়া গেল। ভদ্দা কপিলানীরও পিপ্পলির মত বিবাহে অনিচ্ছা ছিল। ফলে এই দুইটি তরুণ-তরুণী একটি সর্তে একমত হইলেন যে, তাঁহাদের শয্যায় উভয়ের মধ্যস্থলে দুই ছড়া ফুলের মালা থাকিবে এবং সিদ্ধান্ত হইল যে, যদি পিপ্পলির দিকের মালাটি দলিত হয় তাহা হইলে বুঝিতে হইবে যে, পিপ্পলির মনেই অপবিত্র বাসনা; আর কপিলানীর দিকের দলিত মাল্য প্রমাণ করিবে যে, কপিলানীই বাসনাময়ী। কিন্তু কোন মাল্যই কোন দিন পিষ্ট হয় নাই। এমন কি, দিনের বেলায়ও তাঁহারা পরস্পরের দিকে চাহিয়া হাসিতেন না, বরং যথাসাধ্য গুরুজনদের সুখ-স্বাচ্ছন্দ্যের দিকে দৃষ্টি দিতেন।

পিতার মৃত্যুর পর পিপ্পলিকে বিষয়সম্পত্তির তত্ত্বাবধান করিতে হইল। একদিন ভৃত্যবর্গসহ ধান্যক্ষেত্রে গিয়া পিপ্পলি দেখিলেন যে, মাঠের মধ্যে একদল কাক ও বাজপাখী পোকা-মাকড় ধরিয়া খাইতেছে। ইহা দেখিয়া বস্তুর নশ্বরতা সম্বন্ধে তাঁহার উপলব্ধি হইল এবং তিনি গৃহে প্রত্যাগমন করিলেন। এদিকে ভদ্দা কপিলানীও দাসীদের লইয়া তাঁহাদের শস্যক্ষেত্রে গিয়া দেখেন যে, কাকগুলি কীটপতঙ্গ খাইতেছে। ইনিও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তুর নশ্বরত্ব উপলব্ধি করিয়া ঘরে ফিরিলেন। দুইজনেই বাড়ী ফিরিয়া পরস্পর-সম্মতিতে বিষয়সম্পত্তি বিলাইয়া দিলেন। তাঁহাদের মনে বিশ্বাস ছিল যে, মনের বাসনা বিদূরিত করিতে পারিয়াছে, পৃথিবীতে এমন লোক আছে। সুতরাং তাঁহারা সিদ্ধান্ত করিলেন যে, মনের পাপ সম্পূর্ণ দূর করিবার উদ্দেশ্যে তাঁহারা সন্ন্যাস গ্রহণ করিবেন। তাঁহারা একজন অপরের মাথা মুড়াইয়া দিলেন এবং গেরুয়া পরিয়া সন্ন্যাসী-সন্ন্যাসিনী হইলেন। দুইজন দুই পথ অবলম্বন করিতে স্বেচ্ছাসম্মত হইয়া পরস্পর বিচ্ছিন্ন হইলেন। পিপ্পলি গেলেন দক্ষিণে এবং ভদ্দা কপিলানী গেলেন বামে।

সেই দিনই পিপ্পলির ধর্মগ্রহণকাল উপনীত হইয়াছে বুঝিতে পারিয়া বুদ্ধদেব তাঁহার প্রতীক্ষায় 'বহুপুত্তক' নামক বটবৃক্ষ-তলে উপবেশন করিয়া রহিলেন। পিপ্পলিও ভ্রমণ করিতে করিতে তথায় উপনীত হইলেন। সেই সময় ষড়বর্ণবিশিষ্ট রশ্মি বুদ্ধদেবের চতুর্দিকে জ্যোতির্মণ্ডল রচনা করিয়া কিরণ বিকিরণ করিতে লাগিল এবং সেই বটবৃক্ষ ও পার্শ্বস্থ পরিবেশ এমন ঔজ্জ্বল্যে মহিমান্বিত হইয়া উঠিল যে, তাহা অবর্ণনীয়। পিপ্পলি বুদ্ধদেবকে দর্শন করিয়াই সিদ্ধান্ত করিলেন যে, ইঁহাকেই তিনি গুরুবরণ করিবেন। এমন ব্যক্তিকেই মনে মনে ধ্যান করিয়া তিনি সন্ন্যাসী হইয়াছেন। যে স্থান হইতে ইনি বুদ্ধকে প্রথম দেখিলেন সেই স্থানেই তিনি আভূমি প্রণত হইলেন। বুদ্ধের নিকটে গিয়া পিপ্পলি নিবেদন করিলেন, "মহান্ বুদ্ধ, আপনি আমার গুরু, আমি আপনার শিষ্য।" ইহা শুনিয়া বুদ্ধদেব তাঁহাকে নিকটে আসিতে আদেশ দিলেন এবং তখনই দীক্ষা দিয়া সরাসরি ভিক্ষুসঙ্ঘের অন্তর্ভুক্ত করিয়া লইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দীক্ষান্তে পিপ্পলি বুদ্ধদেবের সহিত একটি বৃক্ষের পাদমূলে আসিলেন। বুদ্ধদেব দিব্যদৃষ্টিতে দেখিয়াছিলেন যে, চারি মাস পরে যখন তাঁহার পরিনির্বাণ হইবে তখন স্থবিরশ্রেষ্ঠ মহাকাশ্যপ এই বৃক্ষতলেই প্রথম বৌদ্ধমহাসঙ্গীতি আহ্বান করিবেন। তাঁহার হাতে বৌদ্ধধর্ম রক্ষার দায়িত্ব পড়িবে বলিয়া ইহার ইঙ্গিতস্বরূপ বুদ্ধদেব তাঁহার নিজের পরিচ্ছদটি মহাকাশ্যপকে দিলেন। এই পরিচ্ছদটি বুদ্ধদেব স্বয়ং শ্মশানের ছিন্নবস্ত্রদ্বারা নিজহস্তে সীবন করিয়াছিলেন। মহাকাশ্যপ তাঁহার নিজের পরিধেয় বসন বুদ্ধদেবকে দান করিলেন; বুদ্ধদেব পরম করুণায় তাহা গ্রহণ করিলেন।

মহাকাশ্যপ জেতবন-বিহারে উপস্থিত হইলে বুদ্ধদেব তাঁহাকে চারিটি আর্যসত্য এবং ধর্মানুশীলন সম্বন্ধে উপদেশ প্রদান করিলেন। অষ্টম দিবসে মহাকাশ্যপ অর্হত্ত্ব অর্জন করিলেন।

মহাকাশ্যপের একটি অদ্ভুত শক্তি ছিল। যেদিন হইতে তিনি বুদ্ধবসন গ্রহণ করিয়াছিলেন সেই দিন হইতে আরম্ভ করিয়া নির্বাণলাভ পর্যন্ত তিনি দুঃসাধ্য দুশ্চর কঠোরতা অভ্যাস করিয়াছিলেন। দুশ্চর সাধনব্রতীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বলিয়া স্বয়ং বুদ্ধদেব তাঁহার অকুণ্ঠ প্রশংসা করিয়াছেন।

যে ত্রয়োদশ প্রকার কঠোর তপশ্চর্যা অনুশীলন করা কর্তব্য তাহা এইরূপ :—

১। অপরের প্রদত্ত বস্ত্র ব্যবহার না করা। শুধু পরিত্যক্ত জীর্ণ বস্ত্রদ্বারা নির্মিত পরিচ্ছদই পরিধান করিতে হইবে।

২। তিন রকমে মিলিয়া একপ্রস্থ পরিচ্ছদের (ত্রিচীবর) বেশী থাকিবে না। একটি অন্তর্বাস, একটি অঙ্গরক্ষা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(উত্তরাসঙ্গ) এবং একটি বহির্বাস (সঙ্ঘাটি) মাত্র থাকিবে।

৩। কখনও ভোজের নিমন্ত্রণ গ্রহণ করিবে না। নিজে ভিক্ষা করিয়া ভিক্ষান্নে জীবনধারণ করিতে হইবে।

৪। পূর্ব হইতে নির্দিষ্ট-করা পথে ভিক্ষা করিতে হইবে। ভিক্ষা পাওয়া গেল বা না গেল তাহা বিচার না করিয়া সেই পথের প্রতিটি গৃহদ্বারে ভিক্ষার জন্য দাঁড়াইতে হইবে।

৫। দিনে একবার মাত্র একসঙ্গে আহার্য গ্রহণ করিতে হইবে।

৬। একটি মাত্র ভিক্ষাপাত্রে ভিক্ষাপ্রাপ্ত সর্বপ্রকার খাদ্য মিশ্রিত থাকিবে এবং তাহাই গ্রহণ করিতে হইবে।

৭। ভোজনকালে প্রদেয় খাদ্যবস্তু একবার প্রত্যাখ্যান করিয়া পুনঃপ্রদত্ত হইলে কিছুতেই গ্রহণ করিবে না।

৮। গ্রামে বা নগরে বাস না করিয়া উহা হইতে দূরবর্তী কোন স্থানে বাস করিতে হইবে।

৯। কোন মঠ বা বিহারে বাস না করিয়া বৃক্ষতলেই অবস্থান করিতে হইবে।

১০। বৃক্ষতলে বা মঠে আশ্রয় না লইয়া মুক্ত আকাশ-তলেই আশ্রয় গ্রহণ করিতে হইবে।

১১। শ্মশানভূমি ছাড়া অন্যত্র অবস্থান করিবে না।

১২। সঙ্ঘের অধিবেশনে ভিক্ষুপ্রধানদের দ্বারা আদিষ্ট স্থানই গ্রহণ করিতে হইবে।

১৩। কখনও শয়ন করিয়া থাকিবে না।

—ইহাই কঠোর তপস্যার ত্রয়োদশটি নিয়ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহামতি আনন্দ

ইহার পর মহামতি আনন্দের কথা বলা যাইতে পারে। ইনি শাক্যকুমার অমিতোদনের পুত্র। অমিতোদন ছিলেন শুদ্ধোদনের ভ্রাতা। তাই তিনি বুদ্ধদেবের পিতৃব্যপুত্র, সাক্ষাৎ জ্ঞাতিভ্রাতা।

বুদ্ধদেব কপিলবস্তু হইতে প্রত্যাবর্তন করিয়া অনুপিয় নামক বাণিজ্যনগরে ভ্রমণ করিতেছিলেন। তখন একদিন আনন্দ, অনুরুদ্ধ, ভদ্দিয়, কিমিল, ভগু এবং দেবদত্ত উপালিকে সঙ্গে লইয়া বুদ্ধের সহিত সাক্ষাৎ করিতে গেলেন। এই সাতজনের মধ্যে উপালি ছিলেন জাতিতে নাপিত। বাকী অন্য সকলেই শাক্যবংশের রাজকুমার। উপালি ভৃত্যরূপেই ইঁহাদের সঙ্গে গিয়াছিলেন। বুদ্ধের সমীপবর্তী হইয়া তাঁহারা বলিলেন, "প্রভু, আমরা শাক্যকুমারেরা কুলগর্বে খুব গর্বিত। আপনি দয়া করিয়া সর্বপ্রথম উপালিকে দীক্ষা দিন, পরে আমরা দীক্ষা গ্রহণ করিব। উপালি প্রথম দীক্ষিত হইলে আমাদের মধ্যে জ্যেষ্ঠ শিষ্য বলিয়া গণ্য হইবেন এবং আমরা তাঁহার প্রতি সম্ভ্রম প্রদর্শন করিতে বাধ্য থাকিব। এইভাবেই আমাদের বংশগৌরবের অহঙ্কার দূর হইবে।"

বুদ্ধদেব তাঁহাদের অনুরোধ রক্ষা করিলেন। অতঃপর দীক্ষান্তে তাঁহাদিগকে সঙ্গে লইয়া রাজগৃহ অভিমুখে প্রস্থান করিলেন। ভিক্ষুসঙ্ঘে প্রবেশাধিকারপ্রাপ্ত এই সাতজন ভিক্ষুর মধ্যে কেবল দেবদত্ত ব্যতীত অন্য সকলেই অর্থাৎ ভদ্দিয়, অনুরুদ্ধ, ভগু, কিমিল এবং উপালি অর্হত্ব লাভ করিলেন। আনন্দও অর্হৎ হইতে পারেন নাই। বুদ্ধের জীবৎকাল পর্যন্ত তিনি স্রোতাপন্নই ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দ বুদ্ধদেবের ব্যক্তিগত পরিচারক কিভাবে হইলেন তাহা বলিবার আগে পূর্বের অবস্থাটা সংক্ষেপে বলা যাইতে পারে। বুদ্ধত্ব অর্জন করিবার পর বিশ বৎসর পর্যন্ত বুদ্ধদেবের কোন ব্যক্তিগত পরিচারক ছিল না। নাগসমাল, উপবন, চুন্দ, সাগত, রাধ, মেঘিয় এবং আরও কয়েকজন ভিক্ষু প্রয়োজনমত অবস্থানুসারে বুদ্ধদেবের সেবা করিতেন। একদা যখন নাগসমাল বুদ্ধদেবের পরিচর্যার দায়িত্বে ছিলেন তখন বুদ্ধদেব একদিন পথে বাহির হইলেন। তাঁহার সঙ্গে গেলেন নাগসমাল। বুদ্ধদেব যে পথে যাইতেছিলেন নাগসমাল সেই পথে যাইতে ইচ্ছুক হইলেন না। তিনি বুদ্ধদেবের ভিক্ষাপাত্র ও পরিচ্ছদ মাটিতে ফেলিয়া দিয়া নিজের খুসীমত পথে চলিয়া গেলেন। অপরাপর ভিক্ষুগণ ঘটনাটি জানিতে পারিলেন এবং শারিপুত্র বুদ্ধদেবের স্থায়ী পরিচারক হইবার প্রার্থনা জানাইলেন। বুদ্ধদেব অনুমোদন করিলেন না। মৌদ্গল্যায়ন এবং অপর আশিজন প্রবীণ ভিক্ষুর অনুরূপ আবেদনও বুদ্ধদেব প্রত্যাখ্যান করিলেন। অতঃপর প্রবীণ অর্হৎগণ আনন্দকে সম্বোধন করিয়া বলিলেন, "ওহে আনন্দ, শারিপুত্র, মৌদ্গল্যায়ন এবং আরও আশিজন প্রবীণ ভিক্ষু বুদ্ধদেবের স্থায়ী অনুচর হবার জন্য বুদ্ধের অনুমতি চেয়েছেন। তুমি কিছু বলনি কেন? তুমিও প্রার্থনা জানাও।"

আনন্দ সবিনয়ে নিবেদন করিলেন, "মাননীয় অর্হৎগণ, যে পদ ভিক্ষা করে পেতে হয় তার দাম কি? বুদ্ধ জানেন যে, আমি এখানে রয়েছি। যদি তিনি আমাকে সেবক করবার ইচ্ছাই করেন, তাহলে অক্লেশেই হুকুম করতে পারেন।"

ইহা শুনিয়া বুদ্ধদেব সমবেত ভিক্ষুগণকে বলিলেন যে, আনন্দকে অনুরোধ করিবার প্রয়োজন নাই, তিনি স্বেচ্ছায়ই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধের সেবা করিবেন। তখন আনন্দ গাত্রোত্থান করিয়া বুদ্ধচরণে সসম্ভ্রমে প্রণত হইলেন। তিনি বুদ্ধদেবের স্থায়ী পরিচারকের পদ প্রার্থনা করিয়া আটটি বর যাচ্ঞা করিলেন—

১। বুদ্ধের উদ্দেশ্যে নিবেদিত পরিচ্ছদ যেন কখনও আনন্দকে ব্যবহার করিতে দেওয়া না হয়।

২। বুদ্ধদেবের উদ্দেশ্যে প্রদত্ত ভিক্ষান্ন ও অন্য খাদ্য আনন্দকে গ্রহণ করিতে বলা হইবে না।

৩। বুদ্ধদেবের জন্য নির্দিষ্ট গন্ধকুটীতে তাঁহাকে বাস করিতে বলা হইবে না।

৪। বুদ্ধ যখন ভোজনার্থ আমন্ত্রিত হইবেন তখন আনন্দ সঙ্গে যাইবেন না।

৫। কোন ভোজে নিমন্ত্রণ গ্রহণের জন্য আনন্দ বুদ্ধদেবকে অনুরোধ করিলে বুদ্ধদেব প্রত্যাখ্যান করিবেন না।

৬। বুদ্ধদেবের দর্শনাকাঙ্ক্ষী কাহাকেও আনন্দ বুদ্ধসমীপে লইয়া যাইতে চাহিলে বুদ্ধদেব নিষেধ করিবেন না।

৭। সব সময়েই বুদ্ধদর্শনে যাইবার অনুমতি আনন্দকে দিতে হইবে।

৮। আনন্দের অনুপস্থিতিতে বুদ্ধদেব যে ধর্মোপদেশ প্রদান করিবেন তাহা আনন্দের কাছে পুনরাবৃত্তি করিতে হইবে।

বুদ্ধদেব আনন্দের এই আটটি সর্ত মানিয়া লইয়া অনন্দকে উপস্থায়ক বা ব্যক্তিগত পরিচারকরূপে স্থায়ী নিয়োগ প্রদান করিলেন। আনন্দও পরম বিশ্বস্ততার সহিত বুদ্ধের পরিনির্বাণ-কাল পর্যন্ত নিপুণভাবে বুদ্ধের পরিচর্যা করিয়াছিলেন।

বুদ্ধদেবের মৃত্যুর তিন মাস পর প্রথম বৌদ্ধমহাসঙ্গীতি আহূত হয়। এই সঙ্গীতির অব্যবহিত পূর্বকালে অর্হত্ব অর্জন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া আনন্দ ইহাতে মূল্যবান অংশ গ্রহণ করিয়াছিলেন। সঙ্ঘস্থবির মহাকাশ্যপ আনন্দকে নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করিলেন ঃ—

১। বুদ্ধদেব কিরূপ ধর্মোপদেশ প্রদান করিয়াছিলেন ?

২। কাহার কাছে ইহা প্রদত্ত হইয়াছিল ?

৩। কোন্ স্থানে ইহা দেওয়া হয় ?

৪। কেন এইরূপ উপদেশ দিলেন ?

৫। এই উপদেশ প্রদানের কিরূপ ফল হইয়াছিল ?

—এই প্রশ্নগুলি ধর্ম সম্বন্ধেই জিজ্ঞাসিত হইয়াছিল, বিনয় সম্বন্ধে নয়। আনন্দ প্রতিটি প্রশ্নের সুবিস্তৃত উত্তর প্রদান করিয়াছিলেন।

ভিক্ষু উপালি

আনন্দ সম্বন্ধে বলিবার পর উপালি সম্বন্ধে বলা যাইতে পারে। ইনি জাতিতে ছিলেন নাপিত এবং বৃত্তিতে ছিলেন শাক্যকুমারদের অনুচর। আনন্দ, অনুরুদ্ধ, ভদ্দিয়, ভগু, কিমিল এবং দেবদত্ত প্রভৃতি শাক্যকুমারগণ যখন প্রথম বুদ্ধদর্শনে গমন করেন তখন ইনিও তাঁহাদের সঙ্গী হইয়াছিলেন। যাত্রাপথে তাঁহারা একটি বনাঞ্চলে উপস্থিত হইলেন। সেখানে রাজকুমারগণ তাঁহাদের বিলাসবস্ত্র, ভূষণাদি এবং রাজচিহ্ন সমস্ত বর্জন করিয়া উপালিকে প্রদান করিলেন। উপালি কিছুই গ্রহণ করিলেন না, বরং তাঁহাদের সঙ্গী হইয়া সন্ন্যাসী হইবার অনুমতি চাহিয়া বসিলেন। রাজকুমারগণ তাঁহার প্রস্তাব প্রত্যাখ্যান করিয়া তাঁহাকে গৃহেই ফিরিয়া যাইতে বলিলেন। উপালি ক্রমে ক্রমে তিনবার প্রার্থনা জানান, তিনবারই প্রত্যাখ্যাত হন। তারপর 'ঔদ্ধত্য না দেখাইয়া প্রদত্ত বস্ত্রালঙ্কারসহ তিনি প্রত্যাবৃত্ত হইলেন। কিছুদূর গমন করিয়া উপালি ভাবিলেন যে, তিনি গৃহে ফিরিয়া গেলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজকুমারদের আত্মীয়বর্গ তাঁহাকেই কুমারদের হত্যাকারী ও বস্ত্রালঙ্কারের অপহারক ভাবিয়া হত্যা করিবে। তিনি মনে মনে আরও ভাবিলেন যে, এই সমস্ত বিত্তশালী রাজকুমার এত সুখৈশ্বর্য থাকা সত্ত্বেও যখন সব ত্যাগ করিতে পারিয়াছেন, তিনি কেন তাহা পারিবেন না? ইহা ভাবিয়া উপালি কুমারদের কাছেই ফিরিয়া গেলেন। এবার রাজকুমারগণ উপালিকে সঙ্গে লইতে রাজি হইলেন এবং ভিক্ষুত্ব গ্রহণের অনুমতি দিলেন। আয়ুষ্মান্ উপালি শ্রেষ্ঠ বিনয়ধররূপে বুদ্ধদেব কর্তৃক প্রশংসিত হইয়াছিলেন।

অর্হৎগণ (থেরী বা স্থবিরাবৃন্দ)

মাননীয় অর্হৎ থেরদের সম্বন্ধে বলা হইল। যে সব মহিলা অর্হত্ব অর্জন করিয়া থেরী হইয়াছিলেন, তাঁহাদের সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা যাইতে পারে। বুদ্ধদেবের বিমাতা মহাপ্রজাপতি গৌতমী সম্বন্ধে পূর্বেই কিছু বলা হইয়াছে।

ভিক্ষুণী খেমা (ক্ষেমা)

এখন থেরী খেমা (ক্ষেমা) সম্বন্ধে আলোচনা করা হইবে। প্রব্রজ্যা গ্রহণের পূর্বে ইনি রাজগৃহের অধীশ্বর মহারাজ বিম্বিসারের মহিষী ছিলেন। তিনি ছিলেন পরমা সুন্দরী।

মহারাণী ক্ষেমা শুনিয়াছিলেন যে, সৌন্দর্যের খুঁত ধরাই নাকি বুদ্ধদেবের অভ্যাস। সেই ভয়ে তিনি কখনই বুদ্ধদর্শনে যান নাই, বরং সর্বদাই বুদ্ধদেবকে এড়াইয়া চলিতেন। এদিকে মহারাজ বিম্বিসার স্রোতাপন্ন হইয়া প্রবলভাবে বুদ্ধের অনুরক্ত হইয়াছিলেন। তাঁহার ইচ্ছা যে, মহারাণী ক্ষেমাও বুদ্ধের চরণে শরণ গ্রহণ করেন। যাহা হউক, মহারাজ সিদ্ধান্ত করিলেন যে, তিনি হুকুম দিয়া রাণীকে বুদ্ধদর্শন করাইবেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না। তিনি তাঁহার প্রাসাদে একটি কবি-সম্মেলন আহ্বান করিলেন এবং তাঁহার প্রমোদ-উদ্যান বেণুবনের সৌন্দর্য ও সুখকরতা বর্ণনা করিবার জন্য কবিদের অনুরোধ করিলেন। এই বেণুবনেই তখন বুদ্ধদেব বাস করিতেন। মহারাজ বিম্বিসার একদল গায়কও আহ্বান করিলেন। তাঁহারা বেণুবনের প্রশংসাগীতি গাহিলেন।

মহারাণী ক্ষেমা এই সব গান শুনিলেন। বেণুবন দর্শনের অভিলাষ তাঁহার মনে জাগিল। তিনি মহারাজের কাছে বেণুবনে যাইবার প্রার্থনা করিলেন। রাজা খুব খুসী মনেই অনুমতি দিলেন। তারপর রাজকীয় কূটনীতি-কৌশল অবলম্বন করিয়া রাণীর সহযাত্রী অনুচরদের গোপনে শাসাইয়া দিলেন যে, যদি বুদ্ধদর্শন না করিয়া মহারাণী প্রত্যাবর্তন করেন তাহা হইলে তাহারা সকলে দণ্ডিত হইবে।

সহচরী-পরিবৃতা মহারাণী ক্ষেমা সারাদিন বেণুবনে আনন্দ-বিহার করিলেন। সন্ধ্যাসমাগমে গৃহে প্রত্যাবর্তনের প্রাক্কালে তাঁহার পরিচারিকারা তাঁহাকে জানাইল যে, যদি তিনি বুদ্ধদর্শন না করিয়া প্রাসাদে প্রত্যাবর্তন করেন তাহা হইলে তাহারা রাজদণ্ডে দণ্ডিত হইবে। তাহাদের প্রতি দয়া করিয়া রাণী একবার বুদ্ধদর্শন করুন, ইহাই তাহাদের প্রার্থনা। পরিচারিকাদের প্রতি করুণাবশেই রাণী ক্ষেমা বুদ্ধের কাছে যাইতে সম্মত হইলেন। সেই দিন মহারাণী বৌদ্ধধর্ম গ্রহণ করিবেন ইহা পূর্ব হইতেই জানিয়া বুদ্ধদেব তাঁহার মঠে অপেক্ষা করিতেছিলেন। মহারাণী বুদ্ধের সমীপে উপনাত হওয়া মাত্রই তিনি একটি রমণীকে বুদ্ধের কাছে উপবিষ্টা দেখিলেন। সেই রমণীটি মহারাণীর চেয়েও বহুগুণে সুন্দরী। রমণীটি বুদ্ধদেবকে ব্যজন করিতেছিলেন। মহারাণীর দৃষ্টির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্মুখেই সেই রূপসী তরুণী ক্রমে বৃদ্ধা হইলেন, রুগ্না হইলেন এবং দেহত্যাগ করিলেন। এই আশ্চর্য দৃশ্যদর্শনে রাণীর উপপত্তি হইল যে, জাগতিক জীবন সম্পূর্ণ মিথ্যা ও মায়া। তাহার পর বুদ্ধদেব তাঁহাকে চারিটি আর্যসত্য সম্বন্ধে ধর্মদেশনা প্রদান করিলে সেই স্থানে সেই ক্ষণেই মহারাণী ক্ষেমা অর্হত্ত্ব অর্জন করিলেন। যে ব্যক্তি অর্হৎ হইয়া যান তিনি আর সাধারণ লৌকিক জীবন যাপন করিতে পারেন না। হয় তিনি ভিক্ষুজীবন যাপন করিবেন, না-হয় তিনি নির্বাণলাভ করিবেন। সুতরাং মহারাণী প্রাসাদে ফিরিয়া গিয়াই মহারাজ বিম্বিসারকে জানাইলেন যে, তিনি অবিলম্বে সংসার ত্যাগ করিবেন। পূর্বে পূর্বে মহারাণী রাজদর্শনে গিয়া রাজাকে প্রণতি জানাইতেন। ইহাই চিরাচরিত রীতি ছিল। কিন্তু এইবার ব্যতিক্রম ঘটিল। রাণী রাজপ্রণাম না করিয়াই দণ্ডায়মানা রহিলেন। রাজা অনুমানে বুঝিলেন যে, মহারাণী সম্প্রতি অর্হত্ত্ব অর্জন করিয়াছেন। তিনি মহারাণীর কাছে জানিতে চাহিলেন যে, তিনি বেণুবনে বুদ্ধদর্শন করিয়াছেন কি-না। তদুত্তরে রাণী ক্ষেমা বলিলেন, "মহারাজ, বুদ্ধদেবকে শুধু চোখ দিয়ে দেখলে তাঁর সামান্যই দেখা যায়। আমি তাঁকে অন্তর দিয়ে দেখেছি। আপনারা তাঁর যতটুকু দেখেছেন আমি তার বহু শত গুণ বেশী দেখেছি।" ইহা বলিয়া রাণী মহারাজের কাছে প্রব্রজ্যাগ্রহণের অনুমতি চাহিলেন। রাজা অনুমতি দিলেন। অতঃপর মহারাণীর উপসম্পদা অর্থাৎ ভিক্ষুণীব্রত-গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হইলে নৃপতি বিম্বিসার মহারাণীকে মহাসমারোহে ভিক্ষুণীসঙ্ঘে পাঠাইয়া দিলেন।

থেরী ক্ষেমাকে বুদ্ধদেব ভিক্ষুণীসঙ্ঘের বিজ্ঞতমা থেরী বলিয়া অভিহিত করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিক্ষুণী উপ্পলবণ্ণা (উৎপলবর্ণা)

এখন থেরী উপ্পলবণ্ণার (উৎপলবর্ণা) বিষয় বর্ণিত হইবে। শ্রাবস্তির একজন বিত্তশালী ব্যক্তির তনয়া উৎপলবর্ণা এমন আশ্চর্য রূপবতী ছিলেন যে, তাঁহার পাণিপ্রার্থনা করিয়া বহু রাজপুত্র, ও শ্রেষ্ঠিপুত্র অবিরত তাঁহার পিতার কাছে আসিতেন। তাঁহার পিতা ভাবিতেন যে, যদি তিনি উৎপলবর্ণাকে কোনও একজন রাজপুত্র বা শ্রেষ্ঠিপুত্রকে দান করেন তাহা হইলে পাণিপ্রার্থনায় ব্যর্থমনোরথ অন্য সকলে তাঁহার ও তাঁহার কন্যার প্রতি ক্রোধে ও ঈর্ষায় তাঁহাদের ক্ষতিসাধন করিবে। তাই তিনি ভাবিতে লাগিলেন যে, কন্যাটিকে ভিক্ষুণীধর্মে দীক্ষা দিলে এই সমস্ত বিপদসম্ভাবনা বিদূরিত হইবে। তিনি কন্যাকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন যে, তাঁহার ভিক্ষুণীব্রত-গ্রহণে আপত্তি আছে কি-না। তাঁহার পিতা জিজ্ঞাসা করিবার বহু পূর্ব হইতেই উৎপলবর্ণা ভিক্ষুণী হইবার বাসনা মনে মনে পোষণ করিতেন। এক্ষণে পিতা কর্তৃক জিজ্ঞাসিত হইবার সঙ্গে সঙ্গেই তিনি সানন্দে রাজি হইলেন। তাঁহার পিতা তাঁহাকে ভিক্ষুণীসঙ্ঘে লইয়া গেলেন।

দীক্ষাগ্রহণের কিছুদিন পর উৎপলবর্ণা অগ্নিধ্যান করিয়া ক্রমশঃ ধ্যানমার্গের উচ্চতম স্তরে উপনীত হইলেন। পরিণামে ধর্ম সম্বন্ধে দিব্যদৃষ্টি লাভ করিয়া তিনি অর্হৎ হইলেন। ভিক্ষুণীদের মধ্যে যোগসাধনায় সিদ্ধতমা বলিয়া বুদ্ধদেব উৎপলবর্ণার ভূয়সী প্রশংসা করিয়াছেন।

ভিক্ষুণী পটাচারা

শ্রাবস্তীর এক ধনিকন্যা পটাচারার বৃত্তান্ত বর্ণনা করা যাইতেছে। তরুণ বয়সে পটাচারা তাঁহাদের এক গৃহভৃত্যের প্রেমে পড়িয়া সেই ভৃত্যসহ গোপনে গৃহত্যাগ করেন। শ্রাবস্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে বিশ মাইল দূরবর্তী এক ক্ষুদ্র গ্রামে তাঁহারা ঘরসংসার পাতিয়া বসেন। কিছুদিন পর পটাচারা অন্তঃসত্ত্বা হইয়া পিতৃগৃহে যাইবার অভিলাষ প্রকাশ করেন। কিন্তু তাঁহার স্বামী শ্বশুরের কাছে উপস্থিত হইতে সাহস করিলেন না এবং পিতৃগৃহে যাইবার দিন নানা আজুহাতে স্থগিত করিতে লাগিলেন। অবশেষে পটাচারা স্বামীর অনুপস্থিতির সুযোগে পিতৃগৃহের উদ্দেশ্যে পথে বাহির হইয়া পড়িলেন; কিন্তু পথিমধ্যেই তিনি একটি সন্তান প্রসব করিলেন। তাঁহার স্বামী বাড়ী ফিরিয়া পত্নীকে না পাইয়া চতুর্দিকে সন্ধান করিতে লাগিলেন। পরে পথিমধ্যে পটাচারা সন্তান প্রসব করিয়াছেন দেখিয়া তাঁহার স্বামী তাঁহাকে গৃহে লইয়া আসিলেন।

পটাচারা পুনরায় গর্ভবতী হইলেন, প্রসবকালও সমাগত। তিনি এবারও স্বামীর কাছে পিতৃগৃহে যাইবার অনুমতি চাহিয়া ব্যর্থ হইলেন। তাহার পর স্বামীর অজ্ঞাতেই তিনি গৃহত্যাগ করিলেন। শ্রাবস্তির পথে একটি বনের মধ্যে তাঁহার একটি সন্তান জন্মিল। এদিকে স্বামী তাঁহাকে ঘরে না পাইয়া খুঁজিতে খুঁজিতে সেই বনে উপস্থিত। এই সময় বৃষ্টি আসিল। পটাচারা তাঁহার স্বামীকে অতিদ্রুত একটি কুটীর নির্মাণ করিতে অনুরোধ করিলেন। তাঁহার স্বামীও বনের মধ্যে কুটীর নির্মাণের উপযোগী লতাপাতা সংগ্রহের চেষ্টায় গিয়া সর্পাঘাতে নিহত হইলেন। পটাচারা সারা রাত্রি স্বামীর প্রতীক্ষায় থাকিয়া প্রভাতে স্বামীর সন্ধান পাইলেন, কিন্তু তখন তাঁহার স্বামী মৃত।

অতঃপর পটাচারা ছোট ছেলেটিকে কোলে লইয়া এবং বড় ছেলেটির হাত ধরিয়া শ্রাবস্তির পথে যাত্রা করিলেন। পথের মধ্যে একটি ক্ষুদ্র নদী, নদী পার হইতে হইবে। পটাচারা বড় ছেলেটিকে নদীর এপারে বসাইয়া রাখিয়া ছোটটিকে কোলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া নদী পার হইলেন। ওপারে ছোট ছেলেটিকে শোয়াইয়া রাখিয়া বড়টিকে পার করিবার জন্য তিনি এপারে আসিতে লাগিলেন। যখন তিনি নদীর মধ্যস্থলে পৌঁছিয়াছেন তখন একটি ঈগল পাখী ছোট ছেলেটিকে ছোঁ মারিয়া লইয়া গেল। ইহা দেখিয়া তিনি ঈগলটিকে ভয় দেখাইবার জন্য মুহুর্মুহুঃ হাততালি দিতে লাগিলেন। ইহার ফল হইল আরও খারাপ। হাততালির শব্দে বড় ছেলেটি ভাবিল যে, তাহার মা তাহাকে সঙ্কেত করিয়া ডাকিতেছে। সে দ্রুতবেগে ছুটিয়া নদীতে নামিবার সঙ্গে সঙ্গেই স্রোতে ভাসিয়া গিয়া ডুবিয়া মরিল।

পটাচারা মানসিক স্থৈর্য হারাইয়া বিড় বিড় করিয়া বলিতে লাগিলেন, "আমি দুটো ছেলে হারালাম—পথে স্বামীকে হারালাম।" এই কথা বলিতে বলিতে তিনি শ্রাবস্তি নগরে প্রবেশ করিলেন। সেখানে গিয়া তিনি শুনিতে পাইলেন যে, ঝড়ে বিধ্বস্ত গৃহের তলায় প'ড়িয়া তাঁহার পিতা, মাতা ও ভ্রাতার মৃত্যু হইয়াছে। এই চরম দুঃসংবাদ শুনিবার পর পটাচারা সম্পূর্ণ উন্মাদ হইয়া গেলেন। তিনি পরিধেয় বস্ত্র ছিঁড়িয়া ফেলিয়া সম্পূর্ণ উলঙ্গ অবস্থায় শ্রাবস্তি নগরের পথে পথে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। তিনি অনবরত বিড় বিড় করিয়া বলিতেন, "আমার ছেলেদুটো মরে গেছে, পথে মরেছে আমার স্বামী ; মা বাপ ভাই, সব মরেছে।"

এইভাবে পথে পথে ঘুরিয়া পটাচারা বুদ্ধদেবের ধর্ম-প্রচারের স্থানে আসিয়া পড়িলেন। বুদ্ধদেব তাঁহাকে দেখিলেন, তাঁহার প্রতি বিশেষভাবে মনঃসংযোগ করায় বুদ্ধদেবের মন সস্নেহ করুণায় ভরিয়া উঠিল। তিনি পটাচারাকে কাছে ডাকিয়া বলিলেন, "ভগিনী পটাচারা, স্থির হও, ধৈর্য ধর।" বুদ্ধের সস্নেহ সম্বোধনে অদ্ভুত উপায়ে পটাচারার মনে আশ্চর্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিবর্তন আসিল। নিজের উলঙ্গ অবস্থা সম্বন্ধে তাঁহার সম্বিৎ ফিরিয়া আসিল ; তিনি লজ্জায় মাটিতে মুখ ঢাকিয়া পড়িয়া রহিলেন। ইহা দেখিয়া জনৈক শ্রোতা তাঁহার দিকে একখানি গাত্রবস্ত্র ছুঁড়িয়া দিলেন। বস্ত্রখানিদ্বারা সর্বাঙ্গ জড়াইয়া লইয়া পটাচারা গভীর মনোযোগে বুদ্ধদেবের উপদেশবাণী শুনিতে লাগিলেন। ইহার পর পটাচারা স্রোতাপন্ন হইলেন। অতঃপর তাঁহার অনুরোধে বুদ্ধদেব তাঁহাকে দীক্ষা দিয়াছিলেন।

অনতিবিলম্বে পটাচারা অর্হত্ব অর্জন করিলেন। ভিক্ষুণী-সঙ্ঘে যাঁহারা 'বিনয়'-এ বিদগ্ধা তাঁহাদের অগ্রগণ্যারূপে পটাচারা বুদ্ধদেব কর্তৃক প্রশংসিতা হইয়াছিলেন।

ভিক্ষুণী ধর্ম্মদিন্না (ধর্মদত্তা)

ভিক্ষুণী পটাচারার পর থেরী ধম্মদিন্নার (ধর্মদত্তা) বিষয় বলা হইতেছে। ইনি রাজগৃহের বিখ্যাত শ্রেষ্ঠী বিশাখের পত্নী ধর্মদত্তা। বিশাখ এবং তাঁহার পত্নী ধর্মদত্তা পরস্পরের প্রতি বড় আসক্ত ছিলেন। বিশাখ মহারাজ বিম্বিসারের অন্তরঙ্গ সুহৃৎ ছিলেন। দুই বন্ধু একদিন বুদ্ধদেবের ধর্মদেশনা শুনিতেছিলেন। শুনিতে শুনিতে বিশাখ তখনই স্রোতাপন্ন হইয়া গেলেন। কিন্তু ইহাতেই পরিতৃপ্ত না হইয়া তিনি ধর্মানুশীলনে আত্মনিয়োগ করিলেন এবং অনাগামিস্তরে উপনীত হইলেন। এই অবস্থায় উপনীত হইবার পূর্বে বিশাখ যখনই বিদেশ হইতে গৃহে ফিরিতেন তাঁহার প্রিয়তমা ধর্মদত্তা দ্বারে দাঁড়াইয়া হাসিমুখে স্বামীকে স্বাগত জানাইতেন এবং বিশাখও দূর হইতে পত্নীকে দেখিবামাত্র প্রতিহাস্যদ্বারা তাঁহাকে সম্বর্ধিত করিতেন। তাহার পর শ্রেষ্ঠী গৃহদ্বারে উপনীত হইলে পত্নী হাত বাড়াইয়া দিতেন এবং বিশাখ সস্নেহে পত্নীর বাহুদ্বয় ধরিয়া হাতে হাত রাখিয়া গৃহাভ্যন্তরে প্রবেশ করিতেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু যেদিন বিশাখ অনাগামিত্তর লাভ করিলেন সেদিন গৃহে ফিরিয়া পত্নীর মৃদুহাস্যের প্রতিদান দিলেন না এবং পত্নী হাত বাড়াইয়া দিলেও হাতখানা সাদরে গ্রহণ করিলেন না। পূর্বে তাঁহারা একত্রে আহার করিতেন, নানা রসালাপ করিতেন। কিন্তু ঐদিন শ্রেষ্ঠী একাকী নীরবে ভোজন করিলেন, তাঁহার চক্ষে ধ্যানস্থ সন্ন্যাসীর উদাস দৃষ্টি।

স্বামীর এই বিস্ময়কর আচরণে ধর্মদত্তা চিন্তিত হইয়া পড়িলেন এবং সেই রাত্রিতেই ইহার কারণানুসন্ধানের সঙ্কল্প গ্রহণ করিলেন। এদিকে আবার তাঁহার স্বামী শয়নের জন্য স্বতন্ত্র গৃহে শয্যা প্রস্তুতের আদেশ দিলেন। যে গৃহে পূর্বে তাঁহারা শয়ন করিতেন বিশাখ সেই গৃহে প্রবেশই করিলেন না। ইহাতে ধর্মদত্তা বড় ব্যথিতা হইলেন। তাঁহার ধারণা হইল যে, তাঁহার স্বামী তাঁহাকে ছাড়িয়া অপরা রমণীর প্রতি আসক্ত হইয়াছেন। তিনি এমনও আশঙ্কা করিলেন যে, কেহ হয়ত তাঁহার বিরুদ্ধে স্বামীর কাছে মিথ্যা করিয়া লাগাইয়াছে অথবা তিনি নিজেই হয়ত অজ্ঞাতে স্বামীর মনে কোন আঘাত দিয়াছেন।

দুই-এক দিন এইভাবে কাটিবার পর ধর্মদত্তা আর সহ্য করিতে পারিলেন না। তিনি নিশীথে স্বামীর শয়নকক্ষে প্রবেশ করিলেন। এত রাত্রিতে কেন তিনি স্বামীর শয্যাগৃহে প্রবেশ করিয়াছেন তাহা জিজ্ঞাসা করিলে ধর্মদত্তা স্বামীর কাছে অকপটভাবে তাঁহার মনের কথা সব খুলিয়া বলিলেন। বিশাখ সব শুনিয়া মনে মনে চিন্তা করিলেন যে, তাঁহার অবলম্বিত ধর্ম নিঃসন্দেহে সুমহান্, ইহা লইয়া অহঙ্কার করা উচিত নয়। ইহা বুক ফুলাইয়া বলার কথা নয়। তবু যদি ধর্মদত্তাকে না বলা হয়, তাহা হইলে ধর্মদত্তা অবশ্যই তাঁহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভুল বুঝিবেন এবং দুঃখে আত্মহত্যা করিতে পারেন। সুতরাং এখনই তাঁহাকে সব বুঝাইয়া বলা কর্তব্য। এইরূপ ভাবিয়া বিশাখ পত্নীকে বলিলেন, "ধমদত্তা, তোমাকে ছেড়ে আমি অন্য কোন রমণীর প্রতি আসক্ত হইনি। তোমার কোন্ নিন্দা কেউ আমার কাছে করেনি; তোমার কোন দোষ নেই। আমার অভিনব আচরণের কারণ সম্পূর্ণ স্বতন্ত্র। বুদ্ধদেবের উপদেশবাণী শোনবার পর আমি এক আশ্চর্য ধর্মের সন্ধান পেয়েছি।"

এই কথা শুনিবার পর ধর্মদত্তার মনের মেঘ কাটিয়া গেল, তাঁহার মুখে স্নিগ্ধ হাসি ফুটিয়া উঠিল। পত্নীর হাস্যোজ্জ্বল মুখ দেখিয়া বিশাখ সোৎসাহে বলিতে লাগিলেন, "ধর্মদত্তা, তুমি যদি এ বাড়ীতে থাকতে চাও, আমাদের বিষয়সম্পত্তি সমস্তই তোমার হবে। মা যেমন ছেলেকে দেখে, অথবা বড় বোন যেমন ভাইকে দেখে আমাকে তুমি সেই দৃষ্টিতে দেখবে। তুমি আমাকে যা-কিছু খেতে দেবে আমি তা-ই খুসী মনে খাব। যদি এ বাড়ীতে থাকতে তোমার ভাল না লাগে তাহলে ধনরত্ন সমস্ত নিয়ে তোমার পিত্রালয়ে গিয়ে বাস করতে পার। অথবা যদি তোমার আবার বিবাহ করতে ইচ্ছা হয় তাও করতে পার এবং টাকাকড়ি সব নিয়ে যেতে পার।"

স্তম্ভিত হইয়া ধর্মদত্তা এই সব কথা শুনিলেন এবং মনে মনে চিন্তা করিতে লাগিলেন, "স্বাভাবিক অবস্থায় আমার স্বামী কখনই এমন করে বলতে পারতেন না। তিনি নিশ্চয়ই কোন মহান্ ধর্মের সন্ধান পেয়েছেন, যার ফলে এমন কথা বলতে পেরেছেন।" তিনি স্বামীকে সম্বোধন করিয়া বলিলেন, "প্রভু, তোমার ধর্ম কি শুধু পুরুষেরই প্রাপ্য, মেয়েরা কি সে ধর্ম লাভ করতে পারে না?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রত্যুত্তরে বিশাখ বলিলেন, "ধর্মদত্তা, আমার মহান্ ধর্ম সকলেরই অর্জনীয়। যিনি অনুশীলন করবেন, যিনি রাখতে জানবেন এ ধর্ম তাঁরই। এ ধর্ম অর্জনের পথে নারী-পুরুষের কোন ভেদাভেদ নেই।"

এই কথা শ্রবণমাত্রই ধর্মদত্তা ভিক্ষুণীসঙ্ঘে প্রবেশের জন্য স্বামীর অনুমতি চাহিয়া বসিলেন। বিশাখ এই সংবাদটি মহারাজ বিম্বিসারকে জানাইলেন। মহারাজ ধর্মদত্তাকে ভিক্ষুণীদের মঠে লইয়া যাইবার জন্য একখানি স্বর্ণপালঙ্ক পাঠাইয়া দিলেন। বিশাখ তখন মহাসমারোহে পত্নীকে সোনার পাল্‌কিতে চড়াইয়া মঠে লইয়া গেলেন এবং দীক্ষার ব্যবস্থা করিলেন।

দীক্ষান্তে ধর্মদত্তা ভাবিতে লাগিলেন যে, সাধারণ গৃহস্থরূপে তাঁহার স্বামী যদি ধর্মানুশীলন করিতে পারেন তাহা হইলে সন্ন্যাসিনী হইয়া তিনি কেন এই মহান্ ধর্ম অর্জন করিতে পারিবেন না? ইহা ভাবিয়া তিনি অধিকতর নিষ্ঠার সহিত অনুশীলন করিবার উদ্দেশ্যে রাজগৃহ নগর হইতে দূরে এক নিভৃত পল্লীতে গিয়া সাধনা করিতে লাগিলেন। অবিলম্বে তিনি অর্হত্ব লাভ করিলেন।

বুদ্ধদেব ধর্মপ্রচারিকা থেরীদের মধ্যে ধর্মদত্তাকেই শ্রেষ্ঠা বলিয়া প্রশংসা করিয়াছেন।

ধর্মদত্তা অর্হৎ হইবার পর তাঁহার স্বামীর সহিত তাঁহার যে উক্তি-প্রত্যুক্তি হইয়াছিল তাহা 'চূলবেদল্ল সুত্ত' নামে সঙ্কলিত হইয়াছে। ধর্মদত্তা তাঁহার স্বামীর প্রশ্নের যে উত্তরগুলি দিয়াছিলেন তাহা জানিয়া বুদ্ধদেব তাঁহার ভূয়সী প্রশংসা করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ ভাষণ

পরিনির্বাণান্তর বৌদ্ধধর্ম

সঙ্ঘের অধিনায়কত্বের সমস্যা

বুদ্ধদেব বয়োবৃদ্ধ হইলে অনেকেই বৌদ্ধসঙ্ঘের নায়কত্বের উত্তরাধিকার-সমস্যার কথা চিন্তা করিয়াছিলেন। দেবদত্ত তাঁহাদের মধ্যে একজন। ইঁহার বিষয় পূর্বেই বলা হইয়াছে। ইনি ভিক্ষুসঙ্ঘের একটি অধিবেশনে স্পষ্টই বুদ্ধদেবকে বলিয়াছিলেন যে, বুদ্ধদেব বৃদ্ধ হইয়াছেন বলিয়া সঙ্ঘের নেতৃত্ব দেবদত্তের উপর অর্পিত হউক। বুদ্ধদেব এই প্রস্তাব প্রত্যাখ্যান করেন। দেবদত্ত পীড়াপীড়ি করিলে তিনি দৃঢ়তার সহিত বলিলেন যে, দেবদত্তকে তিনি কিছুতেই নেতৃত্ব দিবেন না; এমন কি, শারিপুত্র ও মৌদ্গল্যায়নকেও তিনি দায়িত্ব অর্পণ করিবেন না। ইহাতে দেবদত্ত ক্রুদ্ধ হইয়া চলিয়া যান এবং তাঁহার পৃষ্ঠপোষক রাজকুমার অজাতশত্রুকে প্ররোচিত করেন যে, রাজকুমার পিতৃহত্যা করিয়া রাজ্য দখল করিবেন এবং দেবদত্ত নিজে বুদ্ধদেবকে হত্যা করিবেন। তাঁহার মনে মনে প্রত্যাশা ছিল যে, বুদ্ধদেব নিহত হইলে অজাতশত্রুর সমর্থনে রাজকীয় স্বীকৃতি লইয়া তিনি সঙ্ঘের অধিনায়কের পদ গ্রহণ করিবেন। তিনি তিন তিন বার বুদ্ধ-নিধনের চেষ্টা করিয়া বিফলকাম হইয়াছিলেন। অতঃপর তিনি দুই-তিন জন অনুচরসহ বুদ্ধসমীপে উপনীত হইয়া সঙ্ঘের নিয়মাবলীতে পাঁচটি কঠোর নিয়ম সংযোজন করিবার প্রস্তাব করিলেন। নিয়মগুলি এতই দুশ্চর ছিল যে, বুদ্ধদেব উহা প্রবর্তন করিলে ভিক্ষুদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দিবে; আবার বুদ্ধদেব যদি উহা প্রবর্তন করিতে অস্বীকার করেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহা হইলে দেবদত্ত বুদ্ধদেবের বিরুদ্ধে নীতিগত শৈথিল্যের অভিযোগ করিতে পারিবেন। এই কৌশলে বুদ্ধদেব ধরা দিলেন না। তিনি সরাসরি প্রস্তাব প্রত্যাখ্যান করিলেন। দেবদত্ত সঙ্ঘের মধ্যে বিভেদ সৃষ্টির চেষ্টা করিয়াও কৃতকার্য হইলেন না।

দেবদত্তের মৃত্যুতে সঙ্ঘের মধ্যে বিভেদের আশঙ্কা বিদূরিত হইল বটে, কিন্তু সঙ্ঘ-নায়কের উত্তরাধিকার সম্বন্ধীয় প্রশ্ন অমীমাংসিতই রহিয়া গেল। ভিক্ষুদের মনে এই প্রশ্নটি নিরন্তর উদ্বেগের কারণ হইয়া রহিল। এইভাবে কিছুদিন গেল। একদিন বুদ্ধদেব ঘোষণা করিলেন যে, তাঁহার অন্তিম কাল সমাগত হইতেছে। ইহা শুনিয়া তাঁহার পরম বিশ্বস্ত উপস্থায়ক আনন্দ, বুদ্ধদেব তাঁহার নির্বাণলাভের কাল কিছুটা প্রলম্বিত করিবেন এই আশ্বাসে বলিলেন, "বৌদ্ধসঙ্ঘের কোন একটা সুব্যবস্থা না করে প্রভু নিশ্চয়ই নির্বাণ লাভ করবেন না!" তদুত্তরে বুদ্ধদেব বলিলেন, "আনন্দ, সঙ্ঘ আমার কাছে কি প্রত্যাশা করে? আমি আমার উপলব্ধ সত্য অকপটে প্রকাশ করেছি; কোন কিছুই গোপন করি নি। আমি কখনই ধর্মোপদেশ প্রদানে কৃপণতা দেখাই নি। যিনি সঙ্ঘের নীতি নির্ধারণ করবেন, তাঁর মনোভাব থাকবে যে, তিনি সঙ্ঘকে চালাবেন এবং সঙ্ঘও চলবার জন্য অনবরত তাঁর মুখ চেয়ে থাকবে। আমি কিন্তু কোনদিন স্বপ্নেও ভাবি নি যে, আমি সঙ্ঘের সর্বাধিনায়ক এবং ভিক্ষুসঙ্ঘ আমারই মুখ চেয়ে আছে। কাজেই আমি কেন সঙ্ঘের ভবিষ্যৎ নীতি নির্ধারণ করব?"

অবশেষে বুদ্ধদেবের মুমূর্ষু অবস্থায় আনন্দ তাঁহাকে আবার জিজ্ঞাসা করিয়াছিলেন যে, বুদ্ধদেবের দেহাবসানের পর নবীন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিক্ষুদের বুদ্ধ-উপাসনার রীতি কি হইবে এবং বুদ্ধদেবের মহাপরিনির্বাণের পর তাঁহারা কোথায় যাইবেন? ইহার উত্তরে বুদ্ধদেব বলেন যে, ভিক্ষুগণ চারিটি তীর্থ পরিক্রমা করিবেন। বুদ্ধজীবনের প্রধান প্রধান ঘটনাস্থানই এই তীর্থ-ক্ষেত্র। বুদ্ধ যেখানে জন্মগ্রহণ করেন, যে স্থানে তিনি বোধিলাভ করেন, যেখানে তিনি প্রথম ধর্মপ্রচার করেন এবং যে স্থানে তাঁহার মহাপরিনির্বাণ ঘটে—এই চারিটি স্থানই ভিক্ষুদের গন্তব্য তীর্থ।

অতঃপর বুদ্ধদেব আনন্দকে সম্বোধন করিয়া বলিলেন, "আনন্দ, কেউ হয়ত বলবে যে, শাস্তা ছাড়া পরম শিক্ষা হবে কি করে? শিক্ষক ত কেউ নেই! না আনন্দ, এ কথা ভাবা ঠিক নয়। আমি যে ধর্ম ও বিনয় নীতি প্রবর্তন করেছি, আমার অভাবে সেই ধর্ম ও বিনয় নীতিই তোমাদের শাস্তা হবে।"

বুদ্ধদেবের এই উক্তিটিতে ইহা স্পষ্ট হইয়া উঠিয়াছে যে, সঙ্ঘ-নায়কত্বের উত্তরাধিকার কোন সমস্যাই নয়। বুদ্ধদেব ছিলেন এই সঙ্ঘের শাস্তা, তাঁহার স্থান গ্রহণ করিবার যোগ্যতা আর কাহারও ছিল না। পক্ষান্তরে, তাঁহার উক্তির অন্যতম তাৎপর্য এই যে, সঙ্ঘ মূলতঃ একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠান। বুদ্ধদেবের অবর্তমানে সঙ্ঘ ক্ষীয়মাণ হইয়া বিলুপ্ত হইবে না, বুদ্ধদেব-প্রবর্তিত ধর্ম ও বিনয় নীতি যতদিন অক্ষুণ্ণ থাকিবে ততদিন সঙ্ঘের অস্তিত্ব বিঘ্নিত হইবে না।

প্রথম বৌদ্ধ-মহাসঙ্গীতি

বুদ্ধদেব যখন পরিনির্বাণ লাভ করিলেন তখন প্রধান বুদ্ধশিষ্যদ্বয় শারিপুত্র ও মৌদ্‌গল্যায়ন জীবিত ছিলেন না। প্রবীণ ভিক্ষুদের মধ্যে একমাত্র মহাকাশ্যপই অবশিষ্ট ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধের নির্বাণকালে মহাকাশ্যপ পাঁচ শত ভিক্ষুসহ অন্যত্র ছিলেন। সেই স্থানে বাসকালেই তিনি বুদ্ধদেবের দেহাবসানের সংবাদ পাইলেন। সংবাদ পাইয়া ভিক্ষুগণ যখন নানাভাবে শোক প্রকাশ করিতেছিলেন তখন অল্পদিন যাবৎ ভিক্ষুব্রতে দীক্ষিত সুভদ্দ (সুভদ্র) নামক একজন বৃদ্ধ ভিক্ষু সোল্লাসে বলিয়া উঠিলেন, "বেশ হয়েছে বন্ধুগণ, আর শোক ক'রো না। সেই মহাপুরুষের শাসন থেকে আমরা রেহাই পেয়েছি। আমরা এতদিন বড়ই বিব্রত হয়েছি 'এটা কর, এটা ক'রো না'—এ রকম সব কথা শুনে। এবার আমরা যথাখুসী চলতে পারব, যা ইচ্ছা হয় করব, যা ইচ্ছা হয় না, করব না।"

সুভদ্রের এই প্রকার কদর্য শ্রুতিকটু কথাগুলি শুনিয়া মহাকাশ্যপ উপলব্ধি করিলেন যে, অবিলম্বে একটি ধর্মসভার আয়োজন অত্যাবশ্যক। এই মহাসভা বুদ্ধবাণী সঙ্কলন ও সজ্ঘনীতির প্রবর্তনদ্বারা বুদ্ধের মহাপ্রয়াণজনিত সংশয় ও হতাশার মনোভাব বিদূরিত করিবে। কিন্তু তাঁহার প্রথমতম কর্তব্য পরম শাস্তার অন্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিত থাকা। তাই তিনি অতি দ্রুত বুদ্ধের মহাপ্রস্থান-স্থানের উদ্দেশ্যে যাত্রা করিলেন। তিনি তাঁহার ধর্মদেষ্টা গুরুর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করিলেন প্রজ্বলন্ত চিতায়। অন্ত্যেষ্টিক্রিয়ার পর বুদ্ধদেবের দেহাবশেষ চিতাভস্ম উত্তরাপথের ও মধ্যভারতের রাজগণ বণ্টন করিয়া লইলেন এবং উহার উপর অনেকগুলি স্তূপ নির্মিত হইল। পরবর্তীকালে বুদ্ধের দেহাবশেষ বৌদ্ধধর্ম-বিস্তারে পরম সহায়ক হইয়াছিল।

ইহার পর মহাকাশ্যপ ভিক্ষুদের লইয়া রাজগৃহে ফিরিয়া আসিলেন। মগধরাজ অজাতশত্রুর পৃষ্ঠপোষকতায় তিনি প্রথম বৌদ্ধ-মহাসঙ্গীতির ব্যবস্থা করিলেন। দেবদত্তের মৃত্যুর পর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৌদ্ধবিরোধী অজাতশত্রু তাঁহার পিতার ন্যায় বৌদ্ধধর্মের সমর্থক ও পৃষ্ঠপোষক হইয়াছিলেন। এই ধর্মসভায় নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন মহাকাশ্যপ। কারণ ধর্মানুশীলনেও তিনি ছিলেন সাধকশিরোমণি, বয়সেও তিনি ছিলেন সর্বজ্যেষ্ঠ। বুদ্ধের জীবৎকালেও তিনি ভিক্ষুদের মধ্যে নীতিগত শৈথিল্য লক্ষ্য করিয়াছিলেন এবং ইহার প্রতিকারের উপায় সম্বন্ধে বুদ্ধদেবের মূল্যবান্ উপদেশ গ্রহণ করিতেন। তিনি নিজের ব্যক্তিজীবনে দুঃখব্রত গ্রহণ করিয়াছিলেন। তিনি বনে বাস করিতেন, ভিক্ষান্নদ্বারা জীবিকানির্বাহ করিতেন এবং ছিন্নবস্ত্র-নির্মিত পরিচ্ছদ ব্যবহার করিতেন। পূর্বে উল্লিখিত হইয়াছে যে, বুদ্ধদেব মহাকাশ্যপের সহিত চীবর আদানপ্রদান করিয়াছিলেন। উহার তাৎপর্য এই যে, বুদ্ধদেবের মহানির্বাণের পর এই মহাকাশ্যপই বৌদ্ধধর্ম রক্ষা ও প্রচারের জন্য মহাসঙ্গীতির আয়োজনের দায়িত্ব গ্রহণ করিবেন।

মহাপ্রয়াণের অব্যবহিত পূর্বে বুদ্ধদেব একদা আনন্দকে বলিয়াছিলেন যে, ভিক্ষুদের মধ্যে পরস্পর সম্বোধনে 'আবুস' (বন্ধু) শব্দের ব্যবহাররীতি পরিহার করিতে হইবে। তৎপরিবর্তে প্রবীণ ভিক্ষুদের 'ভন্তে' বা 'মহোদয়' বলিয়া সম্বোধন করিতে হইবে এবং প্রবীণেরা অপেক্ষাকৃত নবীনদের হয় ব্যক্তিগত নাম বা উপাধি, না-হয় 'আবুস' (বন্ধু) শব্দদ্বারা সম্বোধন করিবেন। সম্বোধনের এই রীতিপরিবর্তনদ্বারা বুদ্ধদেব প্রবীণদের প্রতি শ্রদ্ধা-প্রকাশের উপযোগিতার দিকে দৃষ্টি আকর্ষণ করিলেন।

মহাকাশ্যপ প্রথম সঙ্গীতি গঠন করিবার জন্য ৪৯৯ জন ভিক্ষু নির্বাচন করিলেন। বয়সে সর্বাপেক্ষা প্রবীণ বলিয়া তিনিই সভাপতি-পদ গ্রহণ করিলেন। একমাত্র আনন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যতীত নির্বাচিত সমস্ত ভিক্ষুই অর্হৎ ছিলেন। আনন্দকে গ্রহণ করা হইল এই জন্য যে, ইনি উপস্থায়করূপে সর্বদাই বুদ্ধের কাছে থাকিতেন এবং কখন, কি অবস্থায়, কোথায় বুদ্ধদেব কি উপদেশ দিয়াছিলেন তাহা একমাত্র আনন্দই ঠিকমত জানিতেন। যাঁহারা অর্হৎ নহেন তাঁহাদের মধ্যে কেহ কেহ আনন্দের নির্বাচন লইয়া কিছু সমালোচনাও করেন। কিন্তু অধিকাংশ ভিক্ষুই জানিতেন, কেন আনন্দ অর্হৎ হইতে পারেন নাই। আনন্দ সর্বক্ষণই বুদ্ধদেবের ব্যক্তিগত প্রয়োজনের দিকে সদাসতর্ক সানুরাগ দৃষ্টি রাখিতেন বলিয়া অর্হত্ত্ব অর্জনের জন্য চেষ্টা করিতে পারেন নাই। যাহা হউক, আনন্দ নিজেই লজ্জিত হইয়া গভীর ধ্যানে আত্মনিয়োগ করিলেন এবং মহাসঙ্গীতির প্রকৃত অধিবেশন আরম্ভ হইবার অব্যবহিত পূর্বকালেই অর্হত্ত্ব অর্জন করিলেন। সেই প্রথম মহাসঙ্গীতিতে আনন্দ অর্হৎরূপেই অংশগ্রহণ করিয়াছিলেন।

কথোপকথনের ভঙ্গিতে বৌদ্ধমহাসভার আলোচনা-পদ্ধতি পরিচালিত হয়। সঙ্ঘস্থবির মহাকাশ্যপ ভিক্ষুগণকে সম্বোধন করিয়া প্রশ্ন করিয়াছিলেন। বিনয়ধর ভিক্ষুদের মধ্যে শ্রেষ্ঠ স্থবির উপালি এবং বুদ্ধদেবের ধর্মোপদেশের নিয়ত শ্রোতা স্থবির আনন্দ মহাকাশ্যপের প্রশ্নের উত্তর দিয়াছিলেন। উপালিকে জিজ্ঞাসা করা হইয়াছিল যে, কোন একটি বিশেষ বিধান কিরূপ, কি অবস্থায় উহা বিহিত হইয়াছিল, কোন্ ভিক্ষুর কি জাতীয় আচরণের ফলে নিয়মটি প্রবর্তন করিতে হইয়াছিল, ভবিষ্যতে নিয়মটি সংশোধিত হইয়াছিল কি না এবং সংশোধিত হইলে কেন ও কি অবস্থায় সংশোধিত হয়। এই সব প্রশ্নের যে উত্তর উপালি প্রদান করিয়াছিলেন তাহাই মহাসভার সমর্থনে 'বিনয় পিটক' নামে সঙ্কলিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

আনন্দ সেই মহাসঙ্গীতিতে জানাইলেন যে, বুদ্ধদেব তাঁহাকে বলিয়া গিয়াছেন যে, সঙ্ঘ ইচ্ছা করিলে 'বিনয়ের' অপেক্ষাকৃত কম প্রয়োজনীয় বিধিগুলি বর্জন করিতে পারে। কিন্তু কোন্ বিধিগুলি যে কম প্রয়োজনীয় তাহা তিনি বুদ্ধদেবের নিকট জানিয়া রাখেন নাই। অতঃপর সভায় সিদ্ধান্ত হইল যে, উপালি কর্তৃক বর্ণিত বিনয়-বিধির প্রত্যেকটি বিধি 'পিটকের' অন্তর্ভুক্ত করা হইবে।

অনন্তর মহাস্থবির মহাকাশ্যপ আনন্দকে বুদ্ধদেবের ধর্মোপদেশসমূহ আবৃত্তি করিবার নির্দেশ দিলেন। কাহাকে, কি জন্য, কি প্রসঙ্গে উপদেশ প্রদত্ত হইয়াছিল তাহাও যথাযথ বিবৃত করিতে বলিলেন। স্থবির আনন্দ কর্তৃক প্রদত্ত উত্তরগুলি ধর্মসূত্ররূপে গ্রথিত হইল। স্মরণ রাখিতে হইবে যে, এই যুগ ছিল শ্রুতির যুগ। মুখে মুখেই ধর্মনীতিগুলি প্রচারিত হইত এবং শ্রোতারা শুনিয়া মুখস্থ করিয়া রাখিত। এইভাবে মানুষের মুখে মুখেই শাস্ত্র রক্ষিত হইত। ধর্ম ও নীতির গ্রন্থগুলি লিখিতভাবে রক্ষা করা হয় নাই।

প্রথম বৌদ্ধ-মহাসঙ্গীতির মুখ্য উদ্দেশ্য ছিল প্রথমতঃ, বুদ্ধ-বাণীকে বিশুদ্ধ, অপরিবর্তিত ও অবিকৃত অবস্থায় রক্ষা করা এবং দ্বিতীয়তঃ, সঙ্ঘের মধ্যে বিভেদের সম্ভাবনা দূর করিয়া সর্বপ্রযত্নে ঐক্য সংস্থাপন করা।

দ্বিতীয় বৌদ্ধ-মহাসঙ্গীতি

উত্তর ও মধ্য ভারতের রাজগণের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় বৌদ্ধধর্ম পরবর্তী একশত বৎসরে যথেষ্ট প্রসার লাভ করিয়াছিল। প্রথম মহাসঙ্গীতির অধিবেশনের একশত বৎসর পরে দ্বিতীয় অধিবেশনের প্রয়োজন হইল। কারণ সঙ্ঘের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যে কিঞ্চিৎ শিথিলতা আসিয়াছিল। বজ্জি বংশের কয়েকজন ভিক্ষু সঙ্ঘের কয়েকটি নিয়ম কিঞ্চিৎ সংশোধন করিয়া পালন করিতেছিলেন। সংশোধনগুলি নিম্নে নির্দেশিত হইল ঃ—

(১) একটি শৃঙ্গ-পাত্রে এই সকল ভিক্ষু লবণ সঙ্গে রাখিতেন। ইহা—ভিক্ষুরা খাদ্যবস্তু সঞ্চয় করিবেন না—এই নীতির ব্যতিক্রম।

(২) মধ্যাহ্নের পর ভোজন নিষিদ্ধ—এই নীতি লঙ্ঘন করিয়া এই ভিক্ষুরা এমন সময়েও ভোজন করিতেন যখন সূর্যের ছায়া মাধ্যাহ্নিক দ্রাঘিমারেখা দুই আঙ্গুলের বেশি অতিক্রম করিয়া হেলিয়া পড়ে নাই। ইহাও প্রচলিত নিয়মের বিরুদ্ধতা।

(৩) এই ভিক্ষুরা একই প্রাতঃকালে দুই গ্রামে দুই বার প্রাতরাশ গ্রহণ করিতেন। ইহাও অতিভোজন নিষেধের ব্যতিক্রম।

(৪) ইঁহারা ভোজনের শেষে মাখন-তোলা দুধ বা দধি ভক্ষণ করিতেন। ইহাও গুরুভোজন নিষেধ-নীতির বিপরীত।

(৫) ইঁহাদের দ্বারা একই পল্লীর বিভিন্ন স্থানে পাক্ষিক উপোসথ (সম্মেলন) অনুষ্ঠিত হইত। ইহাও নীতিবিরোধী। কারণ নিয়ম ছিল যে, একটি অঞ্চলের সমস্ত ভিক্ষুই পাক্ষিক অধিবেশনে উপস্থিত থাকিবেন।

(৬) কোন কোন ভিক্ষুর অনুপস্থিতিতেই সিদ্ধান্ত গ্রহণ করা হইত এবং সিদ্ধান্তটি কার্যে পরিণত করার পর অনুপস্থিত ভিক্ষুর সমর্থন চাওয়া হইত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭) বিনয়ধর্মের নির্দিষ্ট বিধির বিরোধী হইলেও ধর্মোপদেষ্টা ভিক্ষুপ্রধানদের আচরিত রীতিকেই নজিররূপে গ্রহণ করিয়া তদনুরূপ আচরণ করা হইত।

(৮) অনুত্তেজক তাল-রস এই ভিক্ষুরা পান করিতেন। ইহা দ্বারা মাদকবর্জন-নীতি লঙ্ঘন করা হইত।

(৯) ঝালরহীন আস্তরণ ব্যবহার করা হইত। অথচ সঙ্ঘের নিয়ম ছিল যে, ঝালরহীন আস্তরণ ব্যবহার নিষিদ্ধ।

(১০) এই সকল ভিক্ষু স্বর্ণ ও রৌপ্য দান গ্রহণ করিতেন, অথচ সঙ্ঘের নীতিতে স্পষ্ট নির্দেশ ছিল যে, ঐরূপ দান কদাচ গ্রহণ করা যাইবে না।

যশ নামক একজন প্রবীণ স্থবির সঙ্ঘের এই নিয়মভঙ্গের বিরুদ্ধে সমালোচনা করেন। ইহার জন্য নিয়মাচরণে শিথিল ভিক্ষুগণ তাঁহাকে সঙ্ঘ হইতে বহিষ্কৃত করিয়া দেন। কিন্তু মহাত্মা যশ ইহাতে ভীত হইলেন না। তিনি পরম বিজ্ঞ মহাস্থবির রেবত এবং প্রবীণতম স্থবির সর্বকামীর অভিমত যাচ্ঞা করিলেন। তাঁহারা যশকে সমর্থন করিয়া বলিলেন যে, সঙ্ঘের নিয়ম অনুসারে ঐ দশটি নীতিশৈথিল্য বরদাস্ত করা হইবে না। ভারতের যে সমস্ত অঞ্চলে বৌদ্ধধর্মের ব্যাপক প্রসার ঘটিয়াছিল মহামতি যশ সেই সমস্ত অঞ্চলেই আমন্ত্রণ প্রেরণ করিলেন। অবশেষে মহারাজ কালাশোকের পৃষ্ঠপোষকতায় বৈশালী নগরীতে সাত শত ভিক্ষুর একটি সমাবেশ হইল। এই অধিবেশনে পূর্বাঞ্চলের চারিজন এবং পশ্চিমাঞ্চলের চারিজন—এই আটজন সদস্য লইয়া একটি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যস্থ পরিষদ গঠিত হইল। প্রবীণতম ভিক্ষু মহামান্য সর্বকামী সভাপতি নির্বাচিত হইলেন। দশটি প্রস্তাবিত সংশোধনীর চুলচেরা বিচার হইল এবং সব কয়টিই নীতিবিগর্হিত বলিয়া বর্জন করা হইল। অতঃপর সাত শত বৌদ্ধভিক্ষুর মহাসঙ্গীতির পূর্ণ অধিবেশনে সর্বকামীর সভাপতিত্বে মধ্যস্থ পরিষদের সিদ্ধান্তটি সমর্থিত ও গৃহীত হইল। ইহা ছাড়া ধর্ম ও বিনয়ের গ্রন্থগুলি পুনর্বার বিবেচিত এবং পুনরায় নির্দিষ্টীকৃত হইল।

বজ্জিবংশীয় ভিক্ষুগণ ইহাতে নিরস্ত হইলেন না; তাঁহারা নিজেদের শক্তির উপর নির্ভর করিয়া দ্বিতীয় মহাসঙ্গীতির সিদ্ধান্তকে অগ্রাহ্য করিলেন। ফলে তাঁহারা সঙ্ঘ হইতে বহিষ্কৃত হইলেন। কিন্তু তাঁহারা ভীত হইলেন না। তাঁহারা একটি বৃহত্তর সভা আহ্বান করিলেন। দশ হাজার ভিক্ষু সেই মহাসভায় যোগদান করিয়াছিলেন। মহাসঙ্ঘের ভিক্ষু বলিয়া তাঁহারা নিজেদের 'মহাসাঙ্ঘিক' অভিধায় পরিচায়িত করিয়াছিলেন। বিভেদের যে ভয় করা হইয়াছিল, এইভাবে বৌদ্ধসঙ্ঘে সেই বিভেদই সঙ্ঘটিত হইল।

সঙ্ঘনীতির দশবিধ ব্যতিক্রমের ভিত্তিতেই বৌদ্ধসঙ্ঘে মতবিরোধ ঘটে; অন্যান্য নীতিপালনে ও আদর্শে কোন পার্থক্য ছিল না। তিব্বত ও চীনে প্রাপ্ত উপকরণ অনুসারে দেখা যায় যে, 'অর্হৎ' পরিচয়ের প্রকৃতি সম্বন্ধে মৌলিক নীতিগত পার্থক্য ছিল। কিন্তু ইহাই মনে হয় যে, সেই সুপ্রাচীন কালে, বৌদ্ধধর্মের ইতিহাসের আদিযুগে, নীতিগত কোন মৌলিক বিভেদ স্পষ্ট হইয়া উঠিতে পারে নাই। বিরোধী উভয় পক্ষই মনে করিতেন যে, তাঁহারাই বুদ্ধদেবের ধর্মনীতির নৈষ্ঠিক প্রতিপালক। যদিও আধুনিক পণ্ডিতগণ মনে করেন যে, ভিক্ষুসম্প্রদায়ের এই দুইটি দলের একটি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছিল 'গোঁড়া' এবং অপরটি ছিল 'উদারপন্থী', কিন্তু মহাসাঙ্ঘিকেরা নিজেরা মনে করিতেন যে, তাঁহারাও অপর সম্প্রদায়ের মতই 'গোঁড়া' বৌদ্ধ।

যাহা হউক, পথের এই বিভেদের ফলে কয়েক শতাব্দীর মধ্যেই সম্প্রদায় দুইটির মধ্যে ধর্মনীতি সংক্রান্ত মতবিরোধও স্পষ্ট হইয়া উঠিল। বিশেষতঃ, এই বিরোধের ফলে যে নূতন দল গঠিত হইল তাহাই পরিণামে 'মহাযান' বৌদ্ধধর্মের প্রবর্তন করিয়াছিল। দশ সহস্র ভিক্ষুদের বিরাট দল লইয়া সভার অধিবেশন অনুষ্ঠিত হইলেও নবজাত 'মহাসাঙ্ঘিক' সম্প্রদায় প্রাচীনপন্থী গোঁড়া সম্প্রদায়ের বিরুদ্ধে বেশী মাথা তুলিতে পারিলেন না। কারণ সর্বাপেক্ষা বড় প্রয়োজন যে রাজকায় পৃষ্ঠপোষকতা তাহা লাভ করিয়াছিলেন প্রাচীন-পন্থীদের দল।

তৃতীয় বৌদ্ধ-মহাসঙ্গীতি

বুদ্ধদেবের জীবৎকালে বৌদ্ধধর্মের প্রসার সম্ভবতঃ গাঙ্গেয় উপত্যকা অঞ্চলেই সীমাবদ্ধ ছিল। কিন্তু প্রথম ও দ্বিতীয় মহাসঙ্গীতির মধ্যে যে একশত বৎসর অতিক্রান্ত হইল সেই সময়ে বৌদ্ধধর্ম গাঙ্গেয় অঞ্চল ছাড়াইয়া বহু দূরে ছড়াইয়া পড়ে। দ্বিতীয় মহাসঙ্গীতির অধিবেশনে উপস্থিত হইবার আহ্বান দূর দূরান্তরে প্রেরিত হইয়াছিল বলিয়াই এইপ্রকার অনুমান অসঙ্গত নয়। সম্রাট অশোকের অভ্যুদয়ের পর অবশ্য বৌদ্ধধর্ম সমগ্র ভারতময় এবং ভারতের বাহিরেও বহু দেশে বিস্তার লাভ করিয়াছিল। সম্রাট অশোকের সময়ে বৌদ্ধধর্মের প্রসারের প্রধান কারণ এই যে, এই সময়ে ভারতের ইতিহাসে সর্বপ্রথম বিশাল ভারত একটি মাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শাসনকর্তৃত্বের অধীনে ঐক্যবদ্ধ হইয়াছিল এবং সম্রাটের সুযোগ্য শাসনব্যবস্থায় এই বিশাল মহাদেশে সহজ যোগাযোগ ব্যবস্থা প্রবর্তিত হইয়াছিল। বুদ্ধদেব আনন্দের ব্যাকুল প্রশ্নের উত্তরে যে চারিটি তীর্থস্থানের কথা মৃত্যুকালে উল্লেখ করিয়াছিলেন, সম্রাট অশোক সেই সমস্ত তীর্থই দর্শন করেন এবং সেখানে বহু স্তূপ ও স্তম্ভ নির্মাণ করেন। বুদ্ধদেবের নির্বাণের পর তাঁহার দেহভস্ম বণ্টন করা হয়। সম্রাট অশোক উহা তুলিয়া আনিয়া পুনর্বণ্টন করেন যাহাতে সমগ্র ভারতময় শরীরস্তূপ নির্মিত হইতে পারে। দ্বিতীয় মহাসঙ্গীতির পূর্বে যে একশত বৎসর অতিক্রান্ত হইয়াছিল উহার মধ্যে বৌদ্ধধর্মের যথেষ্ট ক্রমবিস্তার ঘটে। কিন্তু যে বিভেদটি সৃষ্টি হইয়াছিল তাহা আরও বিভেদের সৃষ্টি করিয়া দুইটি মূল শাখাকে আরও প্রশাখায় বিভক্ত করিয়া ফেলিল। সম্রাট অশোক মূলধর্মে বিশ্বাসী গোঁড়া দলেরই সমর্থন ও পৃষ্ঠপোষণ করিয়া বিরুদ্ধবাদীদের দমন করিয়াছিলেন। কিন্তু তিনি মহাসাঙ্ঘিক ভিক্ষুদের সমস্ত দলকেই যে বিরুদ্ধবাদী মনে করিতেন এবং দমনযোগ্য বিবেচনা করিতেন তাহার কোন প্রমাণ নাই। সম্রাট অশোকের পৃষ্ঠপোষকতায় ও উৎসাহে মহাস্থবির মোগ্‌গলিপুত্ত তিস্‌স (মৌদ্‌গলিপুত্র তিষ্য) কর্তৃক তৃতীয় বৌদ্ধ-মহাসঙ্গীতি আহূত হয়। এক হাজার ভিক্ষু এই অধিবেশনে যোগদান করেন এবং মাননীয় ভিক্ষু মৌদ্‌গলিপুত্র তিষ্য সভাপতিরূপে বিরুদ্ধবাদীদের নীতির বিচার ও খণ্ডন করেন। এই ধর্মমহাসভাটি অবশ্য থেরবাদী সম্প্রদায়ের মধ্যেই সীমাবদ্ধ ছিল। তাই ইহা মোটেই বিস্ময়কর নয় যে, পরবর্তী মহাযানী সাহিত্যে এই তৃতীয় মহাসঙ্গীতির উল্লেখমাত্রও নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম-প্রচারক প্রেরণ

তৃতীয় বৌদ্ধ-মহাসঙ্গীতির উল্লেখযোগ্য ফল হইল যে, ইহার পর পৃথিবীর বিভিন্ন দেশে ধর্মপ্রচারক প্রেরণ করা হইল। সিংহল, ব্রহ্মদেশ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন অঞ্চলে তৃতীয় মহাসভার মহনীয় ফল ফলিয়াছিল। দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির সহিত বাণিজ্যসম্পর্ক বুদ্ধদেবের জীবিত-কালেও ছিল। কারণ জাতক গল্পগুলিতে দেখা যায় যে, ভারতীয় বণিকেরা সমুদ্রপথে বঙ্গোপসাগর অতিক্রম করিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে পণ্যসম্ভার লইয়া যাইত। সুতরাং বুদ্ধের জীবদ্দশায়ই হয়ত ঐ সমস্ত অঞ্চলে বৌদ্ধধর্মের কিঞ্চিৎ প্রভাব পড়িয়াছিল। সিংহল সম্বন্ধেও সম্ভবতঃ এই কথা সত্য। তৃতীয় বৌদ্ধমহাসভার অধিবেশনের পর অশোকের পুত্র মহিন্দ (মহেন্দ্র) ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করিয়া অর্হত্ব অর্জন করিয়া চারিজন ভিক্ষুর সহিত সিংহলে গমন করেন। ইনি সিংহলরাজ দেবানম্ পিয় তিস্সের (দেবতাদের প্রিয় তিষ্য) সহিত বিখ্যাত মহিন্তল পর্বতে সাক্ষাৎ করেন এবং তাঁহাকে বৌদ্ধধর্মে দীক্ষা দান করেন। মহেন্দ্রের ধর্মপ্রচারের বিবরণ অন্যত্র বর্ণিত। এখানে শুধু দৃষ্টি আকর্ষণ করা হইতেছে যে, ঘটনাটি বৌদ্ধধর্মের ইতিহাসে বিশেষ গুরুত্বপূর্ণ। কারণ বৌদ্ধ থেরবাদ যে ক্রমশঃ সিংহল এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রতিষ্ঠিত হইয়াছিল মহেন্দ্রের ধর্মপ্রচার তাহারই সূচনা করে।

তৃতীয় মহাসঙ্গীতির পর ব্রহ্মদেশে যে প্রচারক প্রেরিত হইয়াছিল তাহার সাফল্য অবশ্য সিংহলের অনুরূপ নহে। তবে তখন হইতেই বৌদ্ধধর্মের যে বীজ সেখানে উপ্ত হইয়াছিল কালক্রমে তাহা হইতেও মহামূল্য ফসল উৎপাদিত হওয়ার সম্ভাবনা ঘটিয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ বৌদ্ধ-মহাসঙ্গীতি (সিংহল)

ভারতবর্ষে বৌদ্ধধর্ম নানা প্রকার অসুবিধার সম্মুখীন হইল। ধর্মবিশ্বাসে গোঁড়া থেরবাদীদের মধ্যেও বিভেদের বীজ অঙ্কুরিত হইয়া উঠিল। তৃতীয় মহাসঙ্গীতির যিনি সভাপতি ছিলেন তাঁহার আলোচ্য বিষয়ই ছিল বিভেদ সম্বন্ধে। সেই সভায় নীতিগত বিভেদের যে তালিকা রচিত হইয়াছিল তাহাতেই বুঝা যায় যে, থেরবাদী ও মহাসাঙ্ঘিকদের মধ্যে আদর্শগত ব্যবধান ক্রমশঃ বাড়িয়া চলিয়াছিল। ততুপরি সম্রাট অশোকের পর তাঁহার উত্তরাধিকারীরা সিংহাসনে বসিয়া বৌদ্ধধর্মের প্রতি সশ্রদ্ধ দৃষ্টি না দিয়া ভ্রূকুটি-কুটিল দৃষ্টিই নিক্ষেপ করিয়াছিলেন। কোন কোন ঐতিহাসিক বলিয়াছেন যে, অশোকের উত্তরাধিকারীরা বৌদ্ধধর্মের বিরুদ্ধাচরণ করেন নাই, তাঁহাদের অভিযোগ ছিল কোন কোন বৌদ্ধভিক্ষুর বিরুদ্ধে। বৌদ্ধধর্ম অথবা বৌদ্ধভিক্ষু নির্যাতিত হইয়াছিল কি না এ কথা পণ্ডিতি বিতর্ক ; আসল কথা, ফল একই। কারণ দেখা গেল যে, অকস্মাৎ বৌদ্ধধর্ম যে শুধু রাজকীয় ধর্মের মর্যাদা হইতে বিচ্যুত হইল তাহাই নয়, বরং ইহা বে-আইনা ধর্ম বলিয়া গণ্য হইল। সর্বাপেক্ষা বেশী ক্ষতিগ্রস্ত হইল থেরবাদী সম্প্রদায়। তাঁহাদের সাহিত্য ও ঐতিহ্য ভারতে বিলুপ্ত হইল এবং উহা সিংহলে, ব্রহ্মদেশে এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার কোন কোন অঞ্চলে সংরক্ষিত হইয়াছিল। খৃষ্টপূর্ব ১৭৭-১০৫ বৎসরের মধ্যে সিংহলে একটি ধর্মমহাসভার আয়োজন হয় এবং পালি ধর্মসাহিত্য এবং 'অর্থকথা'গুলি তালপত্রে লিখিত হইয়া সঙ্কলিত হয়। ইহাই থেরবাদীদের চতুর্থ মহাসঙ্গীতি। যদিও ভারতবর্ষে ইহা স্বীকৃত হয় নাই, তবুও এই অধিবেশনটি বৌদ্ধধর্মের ইতিহাসে বিশেষ তাৎপর্যপূর্ণ। কারণ বৌদ্ধ ধর্মশাস্ত্রগুলি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই অধিবেশনের ফলেই পালিভাষায় লিখিত হইয়া সংরক্ষিত হয়।

ইহার পর হইতেই থেরবাদীদের প্রধান শাখা ভারতবর্ষে বিলুপ্ত হইয়া যায় এবং নূতন করিয়া স্থায়িভাবে সিংহলে প্রতিষ্ঠা লাভ করে। থেরবাদী সম্প্রদায়ই পরিণামে দক্ষিণী দল বা হীনযানী সম্প্রদায় রূপে বর্ণিত হইয়াছে। অবশ্য এইরূপ নামকরণের কোন তাৎপর্য নাই।

আদি এবং গোঁড়া বৌদ্ধদের ধর্মবিশ্বাস সিংহলে আশ্রয় পাইল কেন তাহা ধীরভাবে ভাবিয়া দেখা যাইতে পারে। ইহার প্রধান কারণ এই যে, ভিক্ষু মহেন্দ্র এই ধর্মকে সিংহল দেশে দৃঢ়মূল করিয়াই প্রতিষ্ঠিত করেন। তৃতীয় মহাসঙ্গীতির পর মহামতি অশোক যে প্রচারকবর্গ চতুর্দিকে প্রেরণ করিয়াছিলেন ভিক্ষু মহেন্দ্র তাঁহাদের মধ্যে নিঃসংশয়ে সর্বশ্রেষ্ঠ। ঐ সময়ে লঙ্কার অধীশ্বর মহামতি তিষ্য সম্রাট অশোকের বড় অনুরাগী ছিলেন। সম্ভবতঃ ইহার জন্যই সঙ্ঘস্থবির মৌদ্গলিপুত্র তিষ্য সম্রাটপুত্র মহেন্দ্রকে সিংহলে প্রেরণের সিদ্ধান্ত করেন। অশোক যখন সিংহাসনে আরোহণ করেন তখন মহেন্দ্র চতুর্দশবর্ষ বয়স্ক বালক। তিনি সিংহাসনের উত্তরাধিকারী। কিন্তু প্রব্রজ্যাগ্রহণের সঙ্কল্প করিয়া তিনি ছয় বৎসর পর অর্থাৎ বিংশতি বৎসর বয়স্ক হইয়া ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করেন। তৃতীয় মহাসঙ্গীতির সভাপতি প্রবীণতম ভিক্ষু তিষ্য ছিলেন তাঁহার দীক্ষাগুরু। মহেন্দ্র ভিক্ষুসঙ্ঘে প্রবেশ করিয়াই 'অর্হৎ' হইয়াছিলেন, কিন্তু পুরা তিন বৎসর গুরু মৌদ্গলিপুত্র তিষ্যের নিকট ধর্মশাস্ত্র অধ্যয়ন করেন। সঙ্ঘের মধ্যে বিরুদ্ধবাদীর অণুপ্রবেশে বিরক্ত হইয়া সঙ্ঘস্থবির তিষ্য যখন দূরবর্তী স্থানে চলিয়া যান তখন সহস্র ভিক্ষুসমন্বিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরাট সঙ্ঘের পরিচালনাভার মহেন্দ্রই গ্রহণ করিয়াছিলেন। মহেন্দ্র অর্হত্ব অর্জন করিবার পর দ্বাদশ বর্ষ অতিক্রান্ত হইলে তৃতীয় ধর্মসভার অধিবেশন হয়। তিনি তখন প্রগাঢ় জ্ঞানী বলিয়া সুপ্রসিদ্ধ হইয়াছেন।

সিংহলরাজ তিষ্যের সহিত মহেন্দ্রের নাটকীয় সাক্ষাৎকারের ফলে তিষ্য বৌদ্ধধর্মে দীক্ষাগ্রহণ করেন। সাক্ষাৎকার প্রসঙ্গটি বর্ণনীয়। একদা মহারাজ তিষ্য সৈন্যসামন্ত সমভিব্যাহারে মৃগয়াযাত্রা করিয়াছিলেন। যখন তিনি শ্রান্ত হইয়া মহিন্তল নামক স্থানে বিশ্রাম করিতেছিলেন তখন মনে হইল যে, কে যেন তাঁহার নাম ধরিয়া ডাকিতেছে। তিনি বিস্মিত হইয়া চতুর্দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন এবং গৈরিকবাস পরিহিত মহেন্দ্রকে দেখিতে পাইলেন। সন্ন্যাস-ধর্মাবলম্বী রাজকুমারকে দেখামাত্রই রাজা তিষ্য এবং তাঁহার অনুচরবর্গের মনে যুগপৎ ভয় এবং হর্ষের উদ্রেক হইল। ভিক্ষু মহেন্দ্র রাজার বুদ্ধিমত্তা পরীক্ষার জন্য কয়েকটি ধাঁধাঁ জিজ্ঞাসা করিলেন এবং সন্তোষজনক উত্তর পাইয়া ধর্ম সম্বন্ধে উপদেশ প্রদান করিলেন। তাঁহার ধর্মদেশনা শ্রবণান্তর সানুচর রাজা তিষ্য বৌদ্ধধর্ম গ্রহণ করিলেন। রাজা যখন জানিতে পারিলেন যে, মহামান্য ভিক্ষু আর কেহ নহেন, সম্রাট অশোকেরই আত্মজ, তখন তাঁহার আনন্দের আর সীমা রহিল না। এই সময় রাজা তিষ্যের ভগিনী রাজকুমারী অনুলা তাঁহার পঞ্চশত সহচরীসহ অকস্মাৎ সেখানে উপস্থিত হইলেন এবং তাঁহারা সকলেই বৌদ্ধধর্মে দীক্ষাগ্রহণ করিলেন।

বৌদ্ধধর্মের প্রতি শ্রদ্ধাশীল বিশপ কোপ্‌লস্টোন নামক একজন খৃষ্টান সিংহলে বৌদ্ধধর্মের প্রতিষ্ঠাতা ভিক্ষু মহেন্দ্রের ব্যক্তিত্ব সংক্ষেপে নির্দেশ করিয়া নিম্নোক্ত কথাগুলি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়াছিলেন: "সম্রাটের আত্মজ সন্তান রাজকীয় গর্ব পরিহার করিয়াছিলেন, সাম্রাজ্য-রথের পরিচালনার লোভ ত্যাগ করিয়া পবিত্রতা ও প্রেমের পথের যাত্রীদের সাথে সন্ন্যাসীর পীতবস্ত্র পরিধান করিয়াছিলেন। মহেন্দ্র নিশ্চয়ই অসাধারণ শক্তি-সম্পন্ন পুরুষ ছিলেন। একদিকে যেমন ছিল ঋষিসুলভ শান্ত মহিমার দ্যুতি, সুশিক্ষিত বিদ্যার্থীর মত বিস্ময়কর স্মৃতি-শক্তি, অপর দিকে সেইরূপই ছিল রাজনীতিজ্ঞের সক্রিয় কুশলতা।" তাঁহার অসাধারণ ব্যক্তিত্ব শুধু রাজা, রাজকুমার, রাজকুমারী, সভাসদ ও রাজান্তঃপুরিকাদেরই ধর্মদীক্ষার সহায়ক হয় নাই, সাধারণ মানুষও তাঁহার ব্যক্তিত্বের প্রভাবে বৌদ্ধধর্ম বরণ করিয়াছিল। তিনি বহু সিংহলীকে ভিক্ষুসঙ্ঘে গ্রহণ করিয়া সিংহলে বৌদ্ধসঙ্ঘ সুপ্রতিষ্ঠিত করিয়াছিলেন। তিনি তাঁহার ভগ্নী সঙ্ঘমিত্রাকেও সিংহলে আনিয়াছিলেন ইনিও ভিক্ষুণী হইয়াছিলেন। ইনিই রাজকুমারী অনুলা এবং তাঁহার সখীবৃন্দকে বৌদ্ধধর্মে দীক্ষা প্রদান করেন। এইভাবে ভারতের বাহিরে একমাত্র সিংহল দেশেই ভিক্ষুণীসঙ্ঘ স্থাপিত হয়। মগধরাজ বিম্বিসার যেমন বুদ্ধদেবকে বেণুবন উদ্যান দান করেন, রাজা তিষ্যও তদনুকরণে ভিক্ষু মহেন্দ্রকে ও সঙ্ঘকে মহামেঘ নামক উদ্যান প্রদান করেন। অতঃপর তিনি সম্রাট অশোকের অনুকরণে বহু স্তূপ নির্মাণ করেন এবং বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষণ ও সংরক্ষণ করিয়া সিংহলে উহার প্রসার করেন। প্রাক্তন রাজকুমারী ভিক্ষুণী সঙ্ঘমিত্রা সিংহলে আসিবার সময় বুদ্ধগয়া হইতে পবিত্র বোধিদ্রুমের একটি চারা আনিয়াছিলেন। রাজধানীতে ইহা রোপিত হইলে কালক্রমে বিরাট বোধি বৃক্ষ হইয়া উঠিল। সেই বৃক্ষটি আজিও বিদ্যমান, কিন্তু রাজার রাজধানী এখন ধ্বংসস্তূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিণত। বোধিদ্রুমটি রোপিত হইবার পর গত দুই হাজার দুই শত বৎসর ধরিয়া ইহা দ্বিতীয় বুদ্ধগয়া হইয়া লক্ষ লক্ষ বৌদ্ধের তীর্থস্থানরূপে গণ্য হইতেছে। ভিক্ষু মহেন্দ্র বুদ্ধের বাণী ও ধর্মব্যাখ্যা মুখস্থ করিয়া সিংহলে আনিয়াছিলেন। তিনি সিংহলী ভাষায় তাহার অনুবাদও করিয়াছিলেন। তিনি জীবনের অবশিষ্টাংশ সিংহলেই অতিবাহিত করেন এবং সেইখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সমগ্র সিংহল দ্বীপে তিনি সকলের প্রিয়, সম্মানিত এবং উচ্চ প্রশংসিত ছিলেন।

মিলিন্দ ও নাগসেন

বৌদ্ধধর্ম ভারতবর্ষের উত্তর-পূর্ব অঞ্চলে নির্যাতিত হইলেও উত্তর-পশ্চিম অঞ্চলে ইহার প্রসার ঘটে। সম্রাট অশোকের রাজত্বকালে বৌদ্ধধর্ম ভারতের সর্বত্রই প্রসার লাভ করে। কিন্তু তাঁহার মৃত্যুর পর তিনি যে আলোকশিখা প্রজ্বলিত করিয়াছিলেন তাহা একে একে নির্বাপিত হইয়া আসিল। সম্রাট অশোকের মৃত্যুর পর দুই শতাব্দী কালের মধ্যে উত্তর-পশ্চিম ভারত গ্রীক আক্রমণকারীদের করতলগত হয়। এই সময়েও বৌদ্ধধর্মের প্রসার ঘটে। নূতন শাসকেরা সহনশীল ছিলেন এবং কখন কখন প্রত্যক্ষভাবে বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতাও করিয়াছেন। ভারতের গ্রীক রাজগণের মধ্যে রাজা মিনান্দার ভদন্ত নাগসেনের সহিত সুবিখ্যাত বিতর্কের পর বৌদ্ধধর্মের একজন প্রধান পৃষ্ঠপোষক হইয়াছিলেন। পালিভাষায় মিনান্দারকে বলা হইত মিলিন্দ। ইনি খৃষ্টপূর্ব প্রথম শতাব্দীতে জীবিত ছিলেন। তিনি জাতিতে গ্রীক, গ্রীক দর্শনের এক বিরাট ঐতিহ্য তাঁহার সংস্কারে। তাই তিনি প্রথম হইতেই বৌদ্ধদর্শন সম্বন্ধে কৌতূহলী হইয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি নিজে পণ্ডিত ছিলেন, প্রচুর অধ্যয়ন এবং গভীর বিচার-শক্তি তাঁহার ছিল। তাই বৌদ্ধধর্ম সংক্রান্ত অনেক সংশয় ও সন্দেহ নিরসনের জন্য তাঁহার চিত্ত ব্যাকুল হইত। তিনি বহু শিক্ষকের দ্বারস্থ হইয়াছিলেন; কিন্তু কেহই বিতর্কে তাঁহার সম্মুখে দাঁড়াইতে পারেন নাই বা তাঁহার প্রশ্নের সদুত্তর দিতে পারেন নাই। তাঁহার একটি বিখ্যাত উক্তিতে তাঁহার মনের হতাশা প্রকাশ পাইয়াছিল। তিনি বলিয়াছিলেন, "শূন্য, হায়, জম্বুদ্বীপ শূন্য! জম্বুদ্বীপ শুধু বৃথা গল্প, ব্যর্থ প্রলাপ মাত্র। এখানে একজন ভিক্ষু নাই, একজন বিজ্ঞ ব্যক্তি নাই যিনি আমার সহিত বিতর্ক করিবার যোগ্য এবং আমার সন্দেহ-সংশয় নিরসন করিতে পারেন।" এই বিলাপ করিলেও একদিন রাজা মিলিন্দ শ্রদ্ধেয় নাগসেনকে দেখিলেন। ইনি ভিক্ষান্ন সংগ্রহের জন্য প্রাত্যহিক ভ্রমণে বাহির হইয়াছেন। তাঁহার সৌম্য ও সম্ভ্রান্ত মূর্তি দেখিয়া রাজা বিশেষভাবে অভিভূত ও আকৃষ্ট হইলেন। তিনি ভিক্ষুর অনুসরণ করিয়া তাঁহার সঙ্ঘে গেলেন এবং ভিক্ষুকে প্রশ্ন জিজ্ঞাসা করিলেন, ভিক্ষুও যথাযোগ্য উত্তর দিলেন। এই প্রশ্নোত্তরগুলি 'মিলিন্দ পঞ্‌হ' (মিলিন্দ প্রশ্ন) নামে সাহিত্যে চিরন্তন হইয়া আছে। বুদ্ধদেবের পর লিখিত বৌদ্ধশাস্ত্রের মধ্যে 'মিলিন্দ পঞ্‌হ' সর্বশ্রেষ্ঠ।

রাজা মিলিন্দের সর্বাপেক্ষা বড় সমস্যা ছিল অনাত্মবাদের সহিত পুনর্জন্মবাদের সমন্বয়-সাধন। তিনি মনে করিতেন যে, এই দুইটি মতবাদ একেবারেই পরস্পরবিরোধী। তিনি ভাবিয়া স্থির করিতে পারিতেন না যে, একজন বৌদ্ধ একই সময়ে কি করিয়া পুনর্জন্মে বিশ্বাস করে এবং অসংশয়িতভাবে বলে যে, আত্মা নাই, ব্যক্তি নাই, অহং নাই। নাগসেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিজে পরম পণ্ডিত ছিলেন। হিমালয় অঞ্চলের কোন গ্রামে পণ্ডিত ব্রাহ্মণবংশে তাঁহার জন্ম। তিনি বেদশাস্ত্রে পারঙ্গম হইয়াছিলেন। তিনি বৌদ্ধদর্শন সম্বন্ধে জ্ঞান অর্জন করিবার উদ্দেশ্যেই সঙ্ঘে প্রবেশ করিয়াছিলেন। কিন্তু অনতিবিলম্বে তিনি স্রোতাপন্ন হইলেন। অতঃপর তিনি আরও জ্ঞানার্জনের জন্য উত্তর-পূর্ব ভারতে গিয়া অর্হত্ত্ব অর্জন করেন। ইহার পর তিনি উত্তর-পশ্চিম ভারতে প্রত্যাবর্তন করেন।

ভদন্ত নাগসেন মিলিন্দের প্রশ্নের এমন চূড়ান্ত উত্তর দিয়াছিলেন যে, রাজা মিলিন্দ একজন নৈষ্ঠিক বৌদ্ধে পরিণত হইয়াছিলেন। থেরবাদী বৌদ্ধদের মধ্যে প্রবাদ এই যে, রাজা মিলিন্দ তাঁহার পুত্রের অনুকূলে সিংহাসন ত্যাগ করিয়া সংসার ত্যাগ করেন এবং অর্হত্ত্ব অর্জন করেন। গ্রাক ঐতিহাসিক প্লুটার্কের বিবরণীও প্রবাদটিকে সমর্থন করে। প্লুটার্ক লিখিয়াছেন যে, রাজা মিলিন্দের মৃত্যুর পর তাঁহার দেহভস্মের বণ্টন লইয়া ভারতের বিভিন্ন নগরীর মধ্যে বিরোধ হয় এবং শেষ পর্যন্ত দেহাবশেষ সকলকে ভাগ করিয়া দেওয়া হয়। সেই চিতাভস্মের উপর বহু স্তূপ নির্মিত হইয়াছিল। বৌদ্ধধর্মের ইতিহাস লেখকগণের মধ্যে অনেকেই মনে করেন যে, 'মিলিন্দ পঞ্‌হ' গ্রন্থে যে প্রশ্নোত্তরগুলি সঙ্কলিত হইয়াছে তাহার প্রভাবে বহু বিদ্রোহী বৌদ্ধ ক্রমে ক্রমে থেরবাদী সম্প্রদায়ের মধ্যে প্রত্যাবৃত্ত হইয়াছিলেন।

কণিষ্কের বৌদ্ধ-মহাসঙ্গীতি

রাজা মিলিন্দের রাজ্য ২৫ খৃষ্টাব্দে কুষাণগণ কর্তৃক আক্রান্ত ও বিজিত হয়। আক্রমণ পরিচালনা করেন কুষাণ নরপতি প্রথম কদ্‌ফিসেস্। তাঁহার পুত্র দ্বিতীয় কদ্‌ফিসেস্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উত্তর-পশ্চিম ভারতের আরও বহু অঞ্চল অধিকার করেন। কুষাণগণ বহিরাগত আক্রমণকারী হইলেও ভারত-প্রবেশের পূর্বেই বৌদ্ধধর্ম সম্বন্ধে অবগত ছিলেন। এই দুইজন কুষাণ নরপতির রাজত্বে বৌদ্ধধর্ম সহ্য ত করা হইতই, সমর্থনও করা হইত। তারপর ৭৮ খৃষ্টাব্দে কুষাণবংশের সর্বশ্রেষ্ঠ রাজা কণিষ্ক সিংহাসনারোহণ করেন। মনে হয় কণিষ্ক বোধ হয় কদ্‌ফিস্‌ বংশের অন্তর্ভুক্ত নহেন। তিনি প্রথমাবস্থায় বৌদ্ধ-ধর্মের প্রতি সহানুভূতিশীল ছিলেন না। রাজা হইয়াই তিনি গাঙ্গেয় উপত্যকা-অঞ্চল আক্রমণ করিয়াছিলেন। কথিত হয় যে, তাঁহার সৈন্যদল বৌদ্ধধর্মের আদিনিবাস মগধ পর্যন্ত অগ্রসর হইয়াছিল। তিনি প্রথমতঃ বৌদ্ধ কর্মবাদ সম্বন্ধে দারুণ অবিশ্বাসী ছিলেন। কিন্তু তাঁহার পূর্ববর্তী সম্রাট অশোকের মত দেশজয় করিয়া রক্তস্রোতে দেশ ভাসাইয়া তিনি বিষাদ ও আত্মগ্লানিতে অভিভূত হইয়া বৌদ্ধধর্মের শরণ লইয়াছিলেন। অশোকের মতই তিনি নব ভারত সাম্রাজ্যকে বৌদ্ধসাম্রাজ্যে পরিণত করেন। অশোকের মতই তিনি বুদ্ধদেবের দেহাস্থি সন্ধান করিয়া সমগ্র সাম্রাজ্যময় বৌদ্ধস্তূপ নির্মাণ করেন। সর্বশেষে সম্রাট অশোকের অনুকরণেই তিনি বৌদ্ধভিক্ষুদের একটি মহাসঙ্গীতি আহ্বান করেন।

এই মহাসঙ্গীতিটি ভারতবর্ষে চতুর্থ মহাসঙ্গীতি নামেই পরিচিত। থেরবাদী বৌদ্ধগণ এই অনুষ্ঠানকে বরাবর অস্বীকার করিয়াছেন। মহাযানীরা অবশ্য ইহাকেই চতুর্থ মহাসঙ্গীতি বলিয়া গ্রহণ করেন। তবে এই ধর্মমহাসভা মহাসাঙ্ঘিকগণের প্রযোজনায় আয়োজিত হয় নাই; বরং থেরবাদী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত কম গোঁড়া 'সর্বাস্তিবাদী' দল অন্যান্য সম্প্রদায়ের সহিত সহযোগিতায় অনুষ্ঠানটির আয়োজন করেন। সম্রাট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং বৌদ্ধভিক্ষুগণের মূল অভিপ্রায় ছিল যে, বিভিন্ন মতবাদের মধ্যে বিরোধসমূহের মীমাংসা করিয়া সামঞ্জস্য স্থাপন করিতে হইবে। পূর্ববর্তী তিনটি মহাসঙ্গীতিরও অনুরূপ স্বপ্ন ও আদর্শ ছিল। কিন্তু ৭৮ খৃষ্টাব্দেই থেরবাদীদের সঙ্গে অন্যান্য সম্প্রদায়ের বিরোধ দুরতিক্রম্য হইয়া উঠিল। এখানে ওখানে দুই চারিটি থেরবাদী সঙ্ঘ ছিল না তাহা নহে। তবে থেরবাদ সিংহলে স্থানান্তরিত হওয়ায় ভারতবর্ষে অতি দ্রুত বিলীয়মান হইতেছিল। এদিকে যে-হিন্দুধর্মে আমূল আলোড়ন আসিয়াছিল বৌদ্ধধর্মের অভ্যুদয়ে, সেই হিন্দুধর্ম আবার মাথাচাড়া দিয়া উঠিল। বুদ্ধের নীতি হিন্দুধর্মকে বিশেষভাবে প্রভাবিত করিয়াছিল। বৌদ্ধধর্মের প্রভাবে হিন্দুধর্মের মধ্যেও একটা সংস্কার ঘটে। এখন বৌদ্ধধর্মের ক্ষীয়মাণতার সুযোগে হিন্দু-ধর্মের পুনর্জাগরণ আরম্ভ হইল। তদুপরি, হিন্দুরাজগণ বৌদ্ধধর্মকে যেভাবে নির্যাতন করিয়াছেন বৌদ্ধরাজগণ হিন্দু-ধর্মের প্রতি তেমন নির্যাতন কখনই করেন নাই, বরং সহানুভূতি ও সহনশীলতার পরিচয় দিয়াছেন। সম্রাট কণিষ্কই ইহার উজ্জ্বল দৃষ্টান্ত। ইহার ফলে উত্তর ভারতে বহু হিন্দু আদর্শ ও মতবাদ বৌদ্ধধর্মে স্বচ্ছন্দে প্রবেশ করিয়াছিল।

সম্রাট কণিষ্ক বৌদ্ধশাস্ত্রের ব্যাখ্যারচনার উদ্দেশ্যেই সঙ্ঘের অধিবেশন করাইয়াছিলেন। কিন্তু কোন্ দিকে হাওয়া বহিতেছিল তাহা সহজেই বুঝা যাইবে এই ঘটনায় যে, ব্যাখ্যাগুলি রচিত হইল সংস্কৃত ভাষায়, থেরবাদ-সমর্থিত প্রচলিত পালিভাষায় নয়। এই মহাসঙ্গীতিতে একমাত্র অনমনীয় ও অনুপস্থিত থেরবাদী সম্প্রদায় ছাড়া অন্যান্য পরস্পরবিরোধী মতবাদগুলি ঐক্য স্থাপন করিয়া মহাযান বৌদ্ধমতবাদ গড়িয়া লিয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই সঙ্গীতির পর কণিষ্কের রাজ্য গান্ধার বৌদ্ধধর্মের একটি প্রগতিশীল কেন্দ্র হইয়া উঠিল। তক্ষশীলার মত বিশাল বিশ্ববিদ্যালয়ে হাজার হাজার জ্ঞানার্থী ভিক্ষু অধ্যয়ন করিতেন। যদিও তক্ষশীলা বৌদ্ধভিক্ষুদেরই সঙ্ঘারাম তথাপি এখানে বহু অবৌদ্ধ ও সাধারণ গৃহস্থ, এমন কি, তিব্বত ও চীন দেশের শ্রমণ ও বিদ্যার্থীরা জ্ঞানার্জন করিতে আসিতেন। মহাযানী মতবাদের নূতন দর্শন সম্বন্ধে জ্ঞানলাভ করিবার জন্য থেরবাদীরাও এখানে আসিয়া যোগদান করিতেন।

খৃষ্টজন্মের পর তৃতীয় শতাব্দীতে কুষাণ বংশের পতনের সঙ্গে সঙ্গেই বৌদ্ধধর্ম একটা বড় পৃষ্ঠপোষকতা হইতে বঞ্চিত হয়। যদিও খৃষ্টীয় ৪র্থ শতাব্দীতে মগধের গুপ্ত সম্রাটগণ সমগ্র উত্তর ভারতে অধিকার বিস্তার করিয়া বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন তথাপি নির্বাণোন্মুখ প্রদীপের ন্যায় শেষবার জ্বলিয়া বৌদ্ধধর্ম ভারতবর্ষে বিলীন হইয়া গেল। গান্ধার এবং মগধে যে বিরাট সঙ্ঘারাম ও বিশ্ববিদ্যালয় গঠিত হইয়াছিল তাহা দেদীপ্যমান ছিল সন্দেহ নাই, কিন্তু গুপ্ত সম্রাটগণ প্রধানতঃ হিন্দু সংস্কৃতি ও হিন্দুভাবই জয়যুক্ত করিয়া তুলিয়াছিলেন। চতুর্থ শতাব্দীর শেষ ও পঞ্চম শতাব্দীর প্রথম ভাগে চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন এ দেশে আসিয়া বৌদ্ধসঙ্ঘ ও প্রতিষ্ঠানগুলি দর্শন করিয়াছিলেন। তিনি গুপ্ত সম্রাটদের প্রশংসায় পঞ্চমুখ হইয়া তাঁহাদের ধর্মীয় সহনশীলতা, বিদ্যাবত্তা ও শাসনদক্ষতার বর্ণনা করিয়াছেন। তাঁহার ধারণা হইয়াছিল যে, গুপ্তযুগে বৌদ্ধধর্ম হিন্দুধর্মের মতই সুপ্রতিষ্ঠিত। কিন্তু বাহিরের রূপ ভিতরের অবস্থার সম্পূর্ণ বিপরীত ছিল। কেননা গুপ্ত সম্রাটদের আমলে মহাযান বৌদ্ধধর্মেরও পতন হইয়াছিল। পঞ্চম শতাব্দীর শেষে এবং ষষ্ঠ শতাব্দীর সূচনায় উত্তরাঞ্চল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে হূণেরা আসিয়া গান্ধারে প্রবেশ করে। উত্তর-পশ্চিম ভারতের বৌদ্ধবিহার ও পবিত্র মন্দিরগুলিই তাহাদের নিষ্ঠুর আক্রমণের কেন্দ্র হয়। শ্রমণ, ভিক্ষু, জ্ঞানী, শাস্ত্রগ্রন্থ, মঠ সমস্তই অগ্ন্যুৎসবে ও রক্তস্রোতে নিশ্চিহ্ন হইয়া যায়। বিশাল বিশ্ববিদ্যালয় তক্ষশীলা ধ্বংসতাণ্ডবে এমন নীরব হইয়া যায় যে, আর পুনরভ্যুত্থান ও পুনর্গঠনের কোন আশাই অবশিষ্ট থাকে না।

রাজা হর্ষ

ভারতবর্ষে হূণ আক্রমণে বিভ্রান্তি ও বিশৃঙ্খলার উদ্ভব হয়। তখন গুপ্ত সাম্রাজ্য খণ্ড খণ্ড হইয়া কয়েকটি ক্ষুদ্র রাজ্যে পরিণত হইয়াছে। ৬০৫ খৃষ্টাব্দে রাজা হর্ষের অভ্যুদয়ে সাময়িক বিরতি বা শান্তি প্রতিষ্ঠিত হয়। তাঁহার মূল রাজ্য ছিল গাঙ্গেয় উপত্যকার মুখে উত্তর-পশ্চিম অঞ্চলে। ইনি ৩৬ বৎসরের অক্লান্ত পরিশ্রমে সমগ্র উত্তর ভারত ঐক্যবদ্ধ করিয়া একটি সাম্রাজ্য স্থাপন করেন। তাহার পর তিনি সাম্রাজ্যে শান্তি সংস্থাপনের জন্য আত্মনিয়োগ করিয়াছিলেন। ইনি সম্রাট অশোক এবং মহামতি কণিষ্কের দৃষ্টান্ত অনুসরণ করিয়া বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকরূপে গাঙ্গেয় অঞ্চলে বহু স্তূপ, সঙ্ঘারাম ও বিহার নির্মাণ করেন। প্রচলিত বৌদ্ধনীতির শিক্ষা-ব্যবস্থা চলমান রাখার উদ্দেশ্যে তিনি নালন্দা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করিলেন। ৬৩০-৬৪৪ খৃষ্টাব্দে চৈনিক পরিব্রাজক হু-এন-সাঙ্ ভারতভ্রমণে আসিয়া মহারাজ হর্ষের সহিত সাক্ষাৎ করেন এবং মহারাজের বৌদ্ধধর্মের প্রতি অনুরাগ দেখিয়া ভূয়সী প্রশংসা করেন। মহারাজ হর্ষ সর্বপ্রকার ধর্মমতের প্রতিই শ্রদ্ধাশীল ছিলেন, ধর্মমত বিষয়ে তিনি কখনই অসহিষ্ণুতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদর্শন করেন নাই। তবে হিন্দুধর্মের প্রতিই তাঁহার পক্ষপাতিত্ব ছিল বেশী।

এই সময় হিন্দুধর্মের নবজাগরণ। হিন্দুরা বৌদ্ধদের সম্বন্ধে বড় অসহিষ্ণু হইয়া উঠিল। পৌরাণিক হিন্দুধর্ম বা নব হিন্দু-বাদের উদ্ভবে জাতিভেদপ্রথা কঠোরভাবে প্রবর্তিত হইল। ইহার ফলে বৌদ্ধধর্মের আরও অবনতি ঘটিল। ৬৭১-৬৯৫ খৃষ্টাব্দে ই সিঙ্ নামে একজন চীনদেশীয় পরিব্রাজক যখন ভারতে আসিয়াছিলেন তখন তিনি পরম দুঃখের সঙ্গেই লক্ষ্য করিয়াছিলেন যে, বৌদ্ধধর্ম ভারতবর্ষে অন্তিমদশায় উপনীত। এই মুমূর্ষু ধর্ম শেষবারের মত একবার জ্বলিয়া উঠিয়াছিল খৃষ্টীয় দশম শতাব্দীতে পালরাজাদের আমলে। তাঁহারা নিজেরা দুইটি বৌদ্ধ বিদ্যামহাপীঠ নির্মাণ করিয়াছিলেন এবং নালন্দা বিশ্ববিদ্যালয়কেও সাহায্য করিতেন। ধর্মপ্রচারের উৎসাহও এই যুগে নূতন করিয়া জাগিয়াছিল। বিশ্ববিদ্যালয়ে শিক্ষাপ্রাপ্ত ভিক্ষুরা দক্ষিণ-পূর্ব এশিয়ায় সাগ্রহে মহাযান বৌদ্ধধর্ম প্রচার করিয়াছিলেন। মালয় দ্বীপপুঞ্জের শৈলেন্দ্র রাজ্যের সহিত নালন্দার ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হইয়াছিল। পাল সাম্রাজ্যের ভিক্ষুগণ তিব্বতে গিয়া বৌদ্ধধর্মের সংস্কার সাধন করিয়াছিলেন। শীঘ্রই আবার বৌদ্ধধর্মের পতন আরম্ভ হইল এবং এক হাজার খৃষ্টাব্দের কাছাকাছি সময়ে আক্রমণকারী মুসলমান বিজয়ীরা ভারতবর্ষের বৌদ্ধধর্মে চরম আঘাত হানিয়াছিলেন।

থেরবাদ ও মহাযান

বৌদ্ধধর্মে থেরবাদ ও মহাযানবাদের মৌলিক পার্থক্য সম্বন্ধে ভাল করিয়া বুঝিবার চেষ্টা করা যাইতে পারে এবং এই উভয় মতবাদের সম্পর্কও নির্ণয় করিতে হইবে। 'হীনযান'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দের ব্যুৎপত্তিগত অর্থ 'নিম্নশ্রেণীর বাহন'। থেরবাদ—বৌদ্ধধর্মের ইহা অপবাদজ্ঞাপক নাম। কিন্তু মহাযানী বৌদ্ধেরা এই নামটি ব্যবহার করিতেন না। তাঁহারা থেরবাদকে মিথ্যা ও অসত্য বলেন নাই। তাঁহারা এই মতবাদকে সঙ্কীর্ণ ও অসম্পূর্ণ বলিয়া মনে করেন। অপরপক্ষে, থেরবাদীরা মহাযানীদের সম্বন্ধে ধারণা করেন যে, তাঁহারা অতিরিক্ত মাত্রায় কল্পনাপ্রবণ এবং তাঁহারা বুদ্ধের প্রকৃত বচন হইতে দূরে সরিয়া গিয়াছেন। 'মহাযান' শব্দের অর্থ 'উচ্চশ্রেণীর বাহন', সমুন্নত উপায়। সম্ভবতঃ 'মহাসাঙ্ঘিক' শব্দের প্রভাবেই শব্দটির সৃষ্টি। কিন্তু মহাযানীরা কখনই তাঁহাদের ধর্মমতকে উচ্চস্তরের বলিয়া প্রচার করেন নাই এবং অপরপক্ষের ধর্মমতকে নিম্নস্তরের বলিয়া বর্জন করেন নাই। স্থবিরবাদ অর্থাৎ জ্ঞানবৃদ্ধদের মতবাদের নাম থেরবাদ। এই নামকরণটি শ্রদ্ধাজ্ঞাপক।

এই উভয় মতবাদের মূলনীতিতে ঐক্য আছে। চারিটি আর্য সত্য, অষ্টাঙ্গিক মার্গ, কর্মবাদ, অনাত্মবাদ, সাধনার ক্রমোন্নতির স্তরপরম্পরা প্রভৃতি মূল বিষয়গুলি উভয় মতবাদেই স্বীকৃত। এইজন্যই বিস্ময়ের কারণ নাই যে, চৈনিক পরিব্রাজকেরা মহাযানী বৌদ্ধসঙ্ঘে ও বিশ্ববিদ্যালয়ে উভয় মতবাদের শিক্ষার্থীকেই পাশাপাশি বিদ্যাভ্যাস করিতে দেখিয়াছেন।

এই দুইটি বৌদ্ধসম্প্রদায়ের মতবাদে দুইটি প্রধান পার্থক্য আছে। প্রথমতঃ, বুদ্ধের বচন সম্বন্ধে উভয় দলের দৃষ্টিভঙ্গি; দ্বিতীয়তঃ, বুদ্ধ সম্বন্ধে ধারণা। থেরবাদীরা মনে করেন যে, বুদ্ধদেবের উপদেশবাণী সম্পূর্ণ ও সর্বব্যাপক, উহা লইয়া কল্পনার অবকাশ নাই। বুদ্ধ-নির্ধারিত ধর্মসূত্রদ্বারা তাঁহারা নিজেদের আবদ্ধ মনে করেন। তাঁহারাই প্রথম মহাসঙ্গীতির পর বৌদ্ধ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্মের অভিভাবকত্ব পাইয়াছেন। মহাযানীরা কিন্তু কল্পনা-প্রবণ এবং অধ্যাত্মবাদী। তাঁহারা মনে করেন যে, নিয়ম-সূত্রগুলি শুধু ভবিষ্যতে উন্নত প্রণালী উদ্ভাবনের ভিত্তিস্থাপন করিয়াছে। থেরবাদীদের মতে বুদ্ধদেবের দেহ সাধারণ মানুষের দেহ মাত্র। তাঁহাদের পরমগুরু বুদ্ধদেবের প্রতি অকৃত্রিম শ্রদ্ধাবিশ্বাস থাকা সত্ত্বেও তাঁহারা বুদ্ধদেবকে মানুষ, তবে মহামানব বলিয়া মনে করেন। অপরপক্ষে, মহাযানীদের কাছে বুদ্ধদেব অলৌকিক অপার্থিব দেবতা, সাধারণ মনুষ্যদেহের মত তাঁহার দেহে রক্তমাংস বা জরামরণ নাই।

মহাযানীদের বুদ্ধদেব সম্বন্ধে এইরূপ ধারণার ফলে দুইটি বিশিষ্ট বিশ্বাসের ভিত্তি রচিত হইয়াছে। প্রথমতঃ, তাঁহাদের বিশ্বাস যে, আধ্যাত্মিক উন্নতির স্তরগুলিতে আরোহণ করিবার নিমিত্ত বুদ্ধদেবের প্রতি অবিচলিত বিশ্বাসই যথেষ্ট। দ্বিতীয়তঃ, সকলেই বোধিসত্ত্ব বা ভবিষ্যৎ বুদ্ধ হইবার জন্য সাধনা করিবার অধিকারী।

মহাযান-মতবাদরূপে বৌদ্ধধর্ম কণিষ্কের সময় উত্তর ভারতে প্রস্ফুটিত হইয়া উঠে। সিংহল ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রতিষ্ঠিত থেরবাদের মধ্যেও উহার প্রভাব পড়িয়াছিল। এমন কি, সিংহলেও থেরবাদ ও মহাযানবাদের প্রতিযোগিতা চলে। প্রত্যক্ষভাবে ভারতবর্ষ হইতে এবং পরোক্ষভাবে চীন হইতে মহাযান-মতবাদের প্রভাব ব্রহ্মদেশ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার জনপদে বিস্তার লাভ করে। কিন্তু এই সমস্ত দেশে থেরবাদের সহিত মহাযানবাদের কোন সংঘর্ষ হয় নাই। কারণ থেরবাদী দল সেখানে খুব প্রবল ছিল না এবং সেই দেশের জনসাধারণ উভয় মতবাদকেই মহান্ বৌদ্ধধর্মরূপে সমন্বিত করিয়া গ্রহণ করিয়াছিল। যাহা হউক, থেরবাদের সর্বশেষ বিজয় সম্পাদিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় পঞ্চম শতাব্দীতে বুদ্ধঘোষের আবির্ভাবে। ইনি নিঃসন্দেহে থেরবাদী-নীতির সর্বশ্রেষ্ঠ ব্যাখ্যাতা ছিলেন।

বুদ্ধঘোষ

ব্রহ্মদেশবাসীদের মধ্যে শতাব্দী-প্রাচীন প্রবাদ আছে যে, বুদ্ধঘোষ দক্ষিণ-ব্রহ্মে জন্মগ্রহণ করেন। তাই তিনি জন্মসূত্রে বর্মী। কিছুদিন পূর্বেও পাশ্চাত্ত্য পণ্ডিতেরা এই প্রবাদটিকে অবিশ্বাস ও উপহাস করিয়া উড়াইয়া দিয়াছেন। কিন্তু ইলিয়ট তাঁহার সুবিখ্যাত 'হিন্দুধর্ম ও বৌদ্ধধর্ম' নামক গ্রন্থে প্রবাদটিকে সহানুভূতির সহিত সমর্থন করার পর অনেক বিজ্ঞ ব্যক্তির ধারণা হইয়াছে যে, প্রবাদটিকে একেবারেই হাস্যকর ও অসম্ভব বলিয়া উড়াইয়া দেওয়া যায় না। যাহা হউক, তাঁহার জন্মস্থান দক্ষিণ-ব্রহ্মই হউক অথবা বুদ্ধগয়াই হউক, ইনি দক্ষিণ ভারতে সিংহলী ভিক্ষুদের মঠেই সুদীর্ঘকাল অধ্যয়ন করিয়াছিলেন। সেই মঠের সর্বাধ্যক্ষ ছিলেন মহাস্থবির রেবত। যিনি পরে প্রসিদ্ধ বৌদ্ধভিক্ষু বুদ্ধঘোষ হইয়াছিলেন তিনি তরুণ বয়সে তাঁহার বেদবিদ্যার জন্য অত্যন্ত গর্বিত ও আত্মম্ভরী ছিলেন। কিন্তু তিনি প্রবীণ ভিক্ষু রেবতের সহিত বিতর্কে পরাজিত হইয়া বিস্মিত হইয়া গেলেন। তিনি বৌদ্ধধর্মীয় জ্ঞানলাভের জন্য বৌদ্ধসঙ্ঘে যোগদান করিলেন এবং বৌদ্ধশাস্ত্র ও দর্শন অধ্যয়ন করিতে লাগিলেন। তিনি রেবতের শিষ্যত্ব গ্রহণ করিলেন। কিন্তু তাঁহার অধ্যাপক শিষ্যের মনীষায় বিস্মিত হইয়া তাঁহাকে সিংহলে যাইতে উপদেশ দিলেন। কারণ পালিভাষায় লেখা সমস্ত শাস্ত্রগ্রন্থই ভারতে অপ্রাপ্য হইয়া উঠিয়াছিল। যে পালি-পিটক গ্রন্থগুলি মঠে অধ্যয়ন করা হইত তাহা সিংহল হইতে আনীত হইয়াছিল, কিন্তু মঠে কোন 'অর্থকথা' ছিল না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধঘোষ যথাকালে সিংহলে উপনীত হইলেন। তিনি দেখিয়া খুসী হইলেন যে, পিটক, অর্থকথা এবং অন্যান্য পবিত্র শাস্ত্রগ্রন্থগুলি সমস্তই থেরবাদী বৌদ্ধধর্মের অবিকৃত মূলশাস্ত্র। অবশ্য তিনি দেখিলেন যে, মূল পালিভাষায় লিখিত 'অর্থকথা'গুলি বহু শতাব্দী পূর্বেই নষ্ট হইয়া গিয়াছে, শুধু সিংহলী ভাষায় রূপান্তরিতরূপে পাওয়া যায়। তিনি গ্রন্থগুলি পালিভাষায় পুনর্লিখনের জন্য তথাকার সঙ্ঘের অনুমতি প্রার্থনা করিলেন। কিন্তু তাঁহার পাণ্ডিত্যের অভিমান দেখিয়া সিংহলী ভিক্ষুরা একটু বিরক্ত হইলেন এবং তাঁহার পাণ্ডিত্য পরীক্ষার জন্য মাত্র দুইটি শ্লোক পালিভাষায় ব্যাখ্যা করিতে দেওয়া হইল। ইহার ফলে রচিত হইল 'বিসুদ্ধিমগ্‌গ' (বিশুদ্ধ মার্গ)। গ্রন্থখানি সমস্ত পিটক গ্রন্থের সংক্ষিপ্তসার এবং ইহাতে বুদ্ধদেবের ধর্মতত্ত্ব চিরকালের জন্য দানা বাঁধিয়া রহিয়াছে। বুদ্ধঘোষ অর্থকথাগুলির পালিভাষায় পুনরনুবাদ করেন এবং নিজেও স্বাধীনভাবে বহু টীকা রচনা করেন। তাঁহার গ্রন্থরচনার ফলে থেরবাদ-বৌদ্ধধর্ম দ্বিতীয় বারের মত পুনরুজ্জীবিত হইয়া উঠে এবং সিংহল হয় তাহার প্রধান কেন্দ্র। সিংহল হইতেই থেরবাদ-ধর্ম দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিস্তার লাভ করে। এইভাবে সিংহল হইল থেরবাদ-বৌদ্ধধর্মের পীঠস্থান এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বৌদ্ধধর্মের ধর্মগুরু হইলেন বুদ্ধঘোষ।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় থেরবাদের পুনরভ্যুদয়

এক বা দুই শতাব্দীর পর থেরবাদ-বৌদ্ধধর্ম ব্রহ্মদেশে ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন অঞ্চলে ক্ষীয়মাণ হইয়া আসিল। মগধের পালরাজগণ দক্ষিণ-পূর্ব এশিয়ার থেরবাদের স্থলে মহাযানী বৌদ্ধধর্মেরই পৃষ্ঠপোষকতা করিতে লাগিলেন। ইহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফলে খৃষ্টীয় দশম শতাব্দীর শেষে বৌদ্ধধর্ম তাহার জন্মস্থান ভারতবর্ষ হইতেই তিরোহিত হইয়া গেল। সিংহলেও একাদশ শতাব্দীতে সিংহলীরা যখন দাক্ষিণাত্যের চোল রাজবংশের আক্রমণ হইতে আত্মরক্ষায় চেষ্টিত তখন বৌদ্ধধর্মেরও চরম বিপদ উপস্থিত হইল। বৌদ্ধধর্মের এই চরম দুর্দিনে উর্ধ্ব-ব্রহ্মের পগন-রাজ অনব্রহ্ত (অনুব্রত ?) থেরবাদ-ধর্মের নব রক্ষয়িতারূপে আবির্ভূত হন। ইনি ১০৪৪ খৃষ্টাব্দে পগন-সিংহাসনে আরোহণ করেন এবং পরবর্তী দশ বৎসরের মধ্যেই সমগ্র ব্রহ্মদেশ একীভূত করিয়া ব্রহ্মসাম্রাজ্যের প্রতিষ্ঠা করিলেন। তিনি যখন ১০৪৪ খৃষ্টাব্দে সিংহাসনারোহণ করেন তখন তাঁহার প্রজাবর্গ ভূতপ্রেতের পূজা করিত এবং তাহাদের ধর্মচর্চায় কিছুটা মহাযানী বৌদ্ধধর্মের মিশ্রণ ছিল। ইহাতে অনুব্রতের তৃপ্তি হইল না। ইনি গ্রীকরাজ মিলিন্দের মত সত্যানুসন্ধানী হইয়া উঠিলেন।

একদিন এক শিকারী বনের মধ্যে একজন বৌদ্ধ শ্রমণের সাক্ষাৎ পাইয়া তাঁহাকে রাজার কাছে লইয়া আসিল। ইহা যেন ভিক্ষু মহেন্দ্রের সহিত সিংহলরাজ তিষ্যের সাক্ষাতের পুনরভিনয়। অনুব্রত সন্ত্রস্ত ও অভিভূত হইয়া সন্ন্যাসীর দিকে চাহিয়া রহিলেন। নির্ভীক, প্রশান্ত ও অবিচলিত মূর্তি সন্ন্যাসী মধুর গম্ভীর ভঙ্গিতে দাঁড়াইয়া রহিলেন। রাজা জিজ্ঞাসা করিলেন, "প্রভু, আপনি কে ? আপনি কি দেবতা, না মানব ?" সন্ন্যাসীর নাম সিন্ অরহন্, ইনি দক্ষিণ-ব্রহ্মের মোন্‌বংশীয় 'অর্হৎ'।

রাজা থেরবাদ-বৌদ্ধধর্ম গ্রহণ করিলেন এবং সেই ধর্মকেই প্রজাগণের রাষ্ট্রধর্মরূপে প্রবর্তন করিলেন। তাঁহার রাজধানী পগন থেরবাদ-ধর্মের একটি প্রধান কেন্দ্র হইল এবং অসংখ্য

CC0. In Publjc Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্দির মঠ নির্মিত হওয়ায় বৌদ্ধধর্ম ও শাস্ত্রানুশীলনের অক্ষুণ্ণ ধারা প্রবাহিত হইতে লাগিল।

দক্ষিণ-পূর্ব এশিয়ার অপরাপর অঞ্চলেও রাজা অনুব্রতের প্রভাব অনুভূত হইয়াছিল এবং থেরবাদ-বৌদ্ধধর্মের পুনরভ্যুত্থান ঘটিল। দ্বাদশ শতাব্দীতে সিংহলে যে থেরবাদের নবজাগরণ হইয়াছিল তাহারও মূলে ব্রহ্মের পগন রাজবংশ। বস্তুতঃ, ব্রহ্মদেশ এবং সিংহল থেরবাদের প্রধান পীঠস্থানে পরিণত হইয়াছিল। ত্রয়োদশ শতাব্দীতে থাইল্যাণ্ড বা শ্যামদেশে থেরবাদের ক্রমবিকাশ দৃষ্ট হয়। এইভাবে সিংহল, ব্রহ্মদেশ ও শ্যামদেশ প্রাচীন বৌদ্ধধর্মকে অবিকৃত অবস্থায় আজিও রক্ষা করিয়া আসিতেছে।

১৮৭১ খৃষ্টাব্দে রাজা মিন্দন্ থেরবাদ-বৌদ্ধধর্মের পঞ্চম মহাসঙ্গীতি আহ্বান করেন তাঁহার রাজধানী স্বর্ণনগর মান্দালয়ে। এই সভায় বৌদ্ধশাস্ত্র প্রস্তরফলকে উৎকীর্ণ করার ব্যবস্থা হয়। কালক্রমে ব্রহ্মদেশ ও সিংহলে রাজতন্ত্রের অবসান ঘটে, ইংরাজ-শাসন প্রবর্তিত হয় এবং বৌদ্ধধর্ম প্রচারের সর্বাপেক্ষা বড় সহায়তা যে রাজকীয় পৃষ্ঠপোষকতা তাহা দুর্লভ হইয়া পড়ে। তবে ব্রিটিশ-রাজ ধর্মাচরণ বিষয়ে উদার সহনশীলতার পরিচয় দিয়াছেন বলিয়া নানা কারণে দুর্বল হইলেও বৌদ্ধধর্ম সিংহলে ও ব্রহ্মদেশে একেবারে বিলুপ্ত হইয়া যায় নাই। সিংহলে ও ব্রহ্মে মঠে মন্দিরে বৌদ্ধধর্মশাস্ত্রের অনুশীলন চলিতেছে এবং ঐ সমস্ত দেশের অধিবাসীদের প্রাত্যহিক জীবনযাত্রায় বৌদ্ধধর্মের প্রভাব বিলীন হয় নাই। শ্যামদেশ কোনও দিনই স্বাধীনতা হারায় নাই। তাই ঐ দেশের বৌদ্ধধর্ম রাজার সহায়তা হইতে কখনও বঞ্চিত হয় নাই। এদিকে ব্রহ্ম ও সিংহল স্বাধীনতা ফিরিয়া পাইবার পর বৌদ্ধধর্মের নবজাগৃতির সূচনা করিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধদেবের মহাপরিনির্বাণের আড়াই হাজার বৎসরের স্মৃতি-উদ্‌যাপন উৎসব উপলক্ষে রেঙ্গুন সহরে ষষ্ঠ বৌদ্ধ-মহাসঙ্গীতির অনুষ্ঠান হয়। এই ধর্ম্মমহাসভায় সিংহলী, বর্মী, থাই, কম্বোদীয়, লাওসীয় এবং ইংরাজী ভাষায় রক্ষিত বৌদ্ধশাস্ত্র আলোচিত ও বিবেচিত হইয়াছে। শাস্ত্রগুলির একটি চূড়ান্ত পাঠ সাব্যস্ত করিয়া বিশেষ মুদ্রাযন্ত্রে মুদ্রণব্যবস্থা হইয়াছে। বুদ্ধদেবের মহাপরিনির্বাণকালের সার্ধদ্বিসহস্রবৎসর-অতিক্রান্তি উপলক্ষে দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বত্র এবং ভারতবর্ষে বহু স্মরণোৎসব অনুষ্ঠিত হইয়াছে। এই সমস্ত উৎসবে যেরূপ জাঁকজমক হইয়াছে, যেরূপ ধর্মীয় আবেগ পরিলক্ষিত হইয়াছে, যেরূপ বিদ্যানুশীলনের পরিচয় পাওয়া গিয়াছে তাহাতে মনে হইতেছে যে, দক্ষিণ-পূর্ব এশিয়ায় থেরবাদ-বৌদ্ধধর্মের তৃতীয় মুকুলোদগম প্রত্যক্ষ হইয়া উঠিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীঅমলশঙ্কর সরকার

পরিশিষ্ট 'ক'

সঙ্ঘ-সম্বন্ধীয় তৃতীয় ভাষণ

সীমা

পালিভাষায় 'সীমা' শব্দের অর্থে চিহ্নদ্বারা নির্দিষ্ট করা অঞ্চল। সঙ্ঘের কার্যনির্বাহ করিবার জন্য বুদ্ধদেব দুই প্রকার সীমার পার্থক্য নির্দেশ করিয়াছেন; যথা :—

(১) বদ্ধ সীমা; এবং
(২) অবদ্ধ সীমা

(১) 'বদ্ধ সীমা' দ্বারা এমন একটি নির্দিষ্ট ভূমিখণ্ড বুঝাইবে যাহাকে সঙ্ঘ 'সীমা' নামে চিহ্নিত করিয়া রাখিয়াছে এবং যেখানে সঙ্ঘ সর্বসম্মতিক্রমে সর্বপ্রকার কার্য সম্পাদন করিতে পারিবে। অন্ততঃ একবিংশ সংখ্যক ভিক্ষুর সম্মেলন ও উপবেশনের উপযোগী অঞ্চল জুড়িয়া ইহার প্রসার হওয়া প্রয়োজন, তবে সর্বাধিক তিন যোজনের বেশী বিস্তৃত হইবে না।

বৌদ্ধশাস্ত্রানুসারে এক যোজন অঞ্চলের পরিমাণ সর্বাধিক ১২ মাইল ৬ ফার্লং দূরত্ব অথবা ৯ মাইল ৪৮০ ফুট অথবা কমপক্ষে ১ মাইল ৭২০ ফুট। এমতাবস্থায় সর্বাধিক পরিমাপের কথা না ভাবিয়া যোজনের সর্বন্যূন পরিমাপের সংজ্ঞাটিই গ্রহণ করা যুক্তিযুক্ত।

সীমা নির্দিষ্টীকরণের অর্থ সঙ্ঘের অধিবেশনে সমাগত ভিক্ষুগণের সর্ববাদিসম্মতিক্রমে নির্ধারিত ঘোষণা। কিভাবে এই ঘোষণাটি করা হয়, তাহা পরে বলা হইবে। যখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিক্ষুধর্ম গ্রহণপ্রসঙ্গে অথবা কাহারও 'শ্রামণের' রূপে সঙ্ঘে প্রবেশ উপলক্ষে 'সীমা'র কথা বলা হয়, তখনই বুঝিতে হইবে যে, ইহা 'বদ্ধ সীমা'।

(২) 'অবদ্ধ সীমা' নিরূপণে সঙ্ঘ কর্তৃক বিশেষ অধিবেশনে ঘোষণা করিবার প্রয়োজন হয় না। ইহা স্বপ্রকৃতি-নিরূপিত নির্দিষ্টাঞ্চল। তিন প্রকারের অবদ্ধ সীমা আছে; যথা :—

(ক) গাম সামা (গ্রামসীমা)
(খ) সত্তব্ভন্তর সীমা (সপ্তাভ্যন্তর সীমা)
(গ) উদকুক্খেপ সীমা (উদকোৎক্ষেপ সীমা)

(ক) 'গাম সীমা' নির্দেশিত হয় সরকারী কর্তৃপক্ষদ্বারা। রাজস্ব ও নানাবিধ কর আদায়ের জন্য ইহা কোন মণ্ডলাধিপতির অধীন থাকে। যদি কর্তৃপক্ষ গ্রামের কোন একটি অঞ্চল পৃথক করিয়া কোন বিশেষ ব্যক্তির অধীনে রাখিয়া দেন এবং সেই পৃথগীকৃত অঞ্চল চিহ্নিত করিয়া দেন তাহা হইলে সেই অঞ্চলের নাম বিসুংগাম (বিষমগ্রাম) বা পৃথক গ্রামসীমা।

(খ) 'সত্তব্ভন্তর সীমা' শব্দে সাতটি 'অভ্যন্তর' পরিমাণ স্থানের বিস্তৃতি বোঝায়। ভিক্ষুরা কোন বনাঞ্চলে সঙ্ঘের কোন অধিবেশন করিলে সেই সভাস্থানের বহিঃপ্রান্ত হইতে আরম্ভ করিয়া ৭ 'অভ্যন্তর' পরিমাণ স্থানকে সপ্তাভ্যন্তর সীমা বলে। ইহা কোন গ্রামের অংশ হইবে না। ২৮ হাত বা ১৪ গজ পরিমিত স্থানকে 'অভ্যন্তর' বলা হয়।

(গ) 'উদকুক্খেপ সীমা' দ্বারা সেই পরিমাণ অঞ্চল বুঝায় যতদূর পর্যন্ত হাত দিয়া জল ছিটাইয়া দেওয়া যায়। সমুদ্র, নদী, সরোবর, হ্রদ, খাল প্রভৃতি যে-কোন প্রাকৃতিক জলাশয়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপর সঙ্ঘের অধিবেশন হইলে সভামণ্ডপের প্রান্তসীমায় দাঁড়াইয়া জল ছুঁড়িয়া দিয়া উদকোৎক্ষেপ সীমা নিরূপণ করা হয়। এইপ্রকার সীমাকে 'উদক' সীমাও বলে। উদক সীমায় যদি সঙ্ঘের কোন অধিবেশন হয় তাহা হইলে জলের মধ্যে, অথবা ভেলায়, অথবা নৌকায় অথবা তীরের সঙ্গে সংলগ্ন নয় এমন কোন সলিলগৃহে সভার অনুষ্ঠান হইবে। বলুকাময় সৈকতে অথবা অন্য কোন ভূখণ্ডেও অধিবেশন হইতে পারে যদি সেই অঞ্চলটি গ্রীষ্ম ও শীত কালে শুষ্ক থাকে কিন্তু বর্ষার সময় পুরাপুরি চারি মাস জলমগ্ন থাকে।

'বদ্ধ সীমা'-ঘোষণার কারণ

সঙ্ঘের কোন কার্য সম্পাদনের সময়ে যে নির্দিষ্টীকৃত অঞ্চলে অর্থাৎ 'সীমা'র মধ্যে অধিবেশন অনুষ্ঠিত হইবে সেই অঞ্চলের সমস্ত ভিক্ষুই অনুষ্ঠান পরিচালনায় অংশগ্রহণ করিবেন। ধরা যাউক যে, সঙ্ঘে একটি উপসম্পদা অর্থাৎ নূতন দীক্ষা অনুষ্ঠান হইবে অথবা পাপ স্বীকারোক্তি অনুষ্ঠান (উপোসথ) অথবা 'পবারণা' উৎসব পাঁচ মাইল দীর্ঘ গ্রামসীমায় অনুষ্ঠিত হইবে। তখন এই পাঁচ মাইলের মধ্যে যত ভিক্ষু আছেন, তাঁহাদের সকলকেই সেই অনুষ্ঠানে উপস্থিত হইতে হইবে। যদি সেই অঞ্চলের কোন ভিক্ষু সঙ্ঘের অধিবেশনে উপস্থিত হইতে না পারেন তাহা হইলে প্রতিনিধি মারফতে সঙ্ঘের সিদ্ধান্তে তাঁহার অনুমোদন সংগ্রহ করিতে হইবে। যখন সঙ্ঘের অধিবেশন চলিতে থাকিবে তখন গ্রামসীমার বহির্ভূত অঞ্চলের কোন ভিক্ষুই সেই সীমায় প্রবেশাধিকার পাইবেন না। 'সীমা'র অন্তর্ভুক্ত সমস্ত ভিক্ষু একমত হইয়া কোন প্রতিবাদ ও মতবিরোধ না করিয়া যদি সঙ্ঘের সিদ্ধান্ত গ্রহণ করেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেবল তাহা হইলেই সঙ্ঘের কার্য সুসম্পাদিত হইল বলিয়া গণ্য হইবে।

যদি এই সমস্ত সর্তগুলি পূরণ না হয় এবং সঙ্ঘের অধিবেশনকালে যদি কোন ভিক্ষু অধিবেশন স্থানের বাহিরে আড়াই হাত মাত্র দূরে থাকিয়াও সঙ্ঘের সিদ্ধান্তের অনুকূল না হন তাহা হইলে বুঝিতে হইবে যে, সঙ্ঘে ফাটল ধরিয়াছে এবং সঙ্ঘের কার্য সুসম্পাদিত হইল বলিয়া মনে করা যাইবে না। এই কারণে যে অঞ্চলে ভিক্ষুসংখ্যা খুব বেশী সেই অঞ্চলের গ্রামসীমায় একটিকেও বাদ না দিয়া সকল ভিক্ষু লইয়া সঙ্ঘের অধিবেশন সুসম্পন্ন করা খুবই কঠিন হইয়া পড়ে।

ইহার জন্যই বুদ্ধদেব স্বল্প পরিধির মধ্যে আবদ্ধ করিয়া 'বদ্ধ সীমা' ঘোষণার অনুমতি দিয়াছিলেন যাহাতে ভিক্ষুসঙ্ঘ ছোট একক সংস্থারূপে সর্ববাদিসম্মতিক্রমে কার্য পরিচালনার সুবিধা পায়।

'বদ্ধ সীমা'-ঘোষণার প্রক্রিয়া

গ্রামসীমার অন্তর্ভুক্ত কোন একটি অঞ্চলকে 'বদ্ধ সীমা' বলিয়া ঘোষণা করিতে হইলে সেই গ্রামের সমস্ত ভিক্ষুকেই আমন্ত্রণ জানাইতে হইবে এবং প্রত্যেকেরই উপস্থিতি অবশ্য প্রয়োজন। যদি কেহ উপস্থিত হইতে না পারেন তাহা হইলে সিদ্ধান্ত সম্বন্ধে তাঁহার অনুমোদন সংগ্রহ করিয়া সঙ্ঘের অধিবেশনে উপস্থিত করিতে হইবে। যেখানে পূর্ব হইতেই সীমা নির্দেশ করা আছে সেখানে নূতন করিয়া সীমা ঘোষণা করিতে দেওয়া হয় না। তাই নিরূপিত স্থানে সীমা ঘোষণা করিবার জন্য সর্বপ্রথমই পূর্বের নির্ধারণটি বাতিল করিয়া লইতে হইবে। যদি নিশ্চিতভাবে জানা যায় যে, নির্বাচিত অঞ্চলটি পূর্বে কখনও সীমা বলিয়া ঘোষিত হয় নাই, তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইলে বাতিল করিবার প্রশ্ন উঠে না। সীমা নির্ধারণ করিবার সময় সঙ্ঘে কোন বহিরাগত ভিক্ষু যাহাতে প্রবেশ করিতে না পারেন, সেই উদ্দেশ্যে গ্রামের প্রবেশমুখে প্রহরার ব্যবস্থা করা হয়। চারিটি ভাগে এবং উহার সহিত চারিটি কোণে ঘোষিত সীমা নির্দেশিত করিবার জন্য চৌহদ্দী-নির্দেশক প্রস্তর-স্তম্ভ বা জলচিহ্নের ব্যবস্থা প্রস্তুত রাখিতে হইবে।

প্রাথমিক ব্যবস্থা এইভাবে সম্পন্ন করিয়া একজন যোগ্য ভিক্ষু জিজ্ঞাসা করিবেন, "এখন যে সীমা নির্ধারণ করা হইবে তাহার পূর্ব দিকের চৌহদ্দীচিহ্ন কি হইবে?" অপর একজন ভিক্ষু তদুত্তরে বলিবেন, "ভন্তে, প্রস্তরস্তম্ভ।" অবস্থা অনুসারে 'জল'ও বলা যাইতে পারে। তাহার পর প্রথম ভিক্ষুটি সঙ্ঘের কাছে ঘোষণা করিবেন যে, 'স্তম্ভ' বা 'জল' ঘোষিতব্য সীমার সীমানা-নির্দেশক বলিয়া গণ্য হইল। দক্ষিণ বা দক্ষিণ-পূর্ব সীমানাচিহ্নের বিষয়ও এইভাবে জিজ্ঞাসিত এবং ঘোষিত হইবে। অতঃপর ঘড়ির কাঁটার গতির অনুরূপ দক্ষিণাবর্ত পথে সীমানাচিহ্ন নির্দেশিত হইতে থাকিবে যতক্ষণ পর্যন্ত পূর্ব সীমানাচিহ্নের বিষয় পুনরায় ঘোষিত না হয়। এইভাবে চতুর্দিকের সীমানাচিহ্ন নির্দিষ্টীকৃত হইবে। সর্বশেষে সঙ্ঘের পক্ষ হইতে একজন ভারপ্রাপ্ত ভিক্ষু 'সীমা' স্থির হইল বলিয়া ঘোষণা করিয়া ভিক্ষুসঙ্ঘে নিম্নলিখিত ভাষণ প্রদান করিবেন :—

"মাননীয় ভিক্ষুগণ, সমাগত সঙ্ঘ, আমার বাক্য অবধান করুন। চতুষ্পার্শ্ববর্তী সীমানাচিহ্নগুলি ঘোষণা করা হইল। ইহাকে উপযুক্ত কাল ও সুযোগ মনে করিলে সঙ্ঘ এই চৌহদ্দী-নির্দেশিত অঞ্চলটিকে 'সীমা' নামে ঘোষণা করিতে পারে। এই স্থানেই সঙ্ঘের অধিবেশন, সম্মেলন এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারস্পরিক সমসম্পর্ক স্থাপন হইবে এবং এখানেই সর্বসম্মতি-ক্রমে উপোসথ অনুষ্ঠানে অপরাধের স্বীকারোক্তি ও পাতিমোক্‌খ পাঠ চলিবে। আপনাদের প্রাথমিক অবগতির জন্য এই প্রস্তাব করি।

মহোদয়গণ, সমাগত সঙ্ঘ, আমার বাক্য শ্রবণ করুন। চতুর্দিকের সীমানাচিহ্ন নির্দিষ্ট করা হইয়াছে। চিহ্নিত অঞ্চলটিকে সঙ্ঘ 'সীমা' বলিয়া ঘোষণা করিতেছে। এই স্থানে সঙ্ঘের সম্মেলন, সমসম্পর্ক-স্থাপন, উপোসথ অনুষ্ঠানাদি সর্বসম্মতিক্রমে সঙ্ঘটিত হইবে। যদি এই ঘোষণায় কাহারও আপত্তি থাকে, তিনি এখনই প্রতিবাদ করিতে পারেন। যদি সিদ্ধান্তটি অনুমত হয়, নীরবতা অবলম্বন করুন।

সীমানাচিহ্নদ্বারা নির্দিষ্টীকৃত অঞ্চলটিকে সঙ্ঘ 'সীমা' বলিয়া ঘোষণা করিতেছে। এখানেই সঙ্ঘের অধিবেশনাদি সর্বসম্মত-ভাবে পরিচালিত হইবে। সঙ্ঘ এই সিদ্ধান্তটি গ্রহণ ও অনুমোদন করিতেছে। তাই সকলে নীরব হইয়া আছেন। এই নীরবতাদ্বারা স্পষ্টই বুঝা গেল যে, সকলেই ইহা গ্রহণ ও অনুমোদন করিলেন।"

এইরূপ পদ্ধতিতে ঘোষিত সীমাকে 'বদ্ধ সীমা' বলে। যদি সঙ্ঘের কোন অধিবেশন এই বদ্ধ সীমার মধ্যে অনুষ্ঠিত হয় তাহা হইলে সীমার মধ্যে সমাগত সমস্ত ভিক্ষুর সর্ববাদিসম্মত অনুমোদন আবশ্যক। সীমাবহির্ভূত কোন ভিক্ষু যদি সঙ্ঘের অধিবেশনকালে কাছাকাছি থাকেনও তবু সীমার মধ্যে অনুষ্ঠিত সঙ্ঘের কার্যাবলি বিপর্যস্ত হয় না। বদ্ধ সীমার আয়তন ৪০ হইতে ৬০ ফুট পর্যন্ত, বড় জোর ১০০ ফুট পর্যন্ত বিস্তৃত। তাই ইহার মধ্যে স্বল্পসংখ্যক ভিক্ষুর অধিবেশনে সিদ্ধান্তগুলি সর্ববাদিসম্মতরূপে গ্রহণ করার সুযোগ হয় এবং কার্যনির্বাহের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময় অপর ভিক্ষুদের আগমনও নিবারিত হয়। উপসম্পাদা-অনুষ্ঠানের অর্থাৎ নবীন ভিক্ষুগ্রহণের পদ্ধতি যে শাস্ত্রে বর্ণিত আছে সেখানে ভিক্ষুব্রতগ্রহণেচ্ছু 'শ্রামণের'কে 'সীমা'র মধ্যে আনয়ন করিবার নির্দেশ আছে। ইহাতে সর্ববাদিসম্মত সঙ্ঘাধিবেশনের সুযোগ পাওয়া যায়।

'বিসুংগাম'-প্রাপ্তির পর 'সীমা'-ঘোষণা

পূর্ববর্ণিত প্রণালীতে গ্রামসীমার মধ্যে 'বদ্ধ সীমা' নিরূপণের ঘোষণা করিবার সময় সমগ্র গ্রামের তাবৎ ভিক্ষুকে সমবেত করা এবং বহিরাগত ভিক্ষুদের আগমন নিবারণ করা সহজসাধ্য হয় না। কারণ গ্রামসীমার বৃহৎ অঞ্চলে বহুসংখ্যক ভিক্ষুর আবাস থাকিতে পারে। এই প্রকার অসুবিধা দূরীকরণার্থ প্রয়োজনানুসারে কোন ব্যক্তি যথাযোগ্য কর্তৃপক্ষের কাছে কোন একটি বিশেষ অঞ্চলকে মূল গ্রামসীমা হইতে পৃথক করিয়া 'বিসুংগাম' নামে চিহ্নিত করিবার আবেদন জানাইতে পারে। যদি সরকারী কর্তৃপক্ষ আবেদনটি গ্রাহ্য করিয়া মূল ভূখণ্ড হইতে অঞ্চলবিশেষ পৃথক করিয়া সীমানা নির্ধারিত করিয়া দেন তাহা হইলে সেই নির্দিষ্ট অঞ্চলের নাম হইবে 'বিসুংগাম' (বিষমগ্রাম)। প্রকৃতপক্ষে ইহা হইবে আদি গ্রামসীমা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র একটি গ্রামসীমা। অনেক পণ্ডিত ব্যক্তির ধারণা যে, 'বিসুংগাম' অনুমোদিত একটি স্বতন্ত্র অঞ্চল মাত্র। কিন্তু বিসুংগামের মৌলিক বিশেষত্ব এই যে, সাধারণ গ্রামসীমা যেমন একজন গ্রামপতির শাসনাধীনে ও রাজস্ব গ্রহণাধীনে থাকে, বিসুংগাম সেই আদি গ্রামসীমার শাসন-কর্তৃত্ব হইতে মুক্ত অঞ্চল। ইহা একটি স্বতন্ত্র গ্রামসীমা বলিয়াই গণ্য। কর্তৃপক্ষ প্রথমাবস্থায় যেমন গ্রামসীমা নিরূপিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছিলেন ইহাও সেইরূপ অন্য গ্রামাঞ্চল হইতে স্বতন্ত্র নির্দিষ্টীকৃত পৃথক গ্রামের মর্যাদা পাইবে।

বিসুংগামের অন্তর্গত বদ্ধ সীমা নিরূপণ করিবার অনুষ্ঠানে বিসুংগামের অন্তর্ভুক্ত ভিক্ষুরাই শুধু উপস্থিত থাকিয়া একমত হইয়া কার্য সম্পাদন করিবেন। অঞ্চলটি গ্রামসীমার তুলনায় আয়তনে ক্ষুদ্র বলিয়া ইহাতে 'বদ্ধ সীমা' ঘোষণার সুযোগ বেশী। ইহাতে বিসুংগামের সমস্ত ভিক্ষুই সহজে সমবেত হইয়া একমত হইতে পারেন এবং বহিরাগতের প্রবেশও নিষিদ্ধ করা সহজ-সাধ্য। এইজন্যই বিসুংগাম প্রাপ্তির পর 'বদ্ধ সীমা' ঘোষণা করা হয়। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, সীমা নিরূপণ বা রহিত করিবার জন্য অন্ততঃ চারিজন ভিক্ষুকে উপস্থিত হইতেই হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিশিষ্ট 'খ'

সঙ্ঘ-সম্বন্ধীয় তৃতীয় ভাষণ

গরুধম্ম (গুরু ধর্ম) (ভিক্ষুণীদের প্রতিপাল্য অষ্টনীতি)

১। শতাব্দী পূর্বে উপসম্পন্না হইলেও ভিক্ষুণী সদ্য উপসম্পন্ন ভিক্ষুকে শ্রদ্ধা নিবেদন করিবেন, আসন হইতে উঠিবেন, করজোড়ে প্রণাম করিবেন। এই নিয়মটিকে সম্মান, শ্রদ্ধা, ভক্তি ও সমাদর করিতে হইবে এবং জীবনে কখনও অমান্য করা চলিবে না।

২। ভিক্ষুণী বর্ষাকালে কোন ভিক্ষুহীন আবাসে একাকিনী থাকিবেন না। এই নিয়মটিও সশ্রদ্ধভাবে আজীবন প্রতিপালন করিতে হইবে।

৩। প্রতি অর্ধমাসে ভিক্ষুণী ভিক্ষুসঙ্ঘের নিকট ধর্মানুষ্ঠানের তারিখ সম্বন্ধে এবং উপদেশগ্রহণে আসিবার অনুমতি—এই দুইটি বিষয় মাত্র প্রার্থনা করিবেন। এই নিয়মটিও ভক্তিশ্রদ্ধাসহকারে চিরজীবন পালন করিতে হইবে।

৪। বর্ষাকাল শেষ হইলে বর্ষান্ত উৎসবে ভিক্ষুণী উভয় সঙ্ঘের কাছে কি দেখিয়াছেন, কি শুনিয়াছেন, কি আশঙ্কা করিয়াছেন—এই তিনটি বিষয় ব্যক্ত করিবেন। এই নিয়মও সশ্রদ্ধভাবে আজীবন প্রতিপাল্য।

৫। গুরুধর্মের বিরুদ্ধাচরণ করিলে ভিক্ষুণী এক পক্ষকাল উভয় সঙ্ঘের কাছেই 'মানত্ত' সংযম পালন করিবেন। এই নিয়মও জীবনে কখনও লঙ্ঘন করা যাইবে না।

10—2014B.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। 'শ্রামণেরা' অর্থাৎ ভিক্ষুণীব্রতে শিক্ষানবীশ অবস্থায় ভিক্ষুণী দুই বৎসরকাল ছয়টি নিয়ম-শিক্ষায় শিক্ষিতা হইয়া উভয় সঙ্ঘের কাছেই উপসম্পন্না হইবার প্রার্থনা জানাইবেন। এই নিয়মও শ্রদ্ধেয় এবং সমগ্র জীবনে অলঙ্ঘনীয়।

৭। ভিক্ষুণী কোন অবস্থায়ই কোন ভিক্ষুকে তিরস্কার, ভর্ৎসনা ও কটূক্তি করিবেন না। এই নিয়মও সারাজীবন নিষ্ঠার সহিত পালনীয়।

৮। অদ্য হইতে ভিক্ষুণী কর্তৃক ভিক্ষুকে উপদেশ প্রদান নিষিদ্ধ হইল; কিন্তু ভিক্ষু কর্তৃক ভিক্ষুণীকে উপদেশ দান নিষিদ্ধ হইল না। এই নিয়মও শ্রদ্ধা ও ভক্তির সহিত সাদরে পালনীয়; আজীবন ইহার ব্যতিক্রম করা চলিবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi